# কর্মসংস্থান

দাম : ৪ টাকা

https://karmosangsthan.com

Vol. 33 ■ Issue No. 7 ■ 15th February 2020 ■ Saturday ■ Kolkata ■ R.N.I. 44167/88



কেন্দ্র ও রাজ্য সরকারে চাকরিরত RICE-এর ছাত্রছাত্রীদের ১৪তম সমাবর্তন উৎসবে আমন্ত্রণ।

Date: 16th February, 2020 (Sunday)

Venue : Adamas Knowledge City, Barasat, Kolkata-700126.

সরকারি চাকরিরত RICE-এর ছাত্রছাত্রীদের Online Registration দ্বারা নাম নথিভুক্ত করতে অনুরোধ জানানো হচ্ছে– www.riceindia.org

সমাবর্তন সম্পর্কে জানতে যোগাযোগ করুন– 8479918046 / 8479902084 / 8336951814 (10 am - 5 pm)


এবছরের সিভিল সার্ভিস ও ফরেস্ট সার্ভিস পরীক্ষার মাধ্যমে

## কেন্দ্রীয় সরকারের সেরা পদে কয়েকশো অফিসার

**গ্র্যাজুয়েট ছেলেমেয়ের জন্য**

কেন্দ্রীয় ও রাজ্য সরকারের সেরা সেরা পদে চাকরির জন্য ইউনিয়ন পাব্লিক সার্ভিস কমিশনের '২০২০ সালের সিভিল সার্ভিসেস পরীক্ষা'র মাধ্যমে আর ইন্ডিয়ান ফরেস্ট সার্ভিস পরীক্ষার মাধ্যমে প্রায় এক হাজার জন ছেলেমেয়ে নেওয়া হচ্ছে।

সিভিল সার্ভিস প্রিলিমিনারি পরীক্ষার সঙ্গে একইভাবে ইন্ডিয়ান ফরেস্ট সার্ভিস প্রিলিমিনারি পরীক্ষার জন্য দরখাস্ত নেওয়া হচ্ছে। এই দুই পদের প্রিলিমিনারি পরীক্ষা একই সঙ্গে, একই দিনে হবে।

**সিভিল সার্ভিস** : যে কোনো শাখার পাস বা, অনার্স গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। যাঁরা ডিগ্রি কোর্সের ফাইনাল পরীক্ষা দেবেন, তাঁরাও আবেদনের যোগ্য। কিন্তু 'মেন' পরীক্ষার দরখাস্ত করার সময় পাশের মার্কশীট বা, সার্টিফিকেটের প্রত্যয়িত নকল পাঠাতে হবে। শূন্যপদ : ৮৯৬টি। এর মধ্যে প্রতিবন্ধী ৩৯টি।

চাকরি হবে এইসব ক্যাডারে : (১) ইন্ডিয়ান অ্যাডমিনিস্ট্রেটিভ সার্ভিস, (২) ইন্ডিয়ান ফরেন সার্ভিস,

এরপর ১৬ পাতায়

## ১৫ কেন্দ্রীয় বিদ্যালয়ে শিক্ষক-শিক্ষিকা

**উচ্চমাধ্যমিক, গ্র্যাজুয়েট ও পোস্ট-গ্র্যাজুয়েট**

কেন্দ্রীয় বিদ্যালয়ের বোলপুর, কাঁচরাপাড়া-১, কাঁচরাপাড়া -২, কাঁকিনাড়া, রানাঘাট, কৃষ্ণনগর বি.এস.এফ., ইছাপুর নং ১, ইছাপুর-নং-২, ব্যান্ডেল, তারকেশ্বর, ব্যারাকপুর, হাওড়া বামনগাছি ও এন.এইচ.পি.সি.-রাম্মি শাখা ২০২০-'২১ সেশনের জন্য 'পোস্ট-গ্র্যাজুয়েট টিচার', 'ট্রেন্ড গ্র্যাজুয়েট টিচার', 'প্রাইমারি টিচার' ও 'কম্পিউটার ইন্সট্রাক্টর', ডান্স, যোগা, নার্স, কাউন্সেলর-সহ অন্যান্য বিষয়ের শিক্ষক-শিক্ষিকা নিচ্ছে। চাকরি হবে চুক্তিতে। ট্রেন্ড গ্র্যাজুয়েট টিচার ও পোস্ট-গ্র্যাজুয়েট টিচার পদের বেলায় বয়স হতে হবে ৩৫ বছরের মধ্যে। প্রাইমারি টিচার পদের বেলায় ৩০ বছরের মধ্যে। অন্যান্য টিচার পদের বেলায় ৬০ বছরের মধ্যে। কোন শাখায়

এরপর ৪ পাতায়

## ইসরোতে ১৮২ টেকনিশিয়ান

কেন্দ্রীয় সরকারের মহাকাশ দফতরের অধীন ইন্ডিয়ান স্পেস রিসার্চ অর্গানাইজেশনের ইউ. আর. রাও স্যাটেলাইট সেন্টার 'টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট', 'টেকনিশিয়ান-বি', 'লাইব্রেরি অ্যাটেন্ড্যান্ট' ও 'ড্রাফটসম্যান -বি' পদে ১৮২ জন লোক নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য :

**টেকনিশিয়ান -বি ক্যাটেগরিতে নেওয়া হবে এইসব ট্রেডে :**

**ইলেক্ট্রনিক্স মেকানিক/টেকনিশিয়ান পাওয়ার ইলেক্ট্রনিক সিস্টেম / মেকানিক কনজিউমার ইলেক্ট্রনিক অ্যাপ্লায়েন্স/ মেকানিক ইন্ডাস্ট্রিয়াল ইলেক্ট্রনিক্স** : মাধ্যমিক পাশরা আই.টি.আই. /এন.টি.সি. / ন্যাক থেকে ইলেক্ট্রনিক মেকানিক, টেকনিশিয়ান পাওয়ার

এরপর ২ পাতায়

মেদিনীপুর জেলায়

## ৪০ ক্লার্ক, শিক্ষক

পূর্ব মেদিনীপুর জেলা শাসকের অফিস 'ভলান্টিয়ার টিচার' ও 'ভলান্টিয়ার ক্লার্ক-কাম রেকর্ডকীপার' পদে ৪০ জন লোক নিচ্ছে। মোট অন্তত ৫০%

এরপর ৯ পাতায়

## বি.এস.এফ'এ ৩১৭ হেড কনস্টেবল

কেন্দ্রীয় সরকারের স্বরাষ্ট্র মন্ত্রকের অধীন ডিরেক্টরেট জেনারেল বর্ডার সিকিউরিটি ফোর্স 'হেড কনস্টেবল (মাস্টার)', 'সাব-ইন্সপেক্টর (মাস্টার)', 'হেড কনস্টেবল (ইঞ্জিন ড্রাইভার)', 'হেড কনস্টেবল (ওয়ার্কশপ)', 'সাব-ইন্সপেক্টর (ইঞ্জিন ড্রাইভার)' ও 'কনস্টেবল (ক্রু)' পদে ৩১৭ জন লোক নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য :

**হেড কনস্টেবল (মাস্টার)** : মাধ্যমিক পাশ ছেলেরা সারেঙ্গ ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে আবেদন করতে পারেন। বয়স হতে হবে ২০ থেকে ২৫ বছরের মধ্যে। মূল মাইনে : ২৫,৫০০-৮১,১০০ টাকা। শূন্যপদ : ৫৮টি (জেনাঃ ২০, ই.ডব্লু.এস. ৫ ও.বি.সি. ১৯, তঃজাঃ ৫, তঃউঃজাঃ ৭)।

**হেড কনস্টেবল (ওয়ার্কশপ)**: মাধ্যমিক পাশ ছেলেরা পলিটেকনিক বা আই.টি.আই. থেকে মোটর মেকানিক (ডিজেল /পেট্রোল ইঞ্জিন), মেশিনিস্ট / কার্পেন্টার /ইলেক্ট্রিশিয়ান / এয়ার

এরপর ৪ পাতায়


মিসলেনিয়াস সার্ভিসেস প্রিলি. পরীক্ষার সম্ভাব্য প্রশ্নোত্তর আছে ভেতরের পাতায়


মহেশতলা পুরসভায়

## ২২ স্বাস্থ্যকর্মী

মহেশতলা পুরসভা 'অনারারি হেলথ ওয়ার্কার' পদে ২২ জন লোক নিচ্ছে। চাকরি হবে চুক্তিতে। মহেশতলা পুর এলাকার স্থায়ী বসবাসকারী

এরপর ১৪ পাতায়

## দিল্লি হাই কোর্টে ১৩২ অ্যাসিস্ট্যান্ট

দিল্লি হাই কোর্ট 'জুনিয়র জুডিশিয়াল অ্যাসিস্ট্যান্ট' পদে ১৩২ জন ছেলেমেয়ে নিচ্ছে।

যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা ইংরিজিতে কম্পিউটার টাইপিংয়ে মিনিটে অন্তত ৩৫টি শব্দ তোলার গতি থাকলে আবেদনের যোগ্য। বয়স হতে হবে ১-১-২০২০'এর হিসাবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর ও প্রতিবন্ধীরা ১০ বছর বয়সে ছাড় পাবেন। শূন্যপদ : ১৩২টি (জেনাঃ ৩৬, ই.ডব্লু.এস. ২১, তঃজাঃ ২৬, তঃউঃজাঃ ১৬, ও.বি.সি. ৩৩)। এর মধ্যে প্রতিবন্ধী ৮, প্রাঃসৈঃ ২২।

প্রার্থী বাছাই হবে লিখিত পরীক্ষার মাধ্যমে। এই পরীক্ষায় অবজেক্টিভ টাইপের ১২০ নম্বরের ১২০টি প্রশ্ন হবে এইসব বিষয়ে : জেনারেল ইংলিশ অ্যান্ড কমপ্রিহেনশন - ৬০ নম্বরের ৬০টি প্রশ্ন, জেনারেল নলেজ - ৩০ নম্বরের

এরপর ১৪ পাতায়

## পুরসভায় কয়েক হাজার পদে শিগগিরই নিয়োগ

**নিজস্ব প্রতিনিধি** : রাজ্যের পরিবহণ দফতর, কৃষি দফতর ও পুর নগরোন্নয়ন দফতরে প্রায় কয়েক হাজার শূন্যপদ পূরণের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। ৩ ফেব্রুয়ারি রাজ্যের মন্ত্রিসভার বৈঠকে এই সিদ্ধান্ত নেওয়া হয়। পরিবহণ দফতরে আছে গাড়ির চালক ও কন্ডাক্টর পদ। পুর-নগরোন্নয়ন দফতরে আছে গ্রুপ-ডি, ক্লার্ক, ইঞ্জিনিয়ার, স্যানিটারি ইন্সপেক্টর, বিল্ডিং ইন্সট্রাক্টর, কালেক্টিং সরকার, লাইট সুপারভাইজার, পাইপলাইন ইন্সপেক্টর, পাম্প অপারেটর, ভেটেরিনারি অফিসার-সহ একাধিক পদ। এছাড়াও কৃষি দফতরেও কয়েকশো শূন্যপদ পূরণ করা হবে। পরিবহণ দফতরে ড্রাইভার পদে ৪৮৭টি ও কন্ডাক্টর পদে ৩১৪টি শূন্যপদ পূরণের নির্দেশ দেওয়া হয়েছে। এইসব পদে চাকরি হবে চুক্তিতে। কলকাতা পুরসভা-সহ রাজ্যের প্রায় ৫০টি পুরসভায় কয়েক হাজার শূন্যপদ পূরণ করা হবে। এর মধ্যে কলকাতা পুরসভায় নেওয়া হবে ১,৩০০টি পদে। এছাড়াও রাজ্যের

এরপর ৭ পাতায়

## ডাকবিভাগে ২১৩ গ্রুপ 'ডি'

ভারতীয় ডাকবিভাগের পশ্চিমবঙ্গ পোস্টাল সার্কেল মাল্টি টাস্কিং স্টাফ পদে ২১৩ জন ছেলেমেয়ে নিচ্ছে। পশ্চিমবঙ্গ পোস্টাল সার্কেলের অধীন গ্রামীণ ডাক সেবক হিসাবে যাঁরা ১-১-২০১৯'এর

এরপর ৯ পাতায়

## সরাসরি র‍্যালির মাধ্যমে আর্মিতে কয়েকশো চাকরি

### রাঁচী রিক্রুটিং অফিস

**নিজস্ব প্রতিনিধি** : ভারতীয় স্থলবাহিনীর রাঁচী আর্মি রিক্রুটিং অফিসের ডিরেক্টর রিক্রুটিং অফিসার 'কর্মসংস্থান'কে জানান, ঝাড়খণ্ড রাজ্যের ২৪টি জেলার প্রার্থীদের থেকে বিভিন্ন পদে সরাসরি প্রার্থী বাছাই পরীক্ষার মাধ্যমে কয়েকশো অবিবাহিত ছেলে নেওয়া হচ্ছে।

ওই সব পদের সরাসরি র‍্যালি হবে ৫ এপ্রিল থেকে ১৮ এপ্রিল পর্যন্ত। এই ঠিকানায় : মোরাওবাদি গ্রাউন্ড, রাঁচী (ঝাড়খণ্ড)।

এরপর ১৪ পাতায়

### শিলিগুড়ি রিক্রুটিং অফিস

**নিজস্ব প্রতিনিধি** : ভারতীয় স্থলবাহিনীর শিলিগুড়ি আর্মি রিক্রুটিং অফিসের ডিরেক্টর রিক্রুটিং অফিসার 'কর্মসংস্থান'কে জানান, সিকিম রাজ্য থেকে সরাসরি প্রার্থী বাছাই পরীক্ষার মাধ্যমে কয়েকশো অবিবাহিত ছেলে নেওয়া হচ্ছে। ওই সব পদের সরাসরি র‍্যালি হবে ৭ মে থেকে ১০ মে পর্যন্ত। এই ঠিকানায় : পালজোড় স্টেডিয়াম, গ্যাংটক, সিকিম।

এজন্য প্রথমে অনলাইনে নাম

এরপর ১৪ পাতায়


১৩২ পাতার দাম ১০ টাকা ফেব্রুয়ারি সংখ্যা বেরোল

কর্মসংস্থান গোষ্ঠীর সাফল্য সাধারণ জ্ঞান

পি.এস.সি মিসলেনিয়াস সার্ভিসেস প্রিলিমিনারি পরীক্ষার ৫ সেট সম্ভাব্য প্রশ্নোত্তর

রেলের গ্রুপ 'ডি' পদের পরীক্ষার সম্ভাব্য ৩ সেট প্রশ্নোত্তর

এছাড়াও থাকছে : ভারত ও ভারতীয়দের বিশ্বরেকর্ড ● একনজরে চিন ● খেলতে খেলতে নজির গড়া ● তথ্যের মোড়কে জানা-অজানা ● ক্লাসরুম কোচিং

আপনার হকারকে বলে রাখুন। ঘরে বসেই পাবেন।

যোগাযোগ 9830624170


পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশনের মাধ্যমে

## ৩৫টি পদের লিখিত পরীক্ষা, ইন্টারভিউ ও ফল বেরোবে কবে

**রঞ্জিৎ ঘোষ** : পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশনের ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট অফিসার, ডব্লু.বি.সি.এস., ক্লিনিক্যাল ইন্সট্রাক্টর, ফুডের সাব-ইন্সপেক্টর, আই.সি.ডি.এস. সুপারভাইজার, মিসলেনিয়াস সার্ভিসেস, অডিট অ্যান্ড অ্যাকাউন্টস সার্ভিস, ক্লার্কশিপ, ফায়ার অপারেটর, সাব-ইন্সপেক্টর অফ স্কুল, ফরেস্ট সার্ভিস -সহ প্রায় ৩৫টি পদের লিখিত পরীক্ষা কবে হবে, ইন্টারভিউ কবে থেকে শুরু হবে, প্রিলিমিনারি বা, মেন লিখিত পরীক্ষার ফল কবে বেরোবে কিনা,

এরপর ৭ পাতায়

কর্মসংস্থান
সাপ্তাহিক পত্রিকা
প্রধান কার্যালয়
১২/৩/৪ জামির লেন,
কলকাতা - ৭০০ ০১৯
বালিগঞ্জ বাস টার্মিনাসে
গড়িয়াহাট ম্যালের মুখোমুখি
হেল্প লাইন
✆ : (০৩৩) ২৪৬০ ৬২১১/ ৬২১২/৮২৩৪
ফ্যাক্স নং : ২৪৬০ ৮২৩৩
নয়াদিল্লি কার্যালয়
রুম নং - ১০২ অ্যানেক্স, আই.এন.এস বিল্ডিং, রফি মার্গ
নয়াদিল্লি-১১০ ০০১
ফোন : ০৯৮১৮৬৭৫২৮৩

## স্কুল-কলেজ-শিক্ষা

**Math & Eng সোনারপুর**
WBCS, SSC, ক্লার্ক, Gr-D Rail, ব্যাঙ্ক, প্রাইমারী (Tet), পুলিশ, SI সেকেন্ডে কৌশল - 9836078507
SH

**ফায়ার এন্ড সেফটি**
ডিপ্লোমা ও সার্টিফিকেট কোর্স। Lotus Institute, গোবরডাঙ্গা, 8918859081, 8372808660
R

**SLST + TET**
Geography, Education, History, Bengali, Work Education All TET পড়ানো হয়। দমদম, গড়িয়া। M-8910674192
D

## কর্মখালি

**Airport, মেট্রোতে পার্মানেন্ট জব**
Govt Regd No- 4312 দমদম এয়ারপোর্ট ও মেট্রোতে বিনা ডোনেশনে M/F নিয়োগ চলছে। যোগ্যতা: ৮ম/ স্নাতক। বেতন: 16,900/- 47,300/-. থাকা খাওয়া ফ্রি। M - 8343905045.
SA(A)

**দোহাই, আর ঠকবেন না**

বেকার ছেলেমেয়েরা যাতে না ঠকেন, সেজন্য ট্রেড লাইসেন্স-সহ যাবতীয় তথ্যাদি দেখে নিশ্চিত হয়েই বিজ্ঞাপন নেওয়া হয়। তবু কিছু সংস্থা ক্রেস ও এখনই চাকরি দেওয়ার লোভ দেখিয়ে হাজার-হাজার টাকা নেওয়ার চেষ্টা করছেন বলে অভিযোগ আসছে। লোভে পড়ে টাকা দেবেন না। আর তা সত্ত্বেও টাকা দিলে নিজ দায়িত্বেই দেবেন। তার জন্য আমরা দায়ী নই। বেশি টাকার চাহিদা শুনলেই সংস্থাটি ও ব্যক্তির নাম-ঠিকানা জানিয়ে লিখিত অভিযোগ স্থানীয় থানায় জানাবেন। এছাড়া পাঠাবেন এই ঠিকানায় : সি.আই.ডি. বিভাগ, ভবানী ভবন, আলিপুর, কলকাতা-২৭। কলকাতার সংস্থা হলে এই ঠিকানায় : ডি.সি., ডি.ডি. - ১, লালবাজার, ১৮, লালবাজার স্ট্রিট, কলকাতা-১। নিজ দায়িত্বে টাকা দেওয়ার পর আর ফোনে অভিযোগ জানাবেন না। যাবতীয় যোগাযোগ করতে পারেন টাকা দেওয়ার আগে।

— সম্পাদক, কর্মসংস্থান।

## স্কুল-কলেজ-শিক্ষা

**Math, G.I, GK বেলঘরিয়া**
PSC (ক্লার্ক), রেল (Gr.D/SM), ব্যাঙ্ক (ক্লার্ক/PO), WBCS, CGL, 700PM. চন্দ্র স্যার-9903500682
R

TET, WBCS, WBSSC, স্কুল সার্ভিস, রেল, পুলিশ, PSC, SSC. মাসে 600/-. শিয়ালদহ, কৃষ্ণনগর, রাণাঘাট, বড় জাগুলি, কাচরাপাড়া, শ্যামনগর। P.H - 7584006555.
LG

**Tarun Da, Barasat**
MATH, GI & G.K of All Competitive Exam, & WBCS. M-9830989770.
SH(S)

GNM BSC- নার্সিং, D.El. Ed B.Ed, M.Ed, B.P.Ed M.P.Ed LLB, ENGG, Ph.D, ফার্মেসী এছাড়া যেকোনো কোর্স ডিস্টেন্স/ রেগুলারে হয়। BIHM- বোলপুর- 7001731491/9474833208
UM

**SI Classes**
WBCS & Combined কোর্সে নতুন সেশনে ভর্তি চলছে। www.siclasses.com Call- 9830345378/379 (10-8 pm)
MS

**2021-এ WBCS তোমার**
Mains এ Math GIতে 90%, GS এ 65% পাবেই। মাসিক ফিসে Gr. A অফিসারের গাইডেন্সে শনি, রবি ক্লাস। নিউটাউন চিনারপার্কে নতুন ব্যাচে ভর্তি চলছে। ফ্রি ডেমো। 8648872273, 8230999078.
SH(S)

## কর্মখালি

**দমদম Airport ও মেট্রো সরকারি কন্ট্রাক্টরের অধীনে**
7 দিনে স্পট জয়েনিং। সম্পূর্ণ বিনা ডোনেশনে বিভিন্ন অফিশিয়াল পদে 242 জন M/F নিয়োগ চলছে। যোগ্যতা-৮ম/ স্নাতক। বেতন- 16,900/- 47,300/-. থাকা খাওয়া ফ্রি। M - 9732038226.
SA(A)

**এয়ারপোর্ট ও মেট্রো**
Govt. RL No-2583 উঃবঙ্গ সহ পঃবঙ্গের বিভিন্ন জেলায় Airport মেট্রো ও ব্যাংকে M/F নিয়োগ চলছে। যোগ্যতা-৮ম- স্নাতক। বেতন- 17,900/- 48,300/-. থাকা খাওয়া ফ্রি। M-9609761648.
SA(A)

**গ্রুপ D পদে ফর্ম ফিলাপ চলছে**
গভঃ স্বীকৃত কন্ট্রাক্টরের অধীনে Airport মেট্রো ও ব্যাংকে M/F নিয়োগ চলছে। যোগ্যতা: ৮ম- স্নাতক। বেতন: 18,300/- 47,900. অন্যান্য সুবিধা। Ex আর্মির ছাড়। M - 9647778931.
SA (A)

All disputes regarding sales and advertisement of all publications of Sangsthaan Prakashan Pvt. Ltd. are subject to Kolkata Jurisdiction only.

## স্কুল-কলেজ-শিক্ষা

**CIMST**
**প্যারামেডিক্যাল কোর্সেস**
Approved by BSS, Govt. of India, DMLT (প্যাথো), অপ্টোমেট্রি, ফিজিওথেরাপী, ECG, Dialysis, X-Ray, Dental, OT. অ্যালোপ্যাথি (CMS & ED), আয়ুর্বেদ (DAMS), হোমিও (DHMS) কোর্সে ভর্তি। যোগ্যতা: MP/HS. Campus: 126B, Raja Rammohan Sarani, Kol-9, (শিয়ালদা পূরবী সিনেমার নিকট) Mobile No- 9331062421.www.cimst.org.in
D

**SLST + TET**
নতুন নিয়ম অনুসারে এডুকেশন Bio. Sc, বাংলা, ইতিহাস, ভূগোল, TET (প্রাইমারি & vi-xii) Spl. কোচিং। গড়িয়া : 9831274056.
D

MORE THAN 100 RESEARCH SCHOLARS MANY HAVE BEEN AWARDED
ADMISSION NOTICE
**Ph.D.**
- Humanities
- Science
- Engineering
- Management
- Nursing
- Pharmacy
- Law
- Performing Arts (Music/Dance)
- Library Science

VISION INSTITUTE OF PROFESSIONAL STUDIES
Kol : 7603004971 / 7603004973
www.visiongroup.in

**SSC, NET ভূগোল EVS**
TET, ডি শঙ্করের সেরা কোচিং। কোর্স মেটিঃ সোনারপুর, শিয়ালদহ, বেলঘরিয়া, বেলুড়। 9836159037.
SH

## কর্মখালি

**URGENT VACANCY**
**কাজ পাবেন গ্যারান্টি**
**Govt. RL. No. 22468**
উঃবঙ্গ সহ পঃ বঙ্গের সমস্ত জেলায় বিনা ডোনেশনে Airport, Metro- তে কন্ট্রাক্টরের অধীনে ও Bank (DSA)- তে M/F নেওয়া হচ্ছে। যোগ্যতা: নাম সই - স্নাতক। বেতন: (11,200/ - 34,500/-). থাকা খাওয়া ফ্রী। যোগাযোগ M - 9593133655.
SA(A)

**জাহাজে চাকরি**
পঃ বাংলার বিভিন্ন প্রান্তের M/F দের যোগ্যতানুযায়ী বিভিন্ন (POST) এ ও পঃ বাংলা সহ ভারতবর্ষের বিভিন্ন প্রান্তে (POSTING) করানো হচ্ছে। 18-38 Years, MP- স্নাতক। Salary: 21,500/- 53,000/-, থাকা খাওয়া সহ ছুটি, বোনাস, OT, ESI, PF এছাড়া অন্যান্য সুবিধা কোম্পানির। 5 মাস কাজ করার পর 1 মাসের ছুটি বেতন সহ। ইচ্ছুক কর্মপ্রার্থীরা অতি শীঘ্রই যোগাযোগ করুন। (শারীরিক সুস্থ ব্যক্তিরা।) M - 7586022298.
SA(A)

**আর্জেন্ট ভ্যাকান্সি**
জব গ্যারান্টি। স্ট্যাম্প পেপারে লিখিত সহ Airport মেট্রো ও ব্যাংকে M/F নিয়োগ চলছে। যোগ্যতা- ৮ম/ স্নাতক। বেতন: 17,900/--47,300/-. থাকা খাওয়া ফ্রি। M-7319174983
SA(A)

## স্কুল-কলেজ-শিক্ষা

**MAINS-এর প্রস্তুতি**
ICDS, Clerkship, Misc, WBCS. 90%-এর বেশি ছাত্রছাত্রী সফল। বারাসাত-9874611300
R

**SLST + TET**
Life Science, Math পড়ানো হয়। দক্ষিণ বারাসাত। স্যার: 9836630228, 8515872867
D

**The Rising Institute**
Admission Open (2020) Session : M.P & H.S (Arts/ Sc/Com). B.Ed, GNM, LLB, BA, MA, B.SC, M.SC, B.Com, M.Com, BBA, MBA. Kolkata-8697020454.
R

**WBCS-21 Admission**
Regular/Weekend ব্যাচগুলি শুরু হচ্ছে। হাতে ধরে শেখানো হয়। ICE বালিগঞ্জ- 9804412898
R

**নার্সিং ও প্যারামেডিক্যাল**
GNM INC (1,60,000), Anm Lab, OT, Dialoysis, X-Ray (30,000), B pharm and B.Sc (3,50,000). কলকাতা & হাওড়ায় ক্লাস। MNCC - 8336015296
SH

**LAW**
ঘরে বসে LLB, LLM করুন। কেবলমাত্র পরীক্ষা দিন। প্র্যাক্টিসের ব্যবস্থা করে দেওয়া হয়। www.iicmedu.org, IICM- 9475939484, 8145441235
R

# ইসরোতে ১৮২ টেকনিশিয়ান

১ পাতার পর

ইলেক্ট্রনিক সিস্টেম, মেকানিক কনজিউমার ইলেক্ট্রনিক অ্যাপ্লায়েন্স, মেকানিক ইন্ডাস্ট্রিয়াল ইলেক্ট্রনিক্স ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য। শূন্যপদ : ৫০টি (জেনাঃ ২২, ও.বি.সি. ১২, তঃজা : ৮, তঃউঃজাঃ ৩, ই.ডব্লু.এস. ৫)। পোস্ট নং : 001.

**ফিটার** : মাধ্যমিক পাশরা আই.টি.আই. /এন.টি.সি. / ন্যাক থেকে ফিটার ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য। শূন্যপদ : ১৭টি (জেনাঃ ৫, ও.বি.সি. ৫, তঃজা : ৩, তঃউঃজাঃ ১, ই.ডব্লু.এস. ৩)। পোস্ট নং : 002.

**ইলেক্ট্রিক্যাল** : মাধ্যমিক পাশরা আই.টি.আই. /এন.টি.সি. / ন্যাক থেকে ইলেক্ট্রিক্যাল ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য। শূন্যপদ : ১১টি (জেনাঃ ৬, ও.বি.সি. ২, তঃজা : ১, তঃউঃজাঃ ১, ই.ডব্লু.এস. ১)। পোস্ট নং : 003.

**প্লাম্বার** : মাধ্যমিক পাশরা আই.টি.আই. /এন.টি.সি. / ন্যাক থেকে প্লাম্বার ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য। শূন্যপদ : ৫টি (জেনাঃ ২, ও.বি.সি. ১, তঃজা : ১, তঃউঃজাঃ ১)। পোস্ট নং : 004.

**রেফ্রিজারেশন অ্যান্ড এয়ারকন্ডিশনিং** : মাধ্যমিক পাশরা আই.টি.আই. /এন.টি.সি. / ন্যাক থেকে রেফ্রিজারেশন অ্যান্ড এয়ারকন্ডিশনিং ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য। শূন্যপদ : ৮টি (জেনাঃ ৪, ও.বি.সি. ২, তঃজা : ১, তঃউঃজাঃ ১)। পোস্ট নং : 005.

**টার্নার** : মাধ্যমিক পাশরা আই.টি.আই. /এন.টি.সি. / ন্যাক থেকে টার্নার ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য। শূন্যপদ : ৩টি (ও.বি.সি. ২, তঃজাঃ ১)। পোস্ট নং : 006.

**মেশিনিস্ট গ্রাইন্ডার** : মাধ্যমিক পাশরা আই.টি.আই. /এন.টি.সি. / ন্যাক থেকে মেশিনিস্ট (গ্রাইন্ডার) ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য। শূন্যপদ : ৩টি (ও.বি.সি. ২, তঃজা : ১)। পোস্ট নং : 007.

**মোটর ভেহিক্যাল মেকানিক** : মাধ্যমিক পাশরা আই.টি.আই. /এন.টি.সি. / ন্যাক থেকে মোটর ভেহিক্যাল মেকানিক ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য। শূন্যপদ : ১টি (জেনাঃ )। পোস্ট নং : 008.

**ফটোগ্রাফি / ডিজিটাল ফটোগ্রাফি** : মাধ্যমিক পাশরা আই.টি.আই. /এন.টি.সি. / ন্যাক থেকে ফটোগ্রাফি বা, ডিজিটাল ফটোগ্রাফি ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য। শূন্যপদ : ১টি (জেনাঃ)। পোস্ট নং : 009.

**মেশিনিস্ট** : মাধ্যমিক পাশরা আই.টি.আই. /এন.টি.সি. / ন্যাক থেকে মেশিনিস্ট ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য। শূন্যপদ : ১টি (জেনাঃ)। পোস্ট নং : 010.

**ইলেক্ট্রোপ্লেটিং** : মাধ্যমিক পাশরা আই.টি.আই. /এন.টি.সি. / ন্যাক থেকে ইলেক্ট্রপ্লেটিং ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য। শূন্যপদ : ১টি (জেনাঃ)। পোস্ট নং : 011.

**ওয়েল্ডার** : মাধ্যমিক পাশরা আই.টি.আই. /এন.টি.সি. / ন্যাক থেকে ওয়েল্ডার ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য। শূন্যপদ : ১টি (জেনাঃ)। পোস্ট নং : 012.

**ড্রাফটসম্যান -বি ক্যাটেগরিতে নেওয়া হবে এই ট্রেডে :**

**ড্রাফটসম্যান -মেকানিক্যাল** : মাধ্যমিক পাশরা আই.টি.আই. /এন.টি.সি. / ন্যাক থেকে ড্রাফটসম্যান মেকানিক্যাল ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য। শূন্যপদ : ৩টি (জেনাঃ ১, ও.বি.সি. ১, ই.ডব্লু.এস. ১)। পোস্ট নং : 013.

**টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট পদে নেওয়া হবে এইসব ট্রেডে :**

**টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট (মেকানিক্যাল)** : মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের প্রথম শ্রেণির ডিপ্লোমা কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ : ১৩টি (জেনাঃ ৫, ও.বি.সি. ৩, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, ই.ডব্লু.এস. ১)। পোস্ট নং : 014.

**টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট (ইলেক্ট্রনিক্স)** : ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ের প্রথম শ্রেণির ডিপ্লোমা কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ : ১৭টি (জেনাঃ ৭, ও.বি.সি. ৩, তঃজাঃ ৪, তঃউঃজাঃ ১, ই.ডব্লু.এস. ২)। পোস্ট নং : 015.

**টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট (কম্পিউটার সায়েন্স)** : কম্পিউটার সায়েন্স ইঞ্জিনিয়ারিংয়ের প্রথম শ্রেণির ডিপ্লোমা কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ : ৫টি (জেনাঃ ১, ও.বি.সি. ২, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১)। পোস্ট নং : 016.

**টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট (অটোমোবাইল)** : অটোমোবাইল ইঞ্জিনিয়ারিংয়ের প্রথম শ্রেণির ডিপ্লোমা কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ : ১টি (জেনাঃ)। পোস্ট নং : 017.

**টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট (ইলেক্ট্রিক্যাল)** : ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের প্রথম শ্রেণির ডিপ্লোমা কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ : ২টি (জেনাঃ)। পোস্ট নং : 018.

**টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট (ইন্সট্রুমেন্টেশন)** : ইন্সট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিংয়ের প্রথম শ্রেণির ডিপ্লোমা কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ : ২টি (জেনাঃ ১, ও.বি.সি. ১)। পোস্ট নং : 019.

**টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট (সিভিল)** : সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের প্রথম শ্রেণির ডিপ্লোমা কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ : ১টি (ও.বি.সি.)। পোস্ট নং : 020.

**লাইব্রেরি অ্যাসিস্ট্যান্ট** : যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা লাইব্রেরি সায়েন্স বা, লাইব্রেরি অ্যান্ড ইনফর্মেশন সায়েন্সের প্রথম শ্রেণির মাস্টার ডিগ্রি কোর্স পাশ হলে যোগ্য। শূন্যপদ : ৪টি (জেনাঃ ১, ও.বি.সি. ১, তঃজাঃ ১, ই.ডব্লু.এস. ১)। পোস্ট নং : 021.

**সায়েন্টিফিক অ্যাসিস্ট্যান্ট (কেমিস্ট্রি)** : কেমিস্ট্রি বিষয় নিয়ে প্রথম শ্রেণির ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ : ২টি ( জেনাঃ ১, তঃজাঃ ১)। পোস্ট কোড : 022.

**সায়েন্টিফিক অ্যাসিস্ট্যান্ট (ফিজিক্স)** : ফিজিক্স বিষয় নিয়ে প্রথম শ্রেণির ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ : ৩টি (জেনাঃ ১, ও.বি.সি. ১, তঃজাঃ ১)। পোস্ট কোড : 023.

**সায়েন্টিফিক অ্যাসিস্ট্যান্ট (অ্যানিমেশন অ্যান্ড মাল্টিমিডিয়া)** : অ্যানিমেশন অ্যান্ড মাল্টিমিডিয়া বিষয় নিয়ে প্রথম শ্রেণির ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ : ১টি (ও.বি.সি.)। পোস্ট কোড : 024.

**সায়েন্টিফিক অ্যাসিস্ট্যান্ট (ইলেক্ট্রনিক্স)** : ইলেক্ট্রনিক্স বিষয় নিয়ে প্রথম শ্রেণির ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ : ১টি (জেনাঃ)। পোস্ট কোড : 025.

**ক্যাটেরিং অ্যাটেন্ড্যান্ট-এ** : মাধ্যমিক পাশরা যোগ্য। শূন্যপদ : ৫টি (জেনাঃ ৩, ও.বি.সি. ১, তঃউঃজাঃ ১)। পোস্ট কোড : 027.

**কুক** : মাধ্যমিক পাশরা কোনো হোটেল বা, ক্যান্টিনে কুক হিসাবে অন্তত ৫ বছর কাজের অভিজ্ঞতা থাকলে যোগ্য। শূন্যপদ : ৫টি (জেনাঃ ৪, ই.ডব্লু.এস. ১)। পোস্ট নং : 028.

**ফায়ারম্যান-A** : মাধ্যমিক পাশরা যোগ্য। শারীরিকভাবে সক্ষম হতে হবে ফিজিক্যাল এন্ডিওরেন্স টেস্টে সফল হতে হবে। শূন্যপদ : ৪টি ( জেনাঃ ১, ও.বি.সি. ১, তঃউঃজাঃ ১, ই.ডব্লু.এস. ১)। পোস্ট নং : 029.

ওপরের সব পদের বেলায় বয়স হতে হবে ৫-৩-২০২০'র হিসাবে ১৮ থেকে ৩৫ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর আর প্রাক্তন সমরকর্মী, বিধবা বা, বিবাহ -বিচ্ছিন্না মহিলারা যথারীতি বয়সে ছাড় পাবেন। মূল মাইনে — টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট পদে ৪৪,৯০০ টাকা। টেকনিশিয়ান-বি ও ড্রাফটসম্যান-বি পদে ২১,৭০০ টাকা। বিজ্ঞপ্তি নং : URSC: 01:2020 February 15, 2020.

প্রার্থী বাছাই হবে লিখিত পরীক্ষার মাধ্যমে। লিখিত পরীক্ষায় সফলদের স্কিল টেস্ট হবে। পরীক্ষা হবে বেঙ্গালুরুতে।

দরখাস্ত করবেন অনলাইনে, ৬ মার্চের মধ্যে। এই ওয়েবসাইটে : www.isro.gov.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো, সিগনেচার, কাস্ট সার্টিফিকেট, শিক্ষাগত যোগ্যতার যাবতীয় সার্টিফিকেট স্ক্যান করে নেবেন। এবার ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তখন স্ক্যান করা যাবতীয় তথ্য আপলোড করে সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। তারপর পরীক্ষা ফী বাবদ ২৫০ টাকা ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড, ইন্টারনেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে জমা দেবেন। এছাড়াও এস.বি.আই. চালানেও জমা দিতে পারবেন। তপশিলী, প্রাক্তন সমরকর্মী, মহিলা ও প্রতিবন্ধীদের ফী লাগবে না। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশনের মাধ্যমে

# মিসলেনিয়াস সার্ভিসেস প্রিলিমিনারি পরীক্ষার সম্ভাব্য ১ সেট প্রশ্নের চটপট উত্তর বের করার কৌশল



পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশনের মাধ্যমে ২০১৯ সালের মিসলেনিয়াস সার্ভিসেস প্রিলিমিনারি পরীক্ষা হবে ৮ মার্চ। এই পরীক্ষায় জেনারেল স্টাডিজ ও অ্যারিথমেটিকের ২০০ নম্বরের ১টি পেপার থাকবে। মোট দেড় ঘণ্টার অবজেক্টিভ মাল্টিপল চয়েস টাইপের প্রশ্ন হবে। অ্যারিথমেটিক গ্রুপের মাধ্যমিক মানের ৫০ নম্বরের ২৫টি আর জেনারেল স্টাডিজ পেপারে জেনারেল নলেজের ১৫০ নম্বরের ৭৫টি প্রশ্ন হবে। নেগেটিভ মার্কিং আছে। এই পরীক্ষায় ঠিক যে ধরনের প্রশ্ন আসার সম্ভাবনা তেমনই ১ সেট প্রশ্নের উত্তর নিয়ে বিশ্লেষণ করে দেখালেন চাকরির পরীক্ষার বিশেষজ্ঞ **নুরুল ইসলাম**।

## GENERAL STUDIES

1. 'The Overstory' বইটির লেখক কে?
(A) টনি মরিসন (B) রিচার্ড পাওয়ারস (C) হার্পার লি (D) সলমন রুশদী

2. 'কালা ঘোড়া কলা মহোৎসব' ভারতের কোন শহরে পালিত হয়?
(A) দিল্লি (B) জয়পুর (C) আহমেদাবাদ (D) মুম্বই

3. 'CTBT'-এর পুরো কথাটি কী?
(A) Comprehensive Nuclear Test Ban Treaty (B) Comprehensive Test Banned Territory (C) Component Test Based Treatment (D) Computer Test Based Training

4. পূর্ব বর্ধমান জেলাটি কোন দিনটিতে বর্ধমান জেলা থেকে আলাদা হয়ে নতুন জেলা হিসাবে প্রকাশ পায়?
(A) ১৪ এপ্রিল, ২০১৭ (B) ১৪ ফেব্রুয়ারি, ২০১৭ (C) ৭ এপ্রিল, ২০১৭ (D) ৪ এপ্রিল, ২০১৭

5. বর্তমানে WHO-এর ডিরেক্টর জেনারেল কে?
(A) ডেভিড ম্যালপাস (B) টেড্রস আধানম (C) জেনস স্টলটেনবার্গ (D) ক্রিস্টালিনা জর্জিয়েভা

6. বর্তমানে পশ্চিমবঙ্গে মিউনিসিপ্যাল কর্পোরেশনের সংখ্যা ক'টি?
(A) 7 (b) 6 (c) 22 (d) 125

7. 'কার্তারপুর করিডর' কোন নদীর তীরে অবস্থিত?
(A) বিয়াস (B) শতদ্রু (C) রাভী (D) ঝিলাম

8. নীচের কোনটি অ্যান্ড্রয়েড ফোনের নবীনতম সংস্করণ?
(A) ওরিও (B) নওগাট (C) মার্শম্যালো (D) পাই

9. 'করোনা ভাইরাস' চিনের কোন শহরকে সবথেকে বেশি সংক্রমিত করেছে?
(A) বেজিং (B) সাংহাই (C) উহান (D) চেংড়ু

10. 'The test of my life' বইটি কার লেখা?
(A) মহেন্দ্র সিং ধোনি (B) যুবরাজ সিং (C) বীরেন্দ্র শেহবাগ (D) বিরাট কোহলি

11. মিখাইল মিশুস্তিন কোন দেশের প্রধানমন্ত্রী?
(A) রাশিয়া (B) ইউক্রেন (C) নরওয়ে (D) জার্মানি

12. সম্প্রতি প্রয়াত গিরিশ কারনাড কোন ক্ষেত্রের সঙ্গে যুক্ত ছিলেন?
(A) সঙ্গীত শিল্প (B) চলচ্চিত্র (C) রাজনীতি (D) সাংবাদিকতা

13. 'চন্দ্রযান-II' ২০১৯ সালে কত তারিখে মহাকাশে পাঠানো হয়?
(A) 9 সেপ্টেম্বর (B) 20 আগস্ট (C) 22 জুলাই (D) 15 মে

14. 'ব্যাঙ্কিং রেগুলেশন অ্যাক্ট' কত সালে কার্যকরী হয়?
(A) 1948 (B) 1949 (C) 1969 (D) 1970

15. 'নেওরা ভ্যালি জাতীয় উদ্যান' পশ্চিমবঙ্গের কোন জেলায় অবস্থিত?
(A) দার্জিলিং (B) জলপাইগুড়ি (C) কোচবিহার (D) কালিম্পং

16. Vis a Vis mean –
(A) In according to (B) In relation to (C) In oposition to (D) No more

17. ভারতের দ্বিতীয় বৃহত্তম মেলা গঙ্গাসাগরের মেলা সাগরদ্বীপে কত তারিখ থেকে কত তারিখ পর্যন্ত অনুষ্ঠিত হয়েছে?
(A) ১৪ জানুয়ারি - ১৬ জানুয়ারি (B) ১৩ জানুয়ারি - ১৫ জানুয়ারি (C) ১৬ জানুয়ারি - ১৭ জানুয়ারি (D) ১৭ জানুয়ারি - ১৯ জানুয়ারি

18. 'জাতীয় পর্যটন দিবস' কবে পালিত হয়?
(A) ২২ জানুয়ারি (B) ২৪ জানুয়ারি (C) ২৫ জানুয়ারি (D) ২৭ জানুয়ারি

19. ভারতের প্রথম মন্ত্রিসভার অর্থমন্ত্রী কে ছিলেন?
(A) আর.কে. শন্মুখম চেট্টি (B) জন মাথাই (C) সর্দার (D) পশ্মজা নাইডু

20. 'ডেস্টিনেশন টু ডেথ' ছবিটির স্রষ্টা কে?
(A) পাবলো পিকাসো (B) ভ্যান গগ (C) মাইকেল অ্যাঞ্জেলো (D) লিওনার্দো দা ভিঞ্চি

21. মানবদেহের স্বাভাবিক উষ্ণতা কত?
(A) 98.5°F (B) 98.4°C (C) 98.4°F (D) 98.8°F

22. 'E-mail'-এর আবিষ্কারক কে?
(A) জন নেপিয়ার (B) টিম বার্নার্স-লি (C) রেমন্ড স্যামুয়েল টমলিনসন (D) মার্ক জুকারবার্গ

23. 'ওডোন্টোলজি' কোন বৈজ্ঞানিক বিদ্যা?
(A) দাঁত (B) চর্ম (C) কর্ণাস্থি (D) কোনোটিই নয়

24. প্রতিধ্বনি শোনার জন্য শ্রোতা ও প্রতিফলকের মধ্যে ন্যূনতম দূরত্ব কত হওয়া প্রয়োজন?
(A) 15.5 মিটার (B) 16.6 মিটার (C) 17.5 মিটার (D) 20 মিটার

25. পেম্বা দ্বীপপুঞ্জটি কোন মহাসাগরে অবস্থিত?
(A) সুমেরু মহাসাগর (B) আটলান্টিক মহাসাগর (C) ভারত মহাসাগর (D) প্রশান্ত মহাসাগর

26. ভারতের দীর্ঘতম জাতীয় জলপথ কোনটি?
(A) কাকিনাড়া - পুদুচেরি (B) কোল্লাম - কোট্টাপুরম (C) এলাহাবাদ - হলদিয়া (D) সাদিয়া - ধুবড়ি

27. উত্তর ভারতে শস্যের ক্ষেত্রে 'পশ্চিমী ঝঞ্ঝা'র প্রভাব (effect of Western Disturbances on crops in north India) —
(A) শস্যের ব্যাপক ক্ষতি হয় (B) স্থানীয়ভাবে, ঘূর্ণিঝড়ের সৃষ্টি হয়, যাতে শস্যহানি ঘটে (C) এটি শীতকালীন বৃষ্টি ঘটায়, যা শস্য উৎপাদনের পক্ষে উপযোগী হয় (D) শীতের সময় এর প্রভাবে গাছগুলি উষ্ণ আবহাওয়ায় থাকে

28. বৈদ্যুতিক কোন সরঞ্জামের সঙ্গে সংযুক্ত প্লাগটি হঠাৎ টেনে দিলে আগুনের ফুলকি দেখা যায়। এই ঘটনার সঙ্গে বিদ্যুতের কোন ধর্মটি সংযুক্ত?
(A) Resistance (B) Inductance (C) Capacitance (D) Wattage

29. পরিবেশ উন্নয়ন ও অরণ্য বন্যপ্রাণী সংরক্ষণের বিষয়টি সংবিধানের কত নম্বর অনুচ্ছেদে লিপিবদ্ধ রয়েছে?
(A) অনুচ্ছেদ 51A (B) অনুচ্ছেদ 37 (C) অনুচ্ছেদ 44 (D) অনুচ্ছেদ 48A

30. 'সংরক্ষিত অরণ্য' (Reserve Forest) হল সেই অরণ্যগুলি —
(A) যা শিকারের জন্য সংরক্ষিত (B) যা বাণিজ্যিকভাবে ব্যবহার ও পশু চারণের জন্য নিষিদ্ধ (C) স্থানীয়ভাবে ব্যবহারের জন্য সংরক্ষিত (D) ওষুধের গুণাগুণ সংক্রান্ত উদ্ভিদের জন্য সংরক্ষিত

31. গদর পার্টির প্রতিষ্ঠাতা সভাপতি কে ছিলেন?
(A) লালা হরদয়াল (B) ভাই পরমানন্দ (C) সোহন সিং ভাকনা (D) রামচন্দ্র ভরদ্বাজ

32. পেট্রোলিয়ামের মতো দাহ্য পদার্থে অগ্নিকাণ্ডের ক্ষেত্রে কী ধরণের অগ্নি নির্বাপক ব্যবহৃত হয়?
(A) ফোম টাইপ (B) সোডা অ্যাসিড টাইপ (C) পাউডার টাইপ (D) কোনোটিই নয়

33. মৌর্য যুগে 'পাণ্ডব্যক্ষ' কাদের বলা হত?
(A) বণিক (B) কৃষক (C) সেনা আধিকারিক (D) বাণিজ্য বিষয়ক অধিকর্তা

34. মৌর্য প্রশাসনে 'সীতা' কথাটির অর্থ কী?
(A) অকৃষ্য (B) উর্বর জমি (C) সরকারি জমির রাজস্ব (D) হস্তশিল্পীদের প্রধান কর

35. হার্ডিঞ্জ বোমার মামলায় কাকে মৃত্যুদণ্ড দেওয়া হয়?
(A) রাসবিহারী বসু (B) মন্মথনাথ বন্দ্যোপাধ্যায় (C) ভাই বাল মুকুন্দ (D) সোহন সিং ভাকনা

36. মানব শরীরে 'কাইনেটিক এনার্জি' কীসের সমানুপাতিক হয়?
(A) ওজন (weight) (B) গতি (speed) (C) ভর (mass) (D) বেগ (velocity)

37. বিধান পরিষদের (Legislative Council) মেয়াদকাল কত বছরের?
(A) 4 বছর (B) 5 বছর (C) 6 বছর (D) অসীম

38. 'Closed Economy' এমন একটি অর্থনীতি যেখানে—
(A) টাকার জোগান নিয়ন্ত্রণ করা যায় (B) 'Deficit Financing' হতে পারে (C) শুধুমাত্র 'রপ্তানি বাণিজ্য' সম্ভব হতে পারে (D) আমদানি বা, রপ্তানি কোনোটিই ঘটে না

39. কোন সুলতান দুর্ভিক্ষ পীড়িতদের সাহায্যের জন্য 'Famine Code' উদ্ভাবন করেছিলেন?
(A) ফিরোজ তুঘলক (B) মহম্মদ বিন তুঘলক (C) আলা-উদ্-দীন খলজি (D) বলবন

40. প্রথম ভারতীয় খেলোয়াড় হিসাবে মহিলাদের টি-২০ ইন্টারন্যাশানালে ২,০০০ রান সম্পূর্ণ করেছেন কে?
(A) মিতালিরাজ (B) হরমনপ্রীত কৌর (C) স্মৃতি মান্ধানা (D) বেদা কৃষ্ণমূর্তি

41. মোগল আমলে 'সয়ুরখাল' বলতে কী বোঝাত?
(A) করবিহীন জমি (B) অধীন রাজ্য থেকে সংগৃহীত সম্পদ (C) গৃহকর (D) সম্রাটের সম্পদের 1/4 অংশ

42. 'পানা' ও 'মাসাকা' কোন যুগের মুদ্রা?
(A) মৌর্য (B) গুপ্ত (C) কুষাণ (D) বৌদ্ধ

43. গুপ্ত যুগে মূলত কোন দ্রব্যটি আমদানি হত?
(A) চিনা সিল্ক (B) ঘোড়া (C) হাতির দাঁত (D) ওপরের সবক'টিই

44. নীচের কোন অঞ্চলটিতে সবথেকে বেশি কাজুবাদাম উৎপাদিত হয়?
(A) ভারত গাঙ্গেয় সমভূমি (B) কৃষ্ণ-গোদাবরী বদ্বীপ অঞ্চল (C) উত্তর পূর্ব অঞ্চল (D) কেরল ও তামিলনাড়ু

45. ভারত সরকার কোন কৃষিজাত দ্রব্যের 'ন্যূনতম সহায়ক মূল্য' নির্ধারণ করে?
(A) আখ (B) সবুজ সব্জি (C) ওষুধ সংক্রান্ত গাছপালা (D) দুধ

46. গুপ্তযুগের একজন মহিলা শাসক হলেন —
(A) কুমারদেব (B) রাজশ্রী (C) কুবের নাগ (D) প্রভাবতী গুপ্তা

47. অক্ষ শক্তির মাধ্যমে যুদ্ধবন্দী ভারতীয় সৈনিকদের কোন দেশের সঙ্গে চুক্তি অনুসারে আজাদ হিন্দ ফৌজের গঠন করা হয়েছিল?
(A) চিন (B) জার্মানি (C) ইতালি (D) জাপান

48. সবুজ বিপ্লবের সুফল ভারতের একটি ছোট অংশের কাছে পৌঁছেছিল, কারণটি হল —
(A) কায়িক শ্রমের ওপর নির্ভরতা (dependence on labour) (B) সঠিক সংরক্ষণের অসুবিধা (lack of storage facilities) (C) খারাপ ফার্ম ম্যানেজমেন্ট ও অ্যাডমিনিস্ট্রেশন (D) ওপরের সবক'টিই

49. পরিবেশে মরীচিকা কোন কারণে দেখা যায়?
(A) আলোকের অনিয়মিত প্রতিফলন (irregular reflection of light) (B) আলোকের আভ্যন্তরীণ প্রতিফলন (total iternal reflection) (C) আলোকের বিচ্ছুরণ (dispersion of light) (D) আলোকের দ্বিগুণ প্রতিসরণ (Double refraction of light)

50. ভারতের ৪টি উপকূলীয় রাজ্য রয়েছে, কিন্তু শুধুমাত্র গুজরাত উপকূলেই কেন সমুদ্রের জল থেকে লবণ তৈরি হয়ে থাকে?
(A) গান্ধীজী গুজরাতেই প্রথম লবণ আইন ভঙ্গ করেন (B) সমুদ্রের উপকূলে লবণ তৈরির জন্য কম বৃষ্টিপাত ও কম আপেক্ষিক আর্দ্রতা রয়েছে (C) কান্দলা বন্দর থেকে লবণ রপ্তানি সুবিধাজনক (D) গুজরাত উপকূলের কাছে সমুদ্রের জলের লবণাক্ত ভাব সবথেকে বেশি

51. হার্ট যে মেমব্রেন দিয়ে আচ্ছাদিত থাকে, সেটি হল —
(A) এপিডারমিস (B) ডারমিস (C) এপিকার্ডিয়াম (D) পেরিকার্ডিয়াম

52. নীচের কোনটি 'ক্রিপস প্রস্তাব'এর অন্তর্গত ছিল না —
(i) ভারতকে 'ডোমিনিয়ন স্ট্যাটাস দেওয়ার প্রতিশ্রুতি দেওয়া হয়
(ii) সংবিধান তৈরির সংস্থানে ব্রিটিশ ভারতের নির্ধারিত প্রতিনিধিদের নিয়ে গঠন ও দেশীয় রাজ্যগুলির সদস্যদের নিয়োগ
(iii) শুধুমাত্র ভারতীয়দের নিয়ে একটি এক্সিকিউটিভ কাউন্সিল গঠন
(iv) ভারত বিভাগের প্রস্তাব করা হয়
নীচের কোডগুলি থেকে সঠিক উত্তর খুঁজে বের করুন।
(A) i, ii, iii (b) ii, iii, iv (c) i, iii, iv (d) i, ii, iv

54. IMF-এর মুখ্য অর্থনীতিবিদ এখন কে?
(A) কৌশিক বসু (B) রঘুরাম রাজন (C) গীতা গোপিনাথ (D) ড. অরবিন্দ সুব্রমানিয়াম

55. কেশরী সংবাদপত্রটি কে শুরু করেন?
(A) গোপাল কৃষ্ণ গোখলে (B) বালগঙ্গাধর তিলক (C) সর্দার বল্লভভাই প্যাটেল (D) রাজা রামমোহন রায়

56. 'Black Lung' অসুখ কোন শিল্পের সঙ্গে সম্পর্কিত মানুষদের মধ্যে বেশি হয়ে থাকে?
(A) ইলেক্ট্রোপ্লেটিং শিল্প (B) অর্গানিক সলভেন্ট শিল্প (C) পেইন্ট ম্যানুফ্যাকচারিং (D) কয়লা শিল্প

57. 'জুনো' নামের মহাকাশযানটি NASA কোন গ্রহে অভিযানের উদ্দেশ্যে উৎক্ষেপণ করেছিল?
(A) শনি (Saturn) (B) মঙ্গল (Mars) (C) বৃহস্পতি (Jupiter) (D) কোনোটিই নয়

58. 'National Commission for Minorities' কোনবছর প্রতিষ্ঠিত হয়?
(A) 1990 (b) 1992 (c) 1980 (d) 1989

59. মধ্যযুগে ভারতবর্ষে হিন্দু ও ইসলামি সংস্কৃতির সমন্বয়ে সর্বশ্রেষ্ঠ যে ভাষার অবদান তা হল —
(A) আরবি ভাষা (B) তুর্কি ভাষা (C) ফারসি ভাষা (D) উর্দু ভাষা

60. দিল্লির সিংহাসনে আরোহণের আগে আলা-উদ-দ্দীন খলজি কোথা থেকে প্রচুর ধন সম্পত্তি লাভ করেন?
(A) চান্দেরি (B) মাদুরাই (C) গুজরাত (D) দেবগিরি

61. চা চাষের জন্য কী ধরণের মাটি প্রয়োজন?
(A) দোআঁশ মাটি (B) লবণাক্ত মাটি (C) লৌহমিশ্রিত দোআঁশ মাটি (D) পলিমাটি

62. ভারতের কোন রাজ্যকে 'Rice Bowl of India' বলে?
(A) অন্ধ্র প্রদেশ (B) বিহার (C) পশ্চিমবঙ্গ (D) মহারাষ্ট্র

63. 'Indian Council of Agriculture Research' ভারতের কোন শহরে অবস্থিত?
(A) ব্যারাকপুর (B) হায়দরাবাদ (C) কলকাতা (D) নিউদিল্লি

64. ব্রিটেনের কোন প্রাক্তন প্রধানমন্ত্রী 'ভারতবন্ধু' বলে পরিচিত ছিলেন?
(A) র‍্যামসে ম্যাকডোনাল্ড (B) উইনস্টন চার্চিল (C) ক্লেমেন্ট এটলি (D) ডেভিড ল্যায়েড জর্জ

65. ঘটনাক্রম অনুযায়ী সাজান —
i. আগস্ট প্রস্তাব
ii. ক্যাবিনেট মিশন পরিকল্পনা
iii. ক্রিপস মিশন পরিকল্পনা
iv. ওয়েভেল পরিকল্পনা
(A) i, iii, iv, ii (B) iv, ii, i, iii (C) iv, iii, i, ii (D) i, ii, iv, iii

66. 'The Hindu View of Life' বইটির লেখক কে?
(A) অরবিন্দ ঘোষ (B) মৌলানা আবুল কালাম আজাদ (C) ড. সর্বপল্লী রাধাকৃষ্ণাণ (D) জওহরলাল নেহরু

67. নির্দেশাত্মক নীতিসমূহ —
(A) আদালতে গ্রাহ্য (B) আদালতে গ্রাহ্য নয় (C) বিশেষ কয়েকটি আদালতে (D) কোনোটিই নয়

68. 'স্বর্ণ জয়ন্তী গ্রাম স্বরোজগার যোজনা' কত সালে চালু হয়েছিল?
(A) এপ্রিল 1999 (B) এপ্রিল 1997 (C) জুলাই 2001 (D) এপ্রিল 1995

69. 'রাজীব গান্ধী গ্রামীণ বিদ্যুতিকরণ যোজনা' কত সালে চালু হয়েছিল?
(A) 2007 (B) 2004 (C) 2005 (D) 2006

70. সিন্ধু সাগর দোয়াব কোন দু'টি নদীর মধ্যবর্তী স্থানে অবস্থিত?
(A) বিপাশা ও শতদ্রু (B) ইরাবতী ও শতদ্রু (C) ঝিলাম ও সিন্ধু (D) সিন্ধু ও বিপাশা

71. 2019 সালে 'অর্জুন' পুরস্কার প্রাপ্ত অঞ্জুম মৌদগিল কোন খেলার সঙ্গে যুক্ত?
(A) হকি (B) কবাডি (C) বক্সিং (D) শুটিং

72. 'কেইবুল লামজাও জাতীয় উদ্যান' ভারতের কোন রাজ্যে অবস্থিত?
(A) মণিপুর (B) অসম (C) কেরালা (D) ত্রিপুরা

73. 'HTTP' এর পুরো কথা কী?
(A) Hypertext Transfer Programme (B) Hypertext Transfer Protocol (C) Hypertext Telephone Programme (D) Hypertext Trasfer Point

74. 'ইন্টারন্যাশনাল অলিম্পিক কমিটি'তে এখন কে ভারতের হয়ে প্রতিনিধিত্ব করেন?
(A) ফিলিপ ক্রাভেন (B) অভিনব বিন্দ্রা (C) নীতা আম্বানি (D) অঞ্জলি ভগবত

75. 'আল জাজিরা' কোন দেশের সংবাদসংস্থা?
(A) ইরান (B) কাতার (C) আলজেরিয়া (D) সৌদি আরব

76. 7 : 336 : : 9 : ? — ? স্থানে কী হবে?
(A) 738 (B) 720 (C) 729 (D) 707

77. WBCS = 11 হলে, PSC = কত হবে?
(A) 11 (B) 12 (C) 13 (D) 9

78. দেবব্রত, কলকাতা থেকে পটনার উদ্দেশ্যে যাত্রা শুরু করল। দীপ একই সময়ে পটনা থেকে কলকাতার উদ্দেশ্যে যাত্রা শুরু করল। তারা উভয়ের মিলিত হওয়ার স্থান থেকে যথাক্রমে 4 ঘণ্টা ও 9 ঘণ্টা লাগল গন্তব্যে পৌঁছাতে। দেবব্রত ও দীপের গতিবেগের অনুপাত কত?
(A) 2 ; 3 (B) 4 : 3 (C) 3 : 2 (D) 5 : 2

☞ এরপর ৬ পাতায়

## কর্মখালি [redacted]

Job opportunity for freshers B.com graduate & H.S Pass age 18-25. LMSS, Mintopark 7003970191, 9874071909

SH(S)

Vacancy Universal Academy, Sagarpara (CBSE) require teacher of Science, English and Social Science. Send your CV to tamojitcontact@gmail.com within 10 days. Cont- 8637809219, 9733901630

SH (S)

কলকাতায় নতুন অফিসে 102 জন (মাধ্যমিক- স্নাতক, অনূর্ধ্ব-30) M/F জই, আয়: 10,500/- + থাকা ফ্রি। সত্বর যোগাযোগ - 8697565808

SG

### স্থায়ী পদ

পশ্চিমবঙ্গ সরকার স্বীকৃত সংস্থাতে স্বনির্ভর প্রকল্পে 48 জন যুবক/ যুবতী নিয়োগ চলছে। বয়স: 18-30. যোগ্যতা: মাধ্যমিক- স্নাতক, আয়: 5,500/-15,500/- 35,500/-, প্রতিমাসে + প্রমোশন। বায়োডাটা সহ যোগাযোগ:

| | |
|---|---|
| লেকটাউন | 9231966493 |
| দমদম | 8334850487 |
| বেহালা | 8336889469 |
| শিলিগুড়ি | 8910100788 |
| জলপাইগুড়ি | 7085075349 |

SG

### Pvt ব্যাংকে চাকরি

পশ্চিমবঙ্গের সমস্ত জেলায় ব্যাংকের ভিতরে বসে স্থায়ী জব। যোগ্যতা: মাধ্যমিক - স্নাতক। বেতন: 12,000/- 36,200/-. পোষ্ট: Back office, Clark, অ্যাকাউন্ট্যান্ট। এছাড়াও PF, ESI, বোনাস সুবিধা আছে। Mobile - 9593454380

SA


এক জানালায়

বীরভূম, মুর্শিদাবাদ, মালদা, পুরুলিয়া, বাঁকুড়ার জন্য কর্মসংস্থান, সফল ও Appointment & Career News -এর বিজ্ঞাপন গ্রহণ কেন্দ্র

বীরভূম ও মুর্শিদাবাদ

UNIQUE MEDIA CHANNEL
"Uttaran", Vivekananda Pally, (Near Vivekananda High School), Bolpur-Santiniketan, Birbhum, PIN -731204, W.B.
Mob:9051120373 / 9531785874
"MANJURI" KALIBARI MORE ( EAST SIDE), KANDI, MURSHIDABAD PIN - 742137
Mob : 9531785874 / 9051120373
Email : bkrishnapal@gmail.com

পুরুলিয়া ও বাঁকুড়া

Manorama Ad Agency
Manorama Collection, P.N.Ghosh Street, Purulia - 723 101
Mob. : 9434219781/9851559301
Email : manoramaadagency@gmail.com
kunaldutta858@gmail.com

উত্তর কলকাতা

SUPRIYA PUBLICITY
100, Aurobindo Sarani, Room No. E-15 Hatibagan, Kolkata - 700 006
Mob. : 8777258122
9830261403
Email : ashimchowdhury12@gmail.com

দক্ষিণ ২৪ পরগণা

Authenza Media Infotech Pvt. Ltd.
N3 Srinagar Main Road, Kolkata - 700 094
Tel. : 033 2423 0349
8100960001
Email : onlineadbooking1@gmail.com

সংস্থান প্রকাশনের বিজ্ঞাপন গ্রহণ কেন্দ্র খোলার জন্য আবেদন করুন এই ই-মেল অ্যাড্রেসে
appointmentnews@gmail.com
অথবা
যোগাযোগ করুন এই নম্বরে -
9874922004


## কর্মখালি [redacted]

### রিসেপশনিস্ট চাই

কামাল হোসেনের ইনস্টিটিউটে ছাত্র ছাত্রীদের চাকরির পরীক্ষার তথ্য দিতে অবশ্যই সুন্দরী স্মার্ট ও কথায় পটু 25-50 বছরের গ্র্যাজুয়েট মহিলারা Bio data সহ আসুন 15 ফেব্রুয়ারি 3-4 টে। কাজ কেবল শনি ও রবিবার 9.30 থেকে 5.30. রোজ 300 টাকা। কামাল হোসেন কোচিং। কলেজ স্ট্রিট কফি হাউসের পিছনে।

RC

### JOB! JOB! JOB!

স্টার হোটেল ও অন্যান্য সংস্থায় কাজের সুযোগ। বেতন: 8.2K- 15,800/-. ফ্রী থাকা খাওয়া। বহরমপুর - 9748835074. কলকাতা - 9831343039.

SH

### সরাসরি কর্মী নিয়োগ

প্রতিটি জেলায় ATM গার্ড, টাওয়ার Co., নার্সিংহোম, Pvt. Co., শপিংমলে নিয়োগ চলছে। বেতন - 12500/- -18500/-. থাকা খাওয়ার সুবিধা। 8436485750.

SA

### আর্জেন্ট ভ্যাকান্সি

পঃবঃ 27 টি জেলায় লিখিত Agreement এ সই করে নার্সিং হোম ও প্রাইভেট হাসপাতালে বিভিন্ন পদে কর্মী নিয়োগ চলছে। বেতন: 12,700/- -17,500/-. Mobile - 7719152618.

SA

90000/- মাসিক বেতন ইউরোপ, পোল্যান্ডে জব ভিসা দিতে না পারলে ডাবল টাকা ফেরত। 8777244922. এজেন্ট স্বাগত।

SA

### আর্জেন্ট ভ্যাকান্সি

3 Star এবং 5 Star হোটেল ও রিসর্টে বিভিন্ন পদে কর্মী নিয়োগ চলছে। P.F, ESI সহ থাকা খাওয়ার সুবিধা আছে। বেতন: 12792/- 16792/-. M-8609637802.

SA

### স্বাস্থ্যকেন্দ্রে কর্মী নিয়োগ

পঃ বঃ প্রতিটি জেলায় Pvt. স্বাস্থ্যকেন্দ্রে কর্মী নিয়োগ চলছে। বেতন (11600 – 18900)। থাকা- খাওয়ার সুবিধা। M-9830597944

SA

### স্বাস্থ্যকেন্দ্রে কর্মী নিয়োগ

পঃ বঃ প্রতিটি জেলায় Pvt. স্বাস্থ্যকেন্দ্রে কর্মী নিয়োগ চলছে। বেতন (12500 – 18500)। M - 8348727948.

SA

### বিশেষ বিজ্ঞপ্তি


'কর্মসংস্থান' পত্রিকায় প্রকাশিত বিজ্ঞাপনের বিষয়বস্তু ও যথার্থতার যাবতীয় দায়িত্ব বিজ্ঞাপনদাতাদের। কোনো সংস্থার বিজ্ঞাপন, আইনী সমস্যা সৃষ্টি করলে বা, কারো আর্থিক ক্ষতির জন্য দায়ী হলে, তার যাবতীয় দায়-দায়িত্ব পুরোপুরি বিজ্ঞাপনদাতা সংস্থার ওপরই বর্তাবে। 'কর্মসংস্থান' পত্রিকা বা, 'সংস্থান প্রকাশন প্রাইভেট লিমিটেড' তার জন্য কোনোভাবেই দায়ী নয়।

— সম্পাদক, কর্মসংস্থান।


## ১৩ কেন্দ্রীয় বিদ্যালয়ে

১ পাতার পর

কোন কোন বিষয়ে শিক্ষক-শিক্ষিকা নেওয়া হবে :

**ট্রেন্ড গ্র্যাজুয়েট টিচার** : মোট অন্তত ৫০% নম্বর পেয়ে সংশ্লিষ্ট বিষয়ের ডিগ্রি কোর্স পাশরা বি.এড. কোর্স পাশ হলে যোগ্য। সি.বি.এস.ই.'র নেওয়া 'সি-টেট' পরীক্ষায় সফল হয়ে থাকতে হবে। ইংরিজি ও হিন্দি মাধ্যমে স্কুলে পড়ানোর দক্ষতা থাকতে হবে। কম্পিউটার অ্যাপ্লিকেশনে জ্ঞান থাকলে ভালো হয়।

**পোস্ট-গ্র্যাজুয়েট টিচার** : মোট অন্তত ৫০% নম্বর পেয়ে পোস্ট-গ্র্যাজুয়েট কোর্স পাশরা বি.এড. কোর্স পাশ হলে সংশ্লিষ্ট বিষয়ের জন্য যোগ্য। ইংরিজি ও হিন্দি মাধ্যমে শিক্ষকতায় দক্ষতা থাকতে হবে।

**কম্পিউটার ইনস্ট্রাক্টর** : কম্পিউটার সায়েন্স বা, ইনফর্মেশন টেকনোলজির ডিগ্রি (বি.ই. বা, বি.টেক.), কম্পিউটার সায়েন্সের এম.এসসি., এম.সি.এ., বি.সি.এ., বি.এসসি. (কম্পিউটার সায়েন্স) কোর্স পাশরা যোগ্য। যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা (বি.ই. বা, বি.টেক) কম্পিউটারের পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্স পাশ হলেও যোগ্য। কম্পিউটারের পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্স পাশরা যে কোনো বিষয়ের গ্র্যাজুয়েট হলে, কোর্স পাশ হলেও যোগ্য। ডোয়েক থেকে 'বি' লেভেল কোর্স পাশরা যে কোনো বিষয়ের পোস্ট-গ্র্যাজুয়েট পাশ হলে কিংবা ডোয়েক থেকে 'সি' লেভেল কোর্স পাশরা যে কোনো বিষয়ের গ্র্যাজুয়েট হলেও যোগ্য। সব ক্ষেত্রে অন্তত ৫০% নম্বর পেয়ে পাশ থাকতে হবে। ইংরিজি ও হিন্দি মাধ্যমে শিক্ষকতায় দক্ষতা থাকতে হবে।

**প্রাইমারি টিচার (পি.আর.টি.)** : মোট অন্তত ৫০% নম্বর পেয়ে উচ্চমাধ্যমিক পাশরা সি.বি.এস.ই.'র 'সি-টেট' পরীক্ষায় সফল হয়ে থাকলে যোগ্য। ইংরিজি ও হিন্দি মাধ্যমে শিক্ষকতায় দক্ষতা থাকতে হবে। কম্পিউটার অ্যাপ্লিকেশনে জ্ঞান থাকতে হবে।

কোন কোন শাখায় কোন পদে লোক নেওয়া হচ্ছে :

**কেন্দ্রীয় বিদ্যালয়ের বোলপুর শাখায়** নেওয়া হবে : ট্রেন্ড গ্র্যাজুয়েট টিচার, কম্পিউটার ইনস্ট্রাক্টর, প্রাইমারি টিচার ও অন্যান্য টিচার। ট্রেন্ড গ্র্যাজুয়েট টিচার নেওয়া হবে ইংরিজি, হিন্দি, অঙ্ক, বিজ্ঞান, সোশ্যাল সায়েন্স ও সংস্কৃত বিষয়ে।

প্রার্থী বাছাইয়ের জন্য সরাসরি ইন্টারভিউ হবে ১৮ ও ১৯ ফেব্রুয়ারি। তখন সঙ্গে নিয়ে যাবেন যাবতীয় প্রমাণপত্রের মূল ও প্রত্যয়িত জেরক্স কপি আর দরখাস্তের বায়োডাটা। যোগাযোগের ঠিকানা : কেন্দ্রীয় বিদ্যালয় বোলপুর, বৃত্তিসদন, প্রান্তিক, বোলপুর। ওয়েবসাইট : www.bolpur.kvs.ac.in

**কেন্দ্রীয় বিদ্যালয়ের ব্যারাকপুর শাখায়** নেওয়া হবে : ট্রেন্ড গ্র্যাজুয়েট টিচার, পোস্ট-গ্র্যাজুয়েট টিচার, কম্পিউটার ইনস্ট্রাক্টর, প্রাইমারি টিচার, ভোকেশনাল টিচার, আর্ট অ্যান্ড ক্র্যাফট টিচার, নার্স, কাউন্সেলর ও অন্যান্য বিষয়ের টিচার। পোস্ট-গ্র্যাজুয়েট টিচার ও ট্রেন্ড গ্র্যাজুয়েট টিচার নেওয়া হবে সব বিষয়ে।

প্রার্থী বাছাইয়ের জন্য সরাসরি ইন্টারভিউ হবে ১৯ ফেব্রুয়ারি। তখন সঙ্গে নিয়ে যাবেন যাবতীয় প্রমাণপত্রের মূল ও প্রত্যয়িত জেরক্স কপি আর দরখাস্তের বায়োডাটা। যোগাযোগের ঠিকানা : কেন্দ্রীয় বিদ্যালয় ব্যারাকপুর, পলতা এয়ারফোর্স গেট, উত্তর ২৪ পরগনা। ওয়েবসাইট : www.kvbarrackporeairforce.org

**কেন্দ্রীয় বিদ্যালয়ের কাঁচরাপাড়া-১, কাঁচরাপাড়া-২, কাঁকিনাড়া, রানাঘাট, কৃষ্ণনগর বি.এস.এফ., ইছাপুর নং ১, ইছাপুর নং ২, ব্যান্ডেল ও তারকেশ্বর শাখায়** নেওয়া হবে : ট্রেন্ড গ্র্যাজুয়েট টিচার, পোস্ট-গ্র্যাজুয়েট টিচার, কম্পিউটার ইনস্ট্রাক্টর, প্রাইমারি টিচার, ভোকেশনাল টিচার, আর্ট অ্যান্ড ক্র্যাফট টিচার, নার্স, কাউন্সেলর ও অন্যান্য বিষয়ের টিচার। পোস্ট-গ্র্যাজুয়েট টিচার নেওয়া হবে এইসব বিষয়ে : ফিজিক্স, কেমিস্ট্রি, অঙ্ক, বায়ো, ইংরিজি, হিন্দি, ভূগোল, রাষ্ট্রবিজ্ঞান, ইতিহাস, কম্পিউটার সায়েন্স, অর্থনীতি, কমার্স ও সংস্কৃত। ট্রেন্ড গ্র্যাজুয়েট টিচার নেওয়া হবে ইংরিজি, হিন্দি, অঙ্ক, বিজ্ঞান, সোশ্যাল স্টাডিজ, সংস্কৃত।

**কাঁচরাপাড়া-১, কাঁচরাপাড়া-২, কাঁকিনাড়া, রানাঘাট, কৃষ্ণনগর বি.এস.এফ., ইছাপুর নং ১, ইছাপুর নং ২, ব্যান্ডেল ও তারকেশ্বর শাখার ওইসব পদে নিয়োগ করবে কাঁচরাপাড়া-১ কেন্দ্রীয় বিদ্যালয়ের অফিস।**

প্রার্থী বাছাইয়ের জন্য সরাসরি ইন্টারভিউ হবে ১৯ ফেব্রুয়ারি। তখন সঙ্গে নিয়ে যাবেন যাবতীয় প্রমাণপত্রের মূল ও প্রত্যয়িত জেরক্স কপি আর দরখাস্তের বায়োডাটা। যোগাযোগের ঠিকানা : কেন্দ্রীয় বিদ্যালয় কাঁচরাপাড়া-১, কাঁপা, উত্তর ২৪ পরগনা। ওয়েবসাইট : www.no1kanchrapara.kvs.ac.in

**কেন্দ্রীয় বিদ্যালয়ের এন.এইচ.পি.এস., রাম্বি শাখায়** নেওয়া হবে : ট্রেন্ড গ্র্যাজুয়েট টিচার, প্রাইমারি টিচার, ড্যান্স ও মিউজিক ইনস্ট্রাক্টর, গেমস, যোগা, নার্স, কাউন্সেলর ও অন্যান্য বিষয়ের টিচার। ট্রেন্ড গ্র্যাজুয়েট টিচার নেওয়া হবে সব বিষয়ে।

প্রার্থী বাছাইয়ের জন্য সরাসরি ইন্টারভিউ হবে ১৮ ফেব্রুয়ারি। তখন সঙ্গে নিয়ে যাবেন যাবতীয় প্রমাণপত্রের মূল ও প্রত্যয়িত জেরক্স কপি আর দরখাস্তের বায়োডাটা। যোগাযোগের ঠিকানা : কেন্দ্রীয় বিদ্যালয় এন.এইচ.পি.সি., রাম্বি, রিয়াং, দার্জিলিং। ওয়েবসাইট : https://nhpcrambi.kvs.ac.in

**কেন্দ্রীয় বিদ্যালয়ের বামনগাছি শাখায়** নেওয়া হবে : ট্রেন্ড গ্র্যাজুয়েট টিচার, প্রাইমারি টিচার, পোস্ট-গ্র্যাজুয়েট টিচার ও অন্যান্য বিষয়ের টিচার। প্রার্থী বাছাইয়ের জন্য সরাসরি ইন্টারভিউ হবে ১৫ ফেব্রুয়ারি। তখন সঙ্গে নিয়ে যাবেন যাবতীয় প্রমাণপত্রের মূল ও প্রত্যয়িত জেরক্স কপি আর দরখাস্তের বায়োডাটা। যোগাযোগের ঠিকানা : কেন্দ্রীয় বিদ্যালয় বামনগাছি, সালকিয়া, হাওড়া। ওয়েবসাইট : https://bamangachi.kvs.ac.in

**কেন্দ্রীয় বিদ্যালয়ের আই.আই.এম.সি জোকা শাখায়** নেওয়া হবে : ট্রেন্ড গ্র্যাজুয়েট টিচার, প্রাইমারি টিচার, পোস্ট-গ্র্যাজুয়েট টিচার ও অন্যান্য বিষয়ের টিচার।

প্রার্থী বাছাইয়ের জন্য সরাসরি ইন্টারভিউ হবে ১৯ ফেব্রুয়ারি। তখন সঙ্গে নিয়ে যাবেন যাবতীয় প্রমাণপত্রের মূল ও প্রত্যয়িত জেরক্স কপি আর দরখাস্তের বায়োডাটা। যোগাযোগের ঠিকানা : কেন্দ্রীয় বিদ্যালয় আই.আই.এম.সি জোকা, ডায়মন্ডহারবার রোড, কলকাতা - ১০৪। ওয়েবসাইট : https://iimjoka.kvs.ac.in

**কেন্দ্রীয় বিদ্যালয়ের ফোর্ট উইলিয়াম শাখায়** নেওয়া হবে : ট্রেন্ড গ্র্যাজুয়েট টিচার, প্রাইমারি টিচার, পোস্ট-গ্র্যাজুয়েট টিচার ও অন্যান্য বিষয়ের টিচার। প্রার্থী বাছাইয়ের জন্য সরাসরি ইন্টারভিউ হবে ১৯ ফেব্রুয়ারি। তখন সঙ্গে নিয়ে যাবেন যাবতীয় প্রমাণপত্রের মূল ও প্রত্যয়িত জেরক্স কপি আর দরখাস্তের বায়োডাটা। যোগাযোগের ঠিকানা : কেন্দ্রীয় বিদ্যালয় ফোর্ট উইলিয়াম, কলকাতা - ২১। ওয়েবসাইট : https://fortwilliam.kvs.ac.in

## বি.এস.এফ'এ ৩১৭

১ পাতার পর

কন্ডিশনার টেকনিশিয়ান / ইলেক্ট্রনিক্স / প্লাম্বিং ট্রেডের ডিপ্লোমা কোর্স পাশরা আবেদন করতে পারেন। বয়স ও মাইনে ওপরের মতো। শূন্যপদ : মেকানিক (ডিজেল / পেট্রোল ইঞ্জিন) ৭টি (জেনাঃ ২, ই.ডব্লু.এস. ২, ও.বি.সি. ১, তঃজাঃ ২)। ইলেক্ট্রিশিয়ান ২টি (জেনাঃ)। এ.সি. টেকনিশিয়ান ২টি (জেনাঃ ১, ও.বি.সি. ১)। ইলেক্ট্রনিক্স ১টি (জেনাঃ)। মেশিনিস্ট ১টি (তঃউঃজাঃ)। কার্পেন্টার ১টি (তঃউঃজাঃ)। প্লাম্বার ২টি (জেনাঃ)।

**সাব-ইন্সপেক্টর (মাস্টার)** : যে কোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছেলেরা কেন্দ্রীয় বা, রাজ্য ইনল্যান্ড ওয়াটার ট্রান্সপোর্ট অথরিটি বা, মার্কেন্টাইল মেরিন বিভাগ থেকে দ্বিতীয় শ্রেণির মাস্টার সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য। বয়স হতে হবে ২২ থেকে ২৮ বছরের মধ্যে। মূল মাইনে : ৩৫,৪০০-১,১২,৪০০ টাকা। শূন্যপদ : ৫টি (জেনাঃ৪, ই.ডব্লু.এস. ১)।

**সাব-ইন্সপেক্টর (ইঞ্জিন ড্রাইভার)** : যে কোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছেলেরা কেন্দ্রীয় বা, রাজ্য ইনল্যান্ড ওয়াটার ট্রান্সপোর্ট অথরিটি বা, মার্কেন্টাইল মেরিন বিভাগ থেকে প্রথম শ্রেণির ইঞ্জিন ড্রাইভার সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য। বয়স ও মাইনে ওপরের মতো। শূন্যপদ : ৯টি (জেনাঃ ৩, ই.ডব্লু.এস. ১, ও.বি.সি. ৩, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১)।

**হেড কনস্টেবল (ইঞ্জিন ড্রাইভার)** : মাধ্যমিক পাশ ছেলেরা ইঞ্জিন ড্রাইভারের দ্বিতীয় শ্রেণির সার্টিফিকেট কোর্স পাশ হলে আবেদন করতে পারেন। বয়স হতে হবে ২০ থেকে ২৫ বছরের মধ্যে। মূল মাইনে : ২৫,৫০০-৮১,১০০ টাকা। শূন্যপদ : ৬৫টি (জেনাঃ ২৪, ই.ডব্লু.এস. ৫, ও.বি.সি. ২২, তঃজাঃ ১০, তঃউঃজাঃ ৭)।

**সাব-ইন্সপেক্টর (ওয়ার্কশপ)** : মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। মেকানিক্যাল, মেরিন বা, অটোমোবাইল ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমা কোর্স পাশরাও যোগ্য। বয়স হতে হবে ২০ থেকে ২৫ বছরের মধ্যে। মূল মাইনে : ৩৫,৪০০-১,১২,৪০০ টাকা। শূন্যপদ : ৩টি (জেনাঃ ১, ও.বি.সি. ১, তঃজাঃ ১)।


**কনস্টেবল (ক্রু)** : মাধ্যমিক পাশরা সুখানি বা, গিজার হিসাবে ২৬৫ হর্সপাওয়ারের নিচে ক্ষমতাসম্পন্ন নৌকা চালনায় ১ বছরের অভিজ্ঞতা থাকলে যোগ্য। সাঁতারের কাজ জানতে হবে ও সাঁতারের সার্টিফিকেট থাকতে হবে। বয়স হতে হবে ২০ থেকে ২৫ বছরের মধ্যে। মূল মাইনে : ২১,৭০০-৬৯,১০০ টাকা। শূন্যপদ : ১৬০টি (জেনাঃ ৬৫, ই.ডব্লু.এস. ১৭, ও.বি.সি. ৩১, তঃজাঃ ২৪, তঃউঃজাঃ ২৩)।

সব পদের বেলায় শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৬৫ সেমি। বুকের ছাতি না-ফুলিয়ে ৭৫ সেমি আর ফুলিয়ে ৮০ সেমি আর ওজন হতে হবে উচ্চতার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ। তপশিলী উপজাতি/ আদিবাসি প্রার্থীরা উচ্চতায় ৫ সেমি আর বুকের ছাতিতে ২ সেমি ছাড় পাবেন। দৃষ্টিশক্তি দরকার দূরের বেলায় প্রতি চোখে ৬/৬ ও ৬/৯। ভাঙা হাঁটু, চাটালো পায়ের পাতা, রাতকানা বা, শারীরিক কোনো ত্রুটি থাকলে যোগ্য নন। সব পদের বেলায় তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.রা ৩ বছর ও প্রাক্তন সমরকর্মীরা যথারীতি বয়সে ছাড় পাবেন।

প্রার্থী বাছাই হবে লিখিত পরীক্ষা, শারীরিক মাপজোখ ও শারীরিক সক্ষমতার পরীক্ষা, ট্রেড টেস্ট, ইন্টারভিউ ও ডাক্তারি পরীক্ষার মাধ্যমে। প্রথমে ২ ঘন্টার লিখিত পরীক্ষায় প্রশ্ন হবে অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের। শারীরিক সক্ষমতার পরীক্ষায় থাকবে এইসব বিষয় : (১) ৮ মিনিটে ১ মাইল দৌড়, (২) ১১ ফুট লং জাম্প (৩ সুযোগে)। (৪) সাড়ে ৩ ফুট হাই জাম্প। এরপর ট্রেড টেস্ট ও ইন্টারভিউ।

দরখাস্ত করবেন সাধারণ ফুলস্ক্যাপ কাগজে, নির্দিষ্ট বয়ান টাইপিং করার পর পূরণ করে। বয়ান পাবেন এই ওয়েবসাইটে : www.bsf.nic.in তখন সঙ্গে দেবেন যাবতীয় প্রমাণপত্রের প্রত্যয়িত নকল আর পরীক্ষা ফী'র টাকা। সাব-ইন্সপেক্টর (মাস্টার), সাব-ইন্সপেক্টর (ওয়ার্কশপ), সাব-ইন্সপেক্টর (ইঞ্জিন ড্রাইভার) পদের বেলায় ২০০ টাকার আর হেড কনস্টেবল (মাস্টার), হেড কনস্টেবল (ওয়ার্কশপ), হেড কনস্টেবল (ইঞ্জিন ড্রাইভার) ও কনস্টেবল (ক্রু) পদের বেলায় ১০০ টাকার ডিমান্ড ড্রাফট বা, পোস্টাল অর্ডার। তপশিলীদের ফী লাগবে না। কোন ঠিকানায় দরখাস্ত পাঠাতে হবে। পোস্টাল অর্ডার বা, ডিমান্ড ড্রাফট কার অনুকূলে কাটতে হবে তা ওয়েবসাইটে পাবেন। দরখাস্ত করার শেষ তারিখ ১৪ মার্চ।


১৬৪ পাতার
কর্মসংস্থান গোষ্ঠীর
সাফল
দাম মাত্র ৩০ টাকা
আমরা 'Common' প্রশ্নের দিই না। 'Uncommon'-এর মধ্যে কীভাবে 'Common' পাওয়া যায় তার পথ বাতলাই
প্রতিটি চাকরির পরীক্ষায় এখন প্রশ্নের ধরন ও রীতি বদলে যাচ্ছে। নতুন ধরনের কঠিন ও আপাত কঠিন প্রশ্ন আর তার উত্তর চটপট বের করার কৌশল শেখানোর
হাতে-কলমে কোচিং
ঘরে বসে সব চাকরির পরীক্ষার কোচিং নেওয়ার পথ প্রথম দেখিয়েছে সাফল। তবে এখন বদলেছে প্রশ্ন। নতুন ধরনের প্রশ্নের উত্তর চটপট বের করার কৌশল শেখাচ্ছেন বিশেষজ্ঞরা, যা একমাত্র নির্ভরযোগ্য ও আস্থার।
এবার আরো বেশি পাতা আরো সম্ভাব্য প্রশ্নোত্তর
বিনামূল্যে ৩২ পাতার WBCS প্রিলিমিনারি ও রেলের গ্রুপ 'ডি' পরীক্ষার সম্ভাব্য প্রশ্নোত্তর




ফেব্রুয়ারি সংখ্যায় আছে
✓ পি.এস.সি মিসেলেনিয়াস পদের পরীক্ষার সম্ভাব্য ২ সেট প্রশ্নোত্তর
✓ এস.এস.সি'র জুনিয়র ইঞ্জিনিয়ার (মেক.) পরীক্ষার সম্ভাব্য প্রশ্নোত্তর
✓ রেলের গ্রুপ 'ডি' পদের পরীক্ষার সম্ভাব্য ২ সেট প্রশ্নোত্তর
✓ কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেল পরীক্ষার সম্ভাব্য প্রশ্নোত্তর
✓ কম্বাইন্ড হায়ার সেকেন্ডারি লেভেল পরীক্ষার সম্ভাব্য ২ সেট প্রশ্নোত্তর
✓ ডব্লু.বি.সি.এস প্রিলিমিনারি পরীক্ষার সম্ভাব্য প্রশ্নোত্তর
✓ মিউনিসিপ্যাল সার্ভিস কমিশনের পরীক্ষার সম্ভাব্য প্রশ্নোত্তর
✓ এস.বি.আই.'র জুনিয়র অ্যাসোসিয়েট পরীক্ষার সম্ভাব্য প্রশ্নোত্তর
সংবাদপত্রের হকারকে বলে রাখুন। ঘরে বসেই পাবেন।
Help Line : 9830624170

FUTURE KNOWLEDGE ZONE.
NIOS থেকে ক্লাস না করে সরাসরি X ও XII-এ বাংলা/ইংরেজি মাধ্যমে প্রতি মাসে নিজের সময় ও সুবিধা মতো পরীক্ষা দিন। ৮'ম শ্রেণী ফেল হলেও যে কোন বয়সে সরাসরি Class-X/XII pass করে নিজের ভবিষ্যৎ উজ্জ্বল করার লক্ষে উচ্চশিক্ষা/প্রমোশন/50% নম্বর নিয়ে সরকারি চাকরির পরীক্ষা দেওয়ার সুযোগ নিন। যে কোন নম্বরে X পাশ হলেও সরাসরি 'NIOS'-এ Science নিয়ে HS-এ ভর্তি হোন। আমাদের সাথে Admission Centre সরকারি কাজ করতে পারবেন। বর্তমানে X ও XII-এ Admission চলিতেছে।
Call: 8972388336

# মিসলেনিয়াস সার্ভিসেস প্রিলিমিনারি

৩ পাতার পর

**79.** একটি সংস্থার বিজ্ঞাপন, স্টেশনারি ও ইলেক্ট্রিক খরচের অনুপাত যথাক্রমে 12 : 17 : 3. যদি এই খরচ মূল্য যথাক্রমে 20%, 30% ও 50% বেড়ে যায়, তবে পরিবারটির মোট খরচ কত শতাংশ বাড়বে?

(A) $28\frac{1}{8}$% (B) $25\frac{1}{2}$% (C) $23\frac{1}{3}$% (D) $33\frac{1}{3}$%

**80.** 'হাল্লাবোল' নাটকটির রচয়িতা কে?

(A) কৌশিক সেন (B) ব্রাত্য বসু (C) সফদর হাসমি (D) বাদল সরকার

**81.** একটি অনুষ্ঠানে উপস্থিত সদস্য প্রত্যেকে অন্য সবার সঙ্গে করমর্দন করলে যদি মোট করমর্দনের সংখ্যা 210 হয়, তবে ওই অনুষ্ঠানে উপস্থিত মোট সদস্য সংখ্যা কত?

(A) 20 (B) 21 (C) 22 (D) 23

**82.**

| | | |
|---|---|---|
| 7 | 8 | 13 |
| 6 | 9 | ? |
| 14 | 24 | 52 |

(A) 12 (B) 11 (C) 10 (D) 17

**83.** 1 থেকে 150 পর্যন্ত মৌলিক সংখ্যার যোগফল কত?

(A) 1080 (B) 2276 (C) 2225 (D) 2718

**84.** বার্ষিক শতকরা 5 টাকা হারে কোনো মূলধনের ওপর 2 বছরের সরল ও যৌগিক সুদের পার্থক্য 10 টাকা হলে মূলধন কত?

(A) 3060 (B) 3750 (C) 4000 (D) 4050

**85.** কোন বৃহত্তম সংখ্যা দ্বারা 43, 91 ও 183 কে ভাগ করলে প্রতি ক্ষেত্রে সমান ভাগশেষ থাকবে?

(A) 5 (B) 3 (C) 4 (D) 9

**86.** ছয়টি ঘণ্টা 2, 4, 6, 8, 10 ও 12 সেকেন্ড অন্তর বাজে। প্রথমে তারা একসঙ্গে বাজল। মোট 30 মিনিটে তারা একসঙ্গে কতবার বাজবে?

(A) 10 বার (B) 14 বার (C) 24 বার (D) 15 বার

**87.** একজন দোকানদার ক্রয়মূল্যের ওপর 22.5% লাভে চাল বিক্রয় করেন। তাঁর সাপ্তাহিক চাল বিক্রয়ের মূল্য 392 টাকা হলে লাভের পরিমাণ কত টাকা?

(b) 60 (b) 82 (c) 72 (d) 62

**88.** এক ব্যক্তি বাড়ি থেকে রওনা হয়ে ঘন্টায় 5 কিলোমিটার বেগে হেঁটে গেলে গন্তব্যস্থলে নির্ধারিত সময়ে 5 মিনিট দেরিতে পৌঁছান কিন্তু ঘন্টায় 6 কিলোমিটার বেগে হাঁটলে নির্ধারিত সময়ে পৌঁছতে পারেন, বাড়ি থেকে গন্তব্যস্থলের দূরত্ব কত কিলোমিটার?

(A) 3 (B) 2.5 (C) 6 (D) 2

**89.** সমান্তরাল লাইনে পরস্পর বিপরীতমুখী দু'টি ট্রেন প্ল্যাটফর্মে দণ্ডায়মান এক ব্যক্তিকে 27 ও 17 সেকেন্ডে অতিক্রম করে। তারা পরস্পরকে 23 সেকেন্ডে সম্পূর্ণ অতিক্রম করলে ট্রেনদ্বয়ের বেগের অনুপাত কত?

(A) 3 : 2 (B) 3 : 5 (C) 6 : 8 (D) 8 : 4

**90.** কিছু পরিমাণ টাকা সরল সুদে বিনিয়োগ করলে 3 বছর পর 815 টাকা পাওয়া যায়। আবার ওই পরিমাণ টাকা একই হারে সরল সুদে বিনিয়োগ করে 4 বছর পর 854 টাকা পাওয়া যায়। টাকার পরিমাণ কত?

(A) 748 (B) 556 (C) 722 (D) 698

**91.** একটি ক্রিকেট খেলার প্রথম 10 ওভারে গড় 3.2. যদি 50 ওভারের ইনিংসে 282 রানের লক্ষ্য থাকে তবে বাকি 40 ওভারের আনুপাতিক হার কত হবে?

(A) 6.25 (B) 7.4 (C) 6.85 (D) 8

**92.** একটি পাত্রে দু'টি তরল A ও B এর অনুপাত 7 : 5. পাত্র থেকে 9 লিটার মিশ্রণ তুলে নিয়ে সমপরিমাণ B ঢালা হল ও পাত্রে A ও B এর অনুপাত 7 : 9 হল। পাত্রে প্রথমে A তরলের পরিমাণ কত লিটার ছিল?

(A) 15 (B) 17 (C) 21 (D) 8

**93.** প্রতি কিলোগ্রাম 300 টাকা ও 325 টাকা দরের দু'রকমের চা কী অনুপাতে মিশ্রিত করে 341 টাকা প্রতি কিলোগ্রাম দামে বিক্রয় করলে তাঁর মোটের ওপর 10% লাভ হবে?

(A) 3 : 2 (B) 4 : 5 (C) 6 : 4 (D) 8 : 6

**94.** একজন মহিলার বর্তমান বয়স তাঁর পুত্র সন্তানের বয়সের 5 গুণ ও তাঁর স্বামীর বয়সের থেকে 10 বছর কম। আট বছর পরে তাঁর সন্তানের বয়স হবে 15 বছর। ভদ্রমহিলার স্বামীর বর্তমান বয়স কত বছর?

(A) 45 (B) 42 (C) 65 (D) 75

**95.** কোনো সাংকেতিক ভাষায় 495 বলতে বোঝায় 'আপেলগুলি হয় মিষ্টি'। 184 বলতে বোঝায় 'সতেজ মিষ্টি আম'। 695 বলতে বোঝায় 'আপেলগুলি হয় পাকা'। তাহলে কোন সংখ্যার সংকেত 'পাকা'?

(A) 3 (B) 5 (C) 6 (D) 8

**96.** একটি কমিটিতে 50 জন গ্রিক বলতে পারে, 20 জন স্প্যানিশ বলতে পারে, 10 জন দুই ভাষাতেই কথা বলতে পারে। ওই কমিটিতে এমন সদস্য কতজন আছেন, যারা অন্তত একটি ভাষায় কথা বলতে পারেন?

(A) 20 (B) 50 (C) 70 (D) 80

**97.** একটি বাস্কেটে কমলালেবু প্রতি মিনিটে দ্বিগুণ হয়। বাস্কেটটি ভরতি হতে যদি 1 ঘণ্টা সময় লাগে, তাহলে বাস্কেটটি কখন অর্ধেক ভরতি ছিল?

(A) 39 (B) 45 (C) 52 (D) 68

**98.** একটি খালি জলাধার একটি পাম্প দিয়ে 2 ঘণ্টায় পূর্ণ হয়। কিন্তু জলাধারের নীচে একটি ছিদ্র থাকায় পূর্ণ হতে $2\frac{1}{3}$ ঘণ্টা সময় লাগে। পূর্ণ জলাধার ছিদ্র দিয়ে কত ঘণ্টা সময়ে খালি হবে?

(A) 6 (B) 10 (C) 13 (D) 14

**99.** একটি যৌথ ব্যবসায় A ও B এর মূলধনের অনুপাত 3 : 2. বছরের শেষে মোট লাভের 5% কর বাবদ দেওয়ার পর A এর লভ্যাংশ 855 টাকা হলে, ব্যবসায় বছরের মোট লাভ কত টাকা?

(A) 1,200 (B) 1,500 (C) 2,600 (D) 1,700

**100.** 6টি দ্রব্যের ক্রয়মূল্য 5টি দ্রব্যের বিক্রয়মূল্যের সমান হলে, শতকরা লাভের হার কত?

(A) 15% (B) 25% (C) 20% (D) 40%

## চটপট উত্তরের বিশ্লেষণ

1(B). 2(D). 3(A). 4(C). 5(B). 6(A). 7(C). 8(D). 9(C). 10(B). 11(A). 12(B). 13(C). 14(B). 15(D). 16(B). 17(B). 18(C). 19(A). 20(A). 21(C). 22(C). 23(A). 24(B). 25(B). 26(C). 27(C). 28(C). 29(D). 30(B). 31(C). 32(A). 33(D). 34(B). 35(C). 36(C). 37(D). 38(D). 39(B). 40(A). 41(A). 42(C). 43(A). 44(B). 45(A). 46(D). 47(D). 48(D). 49(B). 50(B). 51(D). 52(A). 53(B). 54(C). 55(B). 56(D). 57(C). 58(B). 59(D). 60(D). 61(C). 62(A). 63(D). 64(C). 65(A). 66(C). 67(B). 68(A). 69(C). 70(C). 71(D). 72(A). 73(B). 74(C). 75(B). 76(B). $7^3 = 343 - 7 = 336$, $9^3 = 729 - 9 = 720$. 77(A).

W = 23
B = 2
C = 3
S = 19

WBCS = (23+2+3+19) = 47 = 4+7 = 11.

একইভাবে, PSC = 16+19+3 = 38 = 3+8 = 11. 78(C). সময় $\sqrt{4:9}$

গতিবেগ $\sqrt{9:4}$ (যেহেতু সময়ের সঙ্গে ব্যস্তানুপাত) = 3:2. 79(A).

12+17+3 = 32
12 এর 20% = 2.4
17 এর 30% = 5.1
3 এর 50% = 1.5

আগে 32 এখন বাড়ছে = 9.0

তাহলে, 32 টাকায় 9 টাকা

1 টাকায় $\frac{9}{32}$ টাকা

100 টাকায় $\frac{9}{32} \times 100 = 28\frac{1}{8}$%. 80(C). 81(B). $\frac{n(n-1)}{2} = 210 \Rightarrow n = 21$. 82(A). 7×6 = 42÷3 = 14.
8×9 = 72÷3 = 24.
13×12 = 156÷3 = 52. 83(B). 2276. 84(C). 85(C). 91−43 = 48, 183−91 = 92, 183−43 = 140. নির্ণেয় বৃহত্তম সংখ্যা = (48, 92, 140)-এর গ.সা.গু। 86(D). (2, 4, 6, 8, 10, 12)-এর ল.সা.গু = 120. ঘণ্টাগুলি একসঙ্গে 120 সেকেন্ড = 2 মিনিট অন্তর বাজবে। 30 মিনিটে $\frac{30}{2}$ = 15 বার একসঙ্গে বাজবে। শুরুর 1 বার যোগ করলে 15+1 = 16 বার একসঙ্গে বাজবে। 87(C). ক্রয়মূল্য =

$\left(\frac{100}{100 + \text{লাভের হার}}\right) \times \text{বিক্রয়মূল্য}$

$= \left(\frac{100}{100 + \frac{45}{2}}\right) \times 392 = \frac{200}{245} \times 392$

লাভ $= \frac{200}{245} \times 392 \times \frac{45}{200} = \frac{392 \times 9}{49}$

= 8×9 = 72 টাকা। 88(B). দূরত্ব = $\left(\frac{\text{দুটি বেগের গুণফল}}{\text{দুটি বেগের অন্তরফল}}\right) \times$ পৌঁছানোর সময়ের পার্থক্য

$= \left(\frac{5 \times 6}{6-5}\right) \times \left(\frac{5}{60}\right) = 2.5$ কিলোমিটার।

(সময়কে ঘণ্টা এককে পরিবর্তন করা হয়েছে)। 89(A). ট্রেনদ্বয়ের বেগ = x, y হলে, তাদের দৈর্ঘ্য = 27x, 17y. তারা বিপরীতমুখী হওয়ায় আপেক্ষিক বেগ = x+y, মোট দূরত্ব = 27x+17y

$\frac{27x+17y}{x+y} = 23$, $27x - 23x = 23y - 17y$

$4x = 6y$, $\frac{x}{y} = \frac{6}{4} = \frac{3}{2} = 3:2$. 90(D). 1 বছরে সুদ = 854−815 = 39 টাকা।

3 বছরের সুদ = 39×3 = 117 টাকা।

আসল = 815 − 117 = 698 টাকা। 91(A). প্রথম ওভারে মোট রান = 3.2×10 = 32. বাকি 40 ওভারের গড় রান = $\frac{282-32}{40}$

$= \frac{250}{40} = \frac{25}{4} = 6.25$. 92(C). প্রথমে পাত্রে A → 7x, B → 5x

9 লিটার মিশ্রণে, A → $9 \times \frac{7}{7+5} = \frac{21}{4}$, B → $9 \times \frac{5}{7+5} = \frac{15}{4}$

পরে, A → $7x - \frac{21}{4}$   B → $5x - \frac{15}{4} + 9 = 5x + \frac{21}{4}$

এখন, $\frac{7x - 21/4}{5x + 21/4} = \frac{7}{9} \Rightarrow \frac{7\left(x - \frac{3}{4}\right)}{5x + \frac{21}{4}} = \frac{7}{9}$


$\Rightarrow \frac{4x-3}{2x+21} = \frac{1}{9} \Rightarrow \frac{1}{9}$ বা, x = 3

☞ এরপর ১৩ পাতায়

৩৫ বছরের অভিজ্ঞতাসম্পন্ন প্রাক্তন কর্ণেলের নিজস্ব তত্ত্বাবধানে সেনাবাহিনী ও পুলিশে যোগদানের বিশেষ প্রশিক্ষণ
ARMY, NAVY, AIR FORCE, SSC-আটবাহিনী ও POLICE-এর নতুন ব্যাচে ভর্তি শুরু হয়েছে।
ON LINE FORM FILL UP, MOCK TEST-এর ব্যবস্থা আছে।
9830023884, 9830025595
মাঠ ও PHYSICAL করানো হয়
কর্ণেল'স ট্রেনিং সেন্টার
বারাসাত, মা সারদা রোড, ৫নং প্লাটফর্মের কাছে
CHOICE OF INDIVIDUAL SUBJECTS OFFERED (G.K, G.I. ENG., MATH.)
সিকিউরিটি গার্ডের ট্রেনিং করানো হয়

CAREER GUIDE
DumDum Jadavpur
"সরকারি চাকরী এখন হাতের মুঠোয়"
WBCS RAIL, SSC PSC, BANK
Discount Offer
দীর্ঘ ১০ বছরের অভিজ্ঞতাকে সঙ্গী করে, সকল ছাত্রছাত্রীকে সরকারি চাকরীর দোরগোড়ায় পৌঁছে দেওয়া আমাদের প্রধান লক্ষ্য। আমরাই একমাত্র সংস্থা যারা সকল ছাত্রছাত্রীর কথা মাথায় রেখে স্বল্প মূল্যের বিনিময়ে সরকারি চাকরীর প্রশিক্ষণ দিয়ে থাকি। ছাত্রছাত্রীদের সমস্ত রকম STUDY MAT দিয়ে, নিয়মিত MOCKTEST নিয়ে এবং প্রতিনিয়ত উৎসাহ দান করে তাদের আমরা পৌঁছে দিই সাফল্যের শীর্ষে। তাই ২০১৯ সালে আমাদের সংস্থা google এর বিচারে কোলকাতার মধ্যে সর্বশ্রেষ্ঠ coaching এর Award win করে।
Call : 9051643080 | www.careerguideinstitute.com

চাকরির পরীক্ষায় Common কীভাবে পাব??
চমকে দেওয়ার জন্য এই প্রশ্ন নয়। 'কর্মসংস্থান', 'সাফল্য' প্রকাশনা সংস্থার সরকারি চাকরির ব্যাপারে ৩১ বছরের দীর্ঘ অভিজ্ঞতা থেকে করা হয়েছে। এখন আপনাদের মনে এই প্রশ্ন আসতেই পারে আমরা কেন এমন ভাবছি? আগে প্রতিটি পরীক্ষার প্রশ্নের ধরণ ও ট্রেন্ড বুঝতে হবে।
প্রত্যেক বছর কেন্দ্র- রাজ্য মিলিয়ে কয়েক লাখ পদের সরকারি চাকরির বিজ্ঞপ্তি বেরোয়। আর প্রত্যেক সপ্তাহে আমাদের দফতরে কয়েক লাখ ই-মেল, চিঠি আসে এই জিজ্ঞাসা নিয়ে যে চাকরির পরীক্ষায় কি পড়লে common পাব? ওইসব চিঠিপত্র থেকে এইটুকু বোঝা যায় পরীক্ষার্থীরা কীভাবে পড়লে পরীক্ষায় common পাবে সেই ধ্যান ধারণা না জেনেই সব পরীক্ষাতে apply করে। ফলে যা হওয়ার তাই হয়। সব পরীক্ষাতে apply করলেও সঠিক study material-এর অভাবে পরীক্ষাগুলো crack করতে পারে না।
এই সমস্যার সমাধানের জন্য আমরা প্রত্যেক মাসের ১ ও ১৫ তারিখ প্রতিটি সরকারি চাকরির study material হিসাবে একদম নতুন ভাবে বের করছি সাফল্য সাফল্য পত্রিকা দুটি।
এই বিষয় আরও একটা কথা বলে রাখি, সরকারি চাকরির পরীক্ষায় 'common' বলে কিছু হয় না। 'uncommon'-এর মধ্যে থেকে 'common' কীভাবে বের করতে হয় তা জানাটাই আসল চাবিকাঠি।
একটা কথা নিশ্চিত ভাবে বলা যায়, সাফল্য ও সাফল্য সাধারণ জ্ঞান পত্রিকা যদি আপনারা ১ বছর ঠিকঠাক follow করেন তাহলে কেন্দ্র ও রাজ্য সরকারের সম্ভাব্য সবরকমের চাকরির পরীক্ষায় আপনারা কাছে uncommon বলে কিছু থাকবে না।


সুমন সরকার

আপনার হকারকে বলে রাখুন। ঘরে বসেই পাবেন।
Help Line : 983062 4170

সাম্প্রতিক তথ্যে ভরা

# জিজ্ঞাসা

**চাকরির পরীক্ষার কোনো প্রশ্ন আছে? দরখাস্ত করেও কোনো খবর পাচ্ছেন না, নাকি পরীক্ষা দিয়েও ফল কবে বেরোবে জানতে পারছেন না? দরখাস্ত বাতিল হয়ে যাবে কিনা ভাবছেন? কবে, কোথায় পরীক্ষা হবে? কী কী বিষয় থাকবে? অ্যাডমিট কার্ড এখনো পাননি, কবে পাবেন বুঝতে পারছেন না? বিজ্ঞপ্তি কবে বেরোবে? কোথায় যোগাযোগ করবেন? এইসব সাত-সতেরো প্রশ্নের উত্তর ধারাবাহিকভাবে দিচ্ছেন রঞ্জিৎ ঘোষ।**

## পাব্লিক সার্ভিসের

■ *ক্লার্কশিপ পার্ট-ওয়ান পরীক্ষা দিয়েছি। এবার পার্ট-টু পরীক্ষা দেব। দরখাস্ত করার সময় পার্ট-টু পরীক্ষার ল্যাঙ্গোয়েজ বাংলার বদলে উর্দু লিখেছি। বাংলায় পরীক্ষা দিতে পারব কি? — কার্তিক হাঁসদা, মধুসূদনপুর কেলিয়ারি ৭ নং পিট, ক্যাজোরা গ্রাম, পশ্চিম বর্ধমান।*

■■ না, বাংলায় পরীক্ষা দিতে পারবেন না।

■ *ক্লার্কশিপ পার্ট-টু পরীক্ষার সিলেবাস জানাবেন। এই পরীক্ষা কবে হবে? — অর্পিতা বক্সি, নিউ ব্যারাকপুর, উত্তর ২৪ পরগনা।*

■■ দ্বিতীয় পার্টে প্রশ্ন হবে ডেসক্রিপ্টিভ টাইপের। এইসব বিষয়ে : (ক) ইংরিজি - ৫০ নম্বর। এই পেপারে থাকবে রিপোর্ট লেখা, সামারি বা, প্রেসি লেখা, বাংলা থেকে ইংরিজিতে অনুবাদ করা। (খ) বাংলা/হিন্দি /নেপালী / উর্দু /সাঁওতাড়-৫০ নম্বর। সময় থাকবে ১ ঘন্টা। এই পেপারে থাকবে রিপোর্ট লেখা, সামারি বা, প্রেসি লেখা, ইংরিজি থেকে বাংলায় অনুবাদ করা।

প্রথম ও দ্বিতীয় পার্টে কোয়ালিফাই করলে এরপর কম্পিউটার টেস্টের জন্য ডাকা হবে। প্রতিটি গ্রুপ /পেপারে থাকবে আলাদা কোয়ালিফাইং নম্বর। কোনোটিতে কোয়ালিফাইং নম্বর না পেলে সফল হতে পারবেন না। তপশিলী, ও.বি.সি.দের জন্য কোয়ালিফাইং নম্বরে ছাড় আছে। প্রথম পার্টের পরীক্ষায় ইংরিজি বিষয়ে থাকবে ভোকাবুলারি, গ্রামার, বাক্য গঠন, সিনোনিম, অ্যান্টোনিম ও শব্দের সঠিক ব্যবহার। জেনারেল স্টাডিজ পেপারে ভারতীয় ইতিহাস, ভূগোল, দৈনন্দিন বিজ্ঞান ও ভারত-সহ সাম্প্রতিক ঘটনা ও সমস্যা বিষয়ে প্রশ্ন থাকবে আর অ্যারিথমেটিকের প্রশ্ন হবে মাধ্যমিক পরীক্ষার অঙ্কের সিলেবাস অনুযায়ী। প্রশ্ন হবে বাংলা ও ইংরিজিতে। দু'টি পার্টের পরীক্ষা একই দিনে হবে।

চূড়ান্ত তালিকা তৈরির সময় পার্ট-ওয়ান, পার্ট-টু ও কম্পিউটার টেস্টের নম্বর ধরা হবে। ইন্টারভিউ নেই।

■ *আই.সি.ডি.এস. সুপারভাইজর পদের মেন পরীক্ষা কবে হবে? — মিতালী দাস, দত্তপুকুর, উত্তর ২৪ পরগনা। বেলা দাস, হাবড়া, উত্তর ২৪ পরগনা।*

■■ আই .সি.ডি.এস.-এর সুপারভাইজর পদের যে প্রিলিমিনারি পরীক্ষা হয়েছিল, তার ফল বেরোবে এপ্রিলে। মেন পরীক্ষা হবে ২৫ এপ্রিল ও ২৬ এপ্রিল। আই.সি.ডি.এস. সুপারভাইজর পদের জন্য যাঁরা প্রোমোশন ভিত্তিতে দরখাস্ত করেছেন, তাঁদের মেন পরীক্ষা হবে ৪ এপ্রিল ও ৫ এপ্রিল।

■ *মুক্ত বিশ্ববিদ্যালয় থেকে বি.এসসি. কোর্স পাশ করলে ডব্লু.বি.সি.এস. পরীক্ষা দিতে পারব কি? — সব্যসাচী দাস, গোবিন্দপুর, খোলাপোতা, উত্তর ২৪ পরগনা।*

■■ হ্যাঁ, পারবেন।

## নেট বা, সেট'এর

■ *কলেজ সার্ভিস কমিশনের 'সেট' পরীক্ষা কোন কোন বিষয়ের ওপর নেওয়া হয়? এই পরীক্ষার সিলেবাস জানাবেন। —*

■■ কলেজ সার্ভিস কমিশনের 'সেট' পরীক্ষা নেওয়া হয় এইসব বিষয়ে : ইংরিজি, বাংলা, সংস্কৃত, হিন্দি, উর্দু, কমার্স, অর্থনীতি, ইতিহাস, দর্শন, রাষ্ট্রবিজ্ঞান, এডুকেশন, কেমিক্যাল সায়েন্সেস, ভূগোল, লাইফ সায়েন্স, ম্যাথমেটিক্যাল সায়েন্সেস, ফিজিক্যাল সায়েন্সেস, সোশিওলজি, সাইকোলজি, লাইব্রেরি অ্যান্ড ইনফর্মেশন সায়েন্স, ফিজিক্যাল এডুকেশন, ইলেক্ট্রনিক সায়েন্স, কম্পিউটার সায়েন্স, হোম সায়েন্স, সাঁওতাড়, জার্নালিজম অ্যান্ড মাস কমিউনিকেশন, অ্যানথ্রোপলজি, আর্থ, অ্যাটমোস্ফিয়ার, ওশানোগ্রাফি অ্যান্ড প্ল্যানেটরি সায়েন্স, মিউজিক, আইন, নেপালি। প্রথম পেপারে থাকবে ১০০ নম্বর ও সময় ১ ঘন্টা। দ্বিতীয় পেপারে থাকবে ২০০ নম্বর ও সময় ২ ঘন্টা।

প্রথম পেপারে ৫০টি অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে টিচিং, রিসার্চ অ্যাপ্টিটিউড, রিজনিং এবিলিটি, কমপ্রিহেনশন, ডাইভারজেন্ট থিঙ্কিং ও জেনারেল অ্যাওয়ারনেস। প্রতিটি প্রশ্নে থাকবে ২ নম্বর।

দ্বিতীয় পেপারে ১০০টি অবজেক্টিভ টাইপের প্রশ্ন হবে সংশ্লিষ্ট বিষয়ের ওপর। প্রতিটি প্রশ্নে থাকবে ২ নম্বর।

দুই পেপারের ক্ষেত্রেই উত্তর দিতে হবে ও.এম.আর. শীটে। নেগেটিভ মার্কিং নেই। প্রথম ও দ্বিতীয় পেপারে ৪০% (ও.বি.সি., তপশিলী ও প্রতিবন্ধী হলে ৩৫%) নম্বর পেলে সফল হবেন। আরো বিস্তারিত সিলেবাস পাবেন এই ওয়েবসাইটে www.wbcsc.ac.in

■ *পশ্চিমবঙ্গের সরকারি বা, সরকার পোষিত বি.এড. কলেজে কম্পিউটার সায়েন্স বিষয়ের অ্যাসিস্ট্যান্ট প্রফেসর পদের জন্য কেমন শিক্ষাগত যোগ্যতা থাকা দরকার? — রূপক তরফদার, কল্লসুর, দেগঙ্গা, উত্তর ২৪ পরগনা।*

■■ বি.এড. কলেজ ও সাধারণ ডিগ্রি কলেজের বি.এড. বিভাগের 'অ্যাসিস্ট্যান্ট প্রফেসর' পদের বেলায় যে বিষয়ে ৩ বছরের ডিগ্রি / অনার্স পাশ করেছেন, সেই বিষয়ের পোস্ট-গ্র্যাজুয়েট কোর্স পাশরা মোট ৫০% নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। সব ক্ষেত্রেই পশ্চিমবঙ্গ কলেজ সার্ভিস কমিশনের 'স্লেট' / 'সেট' পরীক্ষা কিংবা ইউ.জি.সি. /সি.এস.আই.আর. (নেট)'এর নেওয়া 'জুনিয়র রিসার্চ ফেলো' (জে.আর.এফ.) /লেকচারারশিপ পরীক্ষায় কোয়ালিফাই (সফল) করে থাকতে হবে।

## পশ্চিমবঙ্গ পুলিশের

■ *পশ্চিমবঙ্গ পুলিশে অ্যাসিস্ট্যান্ট সাব-ইন্সপেক্টর পদে নিয়োগের বিজ্ঞপ্তি বেরোয় কি? না, কনস্টেবল পদ থেকে পদোন্নতির মাধ্যমে অ্যাসিস্ট্যান্ট সাব-ইন্সপেক্টর হওয়া যায়? যদি নিয়োগ হয় তাহলে কেমন শিক্ষাগত যোগ্যতা থাকা দরকার? — আরিফ হাসান, রামপুর, ছাতিনা, বীরভূম।*

■■ কলকাতা পুলিশ ও পশ্চিমবঙ্গ পুলিশে কনস্টেবল ও সাব-ইন্সপেক্টর পদে সরাসরি বিজ্ঞপ্তি দিয়ে লোক নেওয়া হয়। কনস্টেবল পদ থেকে অ্যাসিস্ট্যান্ট সাব-ইন্সপেক্টর পদ পর্যন্ত পদোন্নতি হয়।

## ব্যাঙ্কে চাকরির

■ *ব্যাঙ্কে ক্লার্ক পদের জন্য কেমন শিক্ষাগত যোগ্যতা থাকা দরকার? — মৌলি সাহা, কলেজ পাড়া, আলিপুরদুয়ার।*

■■ যেকোনো শাখার ডিগ্রি কোর্স পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। কম্পিউটার অপারেশন / ল্যাঙ্গোয়েজের সার্টিফিকেট /ডিপ্লোমা / ডিগ্রি কোর্স পাশ হতে হবে। স্কুল / কলেজ / ইনস্টিটিউটে কম্পিউটার /ইনফর্মেশন টেকনোলজি একটি অন্যতম বিষয় হিসাবে নিয়ে থাকলে কম্পিউটারের ডিগ্রি / ডিপ্লোমা / সার্টিফিকেট কোর্স পাশ না হলেও হবে। যে রাজ্যের শূন্যপদের জন্য দরখাস্ত করবেন সেই রাজ্যের সরকারি (অফিসিয়াল) ভাষা পড়তে / লিখতে ও বলতে পারা দরকার। প্রাক্তন সমরকর্মীরা ওপরের ওই শিক্ষাগত যোগ্যতা না থাকলেও যোগ্য। তবে তাঁদের বেলায় আর্মি স্পেশাল সার্ভিস অফ এডুকেশন, নেভি বা, এয়ারফোর্সের করেসপন্ডিং সার্টিফিকেট কোর্স পাশ হতে হবে ও অন্তত ১৫ বছর চাকরি করে থাকতে হবে। বয়স হতে হবে ২০ থেকে ২৮ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর, প্রতিবন্ধীরা ১০ বছর, বিধবা বা, বিবাহবিচ্ছিন্না মহিলারা আইনত আলাদা হয়ে থাকলে ৯ বছর ও প্রাক্তন সমরকর্মীরা যথারীতি বয়সে ছাড় পাবেন।

## প্রতিরক্ষা কারখানায়

■ *এবছর উচ্চমাধ্যমিক পরীক্ষা দেব। প্রতিরক্ষা কারখানায় ট্রেড অ্যাপ্রেন্টিস হিসাবে দরখাস্ত করেছি। মেধা তালিকা কবে বেরোবে? এবছর কি কোনো পরীক্ষা হবে না? শুধুমাত্র মাধ্যমিকে পাওয়া নম্বর দেখেই মেধা তালিকা তৈরি হবে? — সুদীপ মন্ডল, গোবরডাঙ্গা, উত্তর ২৪ পরগনা। অরিজিৎ বিশ্বাস, বারাসাত, উত্তর ২৪ পরগনা।*

■■ সারা দেশের ৩৮টি প্রতিরক্ষা কারখানায় অ্যাপ্রেন্টিস পদের জন্য আগে প্রথমে লিখিত পরীক্ষা হত। তারপর মেধা তালিকা তৈরি হত। এবার থেকে মাধ্যমিকে পাওয়া নম্বরের ভিত্তিতে মেধা তালিকা তৈরি হবে।

## রেলে চাকরির

■ *রেলের এন.টি.পি.সি. ক্যাটেগরির পরীক্ষা কবে হবে? — কামাল হোসেন শেখ। পার্থ দাস, হুগলি। বিপ্লব চ্যাটার্জী, কল্যাণগড়, অশোকনগর, উত্তর ২৪ পরগনা। রাখী বিশ্বাস, বেলদা, পশ্চিম মেদিনীপুর।*

■■ এই পদের পরীক্ষার তারিখ এখনো ঠিক হয়নি। রেল বোর্ড সূত্রে খবর, কবে পরীক্ষা হবে তাও এখনো ঠিক হয়নি। মূল বিজ্ঞপ্তিতে পরীক্ষা হওয়ার উল্লেখ ছিল ২০১৯ সালের সেপ্টেম্বরের মধ্যে। কিন্তু এখনো পরীক্ষা হয়নি। নন-টেকনিক্যাল ক্যাটেগরিতে উচ্চমাধ্যমিক ও গ্র্যাজুয়েট যোগ্যতায় প্রায় এক কোটি দরখাস্ত জমা পড়েছে। পরীক্ষা নেওয়ার জন্য নিয়োগ সংস্থার টেন্ডার জমা পড়লেও এখনো পরীক্ষার তারিখ ঠিক হয়নি।

## কোর্স ও ট্রেনিং

■ *ডি.এল.এড. কোর্সে ভরতির জন্য শিক্ষাগত যোগ্যতা কেমন থাকা দরকার? বিজ্ঞপ্তি কবে বেরোবে? — শর্মিষ্ঠা মিস্ত্রি, সোনারপুর, দক্ষিণ ২৪ পরগনা।*

■■ যেকোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা মোট অন্তত ৫০% (তপশিলী, ও.বি.সি., প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মী হলে ৪৫%) নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। ভোকেশনাল শাখায় উচ্চমাধ্যমিক পাশরাও ওই শতকরা হারে নম্বর পেয়ে থাকলে যোগ্য। তবে তাঁদের বেলায় ৪% সীট সংরক্ষিত আছে। ভোকেশনাল শাখার প্রার্থীদের বেলায় উচ্চমাধ্যমিকে ইংরিজি - সহ দু'টি ল্যাঙ্গোয়েজ বিষয় থাকতে হবে। বয়স হতে হবে ৩৫ (তপশিলী, ও.বি.সি., প্রতিবন্ধী হলে ৪০) বছরের মধ্যে। প্রাক্তন সমরকর্মীরা বয়সে ছাড় পাবেন।

## রাজ্য ও কেন্দ্রীয় সরকারের যেসব পদে এখনো দরখাস্ত করতে পারবেন

রাজ্য ও কেন্দ্রীয় সরকারের বিভিন্ন দফতরে লোক নেওয়ার খবর বেরোলেই তা যথাসময়ে 'কর্মসংস্থান'এ দেওয়া হয়। অনেক ক্ষেত্রে দেখা যায়, প্রার্থী সেই সংখ্যা সংগ্রহ করতে না পারার জন্য দরখাস্ত করতে পারেন না। তাই প্রার্থীদের সুবিধার জন্য এখনো কোন কোন পদে দরখাস্ত করার সুযোগ আছে, তা এক নজরে দেওয়া শুরু হল।

| পদ | যোগ্যতা | শূন্যপদ | শেষ তারিখ | ওয়েবসাইট |
|---|---|---|---|---|
| কোস্ট গার্ডে অফিসার | গ্র্যাজুয়েট | ২৫ | ১৫-২-২০ | www.joinindiancoastguard.gov.in |
| সরকারি আই.টি.আই.-তে ইন্সট্রাক্টর | গ্র্যাজুয়েট | ৩০২ | ১৭-২-২০ | www.wbpsc.gov.in |
| দিল্লি সাবঅর্ডিনেট সার্ভিসে ড্রাইভার, অ্যাসিস্ট্যান্ট | উচ্চমাধ্যমিক, গ্র্যাজুয়েট | ২১০ | ২০-২-২০ | http://dsssbonline.nic.in |
| সেনাবাহিনীতে টেকনিক্যাল অফিসার | গ্র্যাজুয়েট, | ১৮৯ | ২০-২-২০ | www.joinindianarmy.nic.in |
| দিল্লি সাবঅর্ডিনেট সার্ভিসে শিক্ষক ও লাইব্রেরিয়ান | গ্র্যাজুয়েট পোস্ট-গ্র্যাজুয়েট | ৩,৩৩২ | ২৩-২-২০ | http://dsssbonline.nic.in |
| আই.আই.টি. খড়গপুরে অ্যাসিস্ট্যান্ট, টেকনিশিয়ান | গ্র্যাজুয়েট, ডিপ্লোমা | ৭৭ | ২৪-২-২০ | www.iitkgp.ac.in |
| কেন্দ্রীয় বিদ্যালয়ে 'সি-টেট' পরীক্ষার মাধ্যমে শিক্ষক | গ্র্যাজুয়েট | - | ২৪-২-২০ | www.ctet.nic.in |
| দিল্লি সাবঅর্ডিনেট সার্ভিসে ফী কালেক্টর, অ্যাসিস্ট্যান্ট | উচ্চমাধ্যমিক, গ্র্যাজুয়েট | ২৮৯ | ২৭-২-২০ | http://dsssbonline.nic.in |
| কোলফিল্ডে টেকনিশিয়ান নার্স | ডিপ্লোমা | ৪৪ | ১০-৩-২০ | www.nclcil.in |
| পারমাণবিক শক্তি দফতরে অ্যাপ্রেন্টিস | আই.টি.আই. | ৭০ | ২৮-২-২০ | www.rrcat.gov.in |
| মুগবেড়িয়া সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্কে গ্রুপ-সি ও গ্রুপ -ডি | ক্লাস এইট পাশ ও মাধ্যমিক | ২৭ | ২৯-২-২০ | - |
| ইরকন ইন্টারন্যাশনাল লিমিটেডে অ্যাপ্রেন্টিস | গ্র্যাজুয়েট | ৭৬ | ১৫-২-২০ | www.ircon.org |
| হিন্দুস্তান কপার লিমিটেডে অ্যাপ্রেন্টিস | মাধ্যমিক, আই.টি.আই. | ১৬১ | ১৫-২-২০ | www.hindustancopper.com |
| ব্রডকাস্ট ইঞ্জিনিয়ারিং কনসালট্যান্টে সার্ভেয়র | ডিপ্লোমা | ৭৫ | ১৭-২-২০ | www.becil.com |
| পূর্ব রেলের শিয়ালদহ হাওড়া, মালদহ, আসানসোল ডিভিশনে অ্যাপ্রেন্টিস | আই.টি.আই পাশ | ২,৭৯২ | ১৩-৩-২০ | www.rrcer.com |
| পশ্চিম মধ্য রেলে অ্যাপ্রেন্টিস | মাধ্যমিক ও আই.টি.আই. | ২০০ | ২৬-২-২০ | www.mponline.gov.in |

এই বিভাগে উত্তর পেতে হলে চিঠি লিখুন পোস্ট কার্ডে কিংবা ই-মেল করে। তাতে নিজের নাম-ঠিকানা ও ফোন নং লিখবেন। পোস্ট কার্ডে লিখলে ঠিকানার জায়গায় নিচের অংশটি কেটে আঠা দিয়ে সেঁটে দেবেন। জিজ্ঞাসা বিভাগের পরের শূন্যস্থানে কোন বিভাগের চিঠি (রেল, স্কুল সার্ভিস, ব্যাঙ্ক, পি.এস.সি. কোর্স কিনা) তা লিখে দেবেন। E-mail করবেন এই নম্বরে: **karmajiggasa@gmail.com** ই-মেল করলে নাম, পুরো ঠিকানা, ফোন নম্বর উল্লেখ করতে হবে।

**কর্মসংস্থান**
জিজ্ঞাসা বিভাগ
...............
১২ /৩ /৪, জামির লেন
কলকাতা-৭০০ ০১৯

# ১৭ ডিস্ট্রিক্ট অর্গানাইজার

পশ্চিমবঙ্গ সরকারের সাব-অর্ডিনেট এডুকেশন সার্ভিসে কাজের জন্য 'ডিস্ট্রিক্ট অর্গানাইজার ফিজিক্যাল এডুকেশন' পদে ১৭ জন লোক নিচ্ছে। যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা ফিজিক্যাল এডুকেশনের ডিগ্রি কোর্স পাশ হলে যোগ্য। স্পোর্টস অথরিটি অফ ইন্ডিয়ার পাতিয়ালা নেতাজী সুভাষ ন্যাশনাল ইনস্টিটিউট অফ স্পোর্টস থেকে কোচিংয়ের সার্টিফিকেট কোর্স পাশ হতে হবে। বয়স হতে হবে ১-১-২০২০'এর হিসাবে ৩৯ বছরের মধ্যে। মূল মাইনে : ৭,১০০-৩৭,৬০০ টাকা ও গ্রেড পে ৩,৯৫০ টাকা। শূন্যপদ : ১৭টি (জেনাঃ ৮, ও.বি.সি. এ ক্যাটেগরি ২, তঃজাঃ ৪, ও.বি.সি. - বি ক্যাটেগরি ১, তঃউঃজাঃ ১, প্রতিবন্ধী ১)। প্রার্থী বাছাই করবে পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশন। এজন্য টেস্ট বা, ইন্টারভিউ হবে। পরীক্ষা সংক্রান্ত বিস্তারিত সিলেবাস পি.এস.সি. কর্তৃপক্ষ পরে জানাবে। এই পদের বিজ্ঞপ্তি নং : 37/2019.

দরখাস্ত করবেন অনলাইনে, ২৪ ফেব্রুয়ারি পর্যন্ত। এই ওয়েবসাইটে : www.pscwbapplication.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার জে.পি.ই.জি. ফর্ম্যাটে ২০ থেকে ৫০ কে.বি.'র মধ্যে স্ক্যান করে নেবেন। ফটো ও সিগনেচার স্ক্যান করবেন ২০০ ডি.পি.আই.'তে। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করবেন। তারপর স্ক্যান করা ফটো ও সিগনেচার আপলোড করে নেবেন। তারপর পরীক্ষা ফী বাবদ ১৬০ (তপশিলী ও প্রতিবন্ধীদের ফী লাগবে না) টাকা দিতে হবে। টাকা অনলাইনে বা, অফলাইনে দিতে পারবেন। অফলাইনে টাকা দিতে পারবেন ইউনাইটেড ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার চালানে, ২৫ ফেব্রুয়ারির মধ্যে। চালান ওয়েবসাইট থেকে ডাউনলোড করতে পারবেন। অনলাইনে টাকা জমা দিতে চাইলে ক্রেডিট কার্ড, ডেবিট কার্ড ও নেট ব্যাঙ্কিংয়ে দিতে পারবেন।

## ডাকবিভাগে ২১৩ গ্রুপ 'ডি'

১ পাতার পর

হিসাবে ৩ বছর চাকরি করেছেন, তাঁরাই শুধুমাত্র আবেদন করতে পারবেন। শিক্ষাগত যোগ্যতা ও বয়সের কোনো কড়াকড়ি নেই। শূন্যপদ : ২১৩টি। কোন ডিভিশনে ক'টি শূন্যপদ তার তালিকা সংশ্লিষ্ট পোস্ট অফিস থেকে পাবেন। প্রার্থী বাছাই হবে লিখিত পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা হবে ১৫ মার্চ। প্রথম পেপারের পরীক্ষা হবে ১০টা থেকে ১১টা ও দ্বিতীয় পেপারের পরীক্ষা হবে ১১.১০ থেকে ১২.১০ পর্যন্ত। অ্যাডমিট কার্ড দেওয়া হবে ২ মার্চ। পরীক্ষা হবে কলকাতা সেন্টার-।, কলকাতা সেন্টার-।।, শিলিগুড়ি সেন্টার, পোর্ট ব্লেয়ার সেন্টার, গ্যাংটক সেন্টার।

দরখাস্ত করবেন সাধারণ কাগজে, নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান ডাউনলোড করতে পারেন এই ওয়েবসাইটে : www.westbengalpost.gov.in কিংবা সাধারণ কাগজে টাইপিং করে পূরণ করে পাঠাতে পারেন। দরখাস্ত জমা দেবেন সংশ্লিষ্ট ডিভিশন অফিস বা, কন্ট্রোলিং ইউনিটের অফিসে। দরখাস্ত জমা দেওয়ার শেষ তারিখ ১৭ ফেব্রুয়ারি।

## ৪০ ক্লার্ক, শিক্ষক

১ পাতার পর

(তপশিলী, ও.বি.সি. হলে ৪৫%) নম্বর পেয়ে থাকলে 'ভলান্টিয়ার টিচার' পদের জন্য যোগ্য। সংশ্লিষ্ট ব্লক বা, পুরসভা এলাকার বাসিন্দা হতে হবে। বয়স হতে হবে ২১ থেকে ৪০ বছরের মধ্যে। পারিশ্রমিক মাসে ৭,০০০ টাকা। শূন্যপদ : ১০টি।

মোট অন্তত ৪৫% নম্বর পেয়ে যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা কম্পিউটার অ্যাপ্লিকেশনের ১ বছরের ডিপ্লোমা বা, ডিগ্রি কোর্স পাশ হলে 'ভলান্টিয়ার ক্লার্ক কাম রেকর্ড কীপার' পদের জন্য যোগ্য। বয়স হতে হবে ২১ থেকে ৪০ বছরের মধ্যে। পূর্ব মেদিনীপুর জেলার বাসিন্দা হতে হবে। পারিশ্রমিক মাসে ৫,০০০ টাকা। শূন্যপদ : ৩০টি। চাকরি হবে চুক্তিতে।

প্রার্থী বাছাই হবে লিখিত পরীক্ষা ও ইন্টারভিউয়ের মাধ্যমে। ভলান্টিয়ার ক্লার্ক কাম রেকর্ডকীপার পদের বেলায় লিখিত পরীক্ষার পর কম্পিউটার টেস্ট হবে। তারপর ইন্টারভিউ। দরখাস্ত করবেন অনলাইনে, ১৪ ফেব্রুয়ারির মধ্যে। এই ওয়েবসাইটে : www.purbamedinipur.gov.in আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

## ৩৫টি পদের লিখিত পরীক্ষা

৭ পাতার পর

মেন পরীক্ষা হবে ৪ ও ৫ এপ্রিল।

(১৪) ডায়ালিসিস টেকনিশিয়ান পদের পরীক্ষা হবে ১২ এপ্রিল।

(১৫) অ্যাগ্রিকালচার মার্কেটিং অফিসার (ট্রেনিং অ্যান্ড ক্যানিং) পদের পরীক্ষা হবে ১৯ এপ্রিল।

(১৬) ওয়েলফেয়ার অফিসার পদের পরীক্ষা হবে ২৫ এপ্রিল।

(১৭) আই.সি.ডি.এস. সুপারভাইজার মেন পদের পরীক্ষা হবে ২৫ ও ২৬ এপ্রিল।

(১৮) অ্যাসিস্ট্যান্ট সুপারিন্টেন্ডেন্ট (নন-মেডিক্যাল) ই.এস.আই. হাসপাতাল পদের পরীক্ষা হবে ৩ মে।

(১৯) মোটর ভেহিক্যাল ইন্সপেক্টর (নন-টেকনিক্যাল) পদের পরীক্ষা হবে ১০ মে।

(২০) উদ্যান পালন প্রযুক্তি সহায়ক পদের পরীক্ষা হবে ১৭ মে।

(২১) অ্যাসিস্ট্যান্টটাউন প্ল্যানার পদের পরীক্ষা হবে ২৩ মে।

(২২) ২০১৯ সালের ক্লার্কশিপ পার্ট-টু পদের পরীক্ষা হবে ১৪ জুন।

এছাড়াও পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশনের মাধ্যমে যে-যে পদের পরীক্ষা হয়েছে, এখনো ফল বেরোয়নি, কিংবা ইন্টারভিউ হয়েছে কবে ফল বেরোবে সেইসব তথ্য দেওয়া হল :

(ক) ২০১৮ সালের ডব্লু.বি.সি.এস. (এক্সি) (বিজ্ঞপ্তি নং ২৪/২০১৭)'এর মেন পরীক্ষায় 'সি' গ্রুপের মেন পরীক্ষার ফল বেরোবে ফেব্রুয়ারিতে।

(খ) ২০১৯ সালের ডব্লু.বি.সি.এস. (এক্সি) (বিজ্ঞপ্তি নং ২৯/২০১৮)'এর মেন পরীক্ষার ফল বেরোবে মে মাস নাগাদ।

(গ) ২০১৮ সালের মিসলেনিয়াস সার্ভিসেস (মেন) (বিজ্ঞপ্তি নং ২৯/২০১৭) পরীক্ষার ফল বেরোবে মার্চ মাস নাগাদ।

(ঘ) ২০১৮ সালের ওয়েস্ট বেঙ্গল ফরেস্ট অ্যান্ড সাব-অর্ডিনেট ফরেস্ট সার্ভিসের (বিজ্ঞপ্তি নং ১৪/২০১৮)'এর পার্সোন্যালিটি টেস্ট হবে ১৭ ফেব্রুয়ারি পর্যন্ত।

(ঙ) ফায়ার অপারেটর (বিজ্ঞপ্তি নং ১৫/২০১৮)' পদের শারীরিক মাপজোখ ও এন্ডিওরেন্স টেস্ট চলছে। সফল প্রার্থীদের ইন্টারভিউ শুরু মার্চে।

(চ) ডিস্ট্রিক্ট ম্যাস এডুকেশন এক্সটেনশন অফিসার (বিজ্ঞপ্তি নং ১৬/২০১৮)' পদের শারীরিক মাপজোখ ও এন্ডিওরেন্স টেস্টের ফল বেরোবে ফেব্রুয়ারিতে।

(ছ) ওয়েস্ট বেঙ্গল অডিট অ্যান্ড অ্যাকাউন্টস সার্ভিস মেন, ২০১৮ (বিজ্ঞপ্তি নং ২০/২০১৮)' পরীক্ষা হবে ২০ ফেব্রুয়ারি।

(জ) ২০১৮ সালের সাব-ইন্সপেক্টর অফ স্কুল (বিজ্ঞপ্তি নং ২২/২০১৮) পদের ইন্টারভিউ চলছে। চূড়ান্ত ফল মার্চে।

(ঝ) ওয়ার্ক্স অ্যাকাউন্ট্যান্ট, ২০১৮ (বিজ্ঞপ্তি নং ২৩/২০১৮)' এর মেন পরীক্ষার ফল বেরোবে জুনে।

(ঞ) সরকারি পলিটেকনিক কলেজের লেকচারার পদের কেমিস্ট্রি, অঙ্ক, মেটালার্জিক্যাল, ৩ডি অ্যানিমেশন অ্যান্ড গ্রাফিক্স পদের স্ক্রিনিং টেস্টের ফল বেরিয়েছে। অন্যান্য বিষয়ের ফল বেরোবে মার্চে।

(ট) ২০১৮ সালের সাব-ডিভিশনাল ইনফর্মেশন অ্যান্ড কালচারাল অফিসার (বিজ্ঞপ্তি নং ২৫/২০১৮) পদের মেন পরীক্ষার উত্তরপত্র মূল্যায়নের কাজ চলছে। মেন পরীক্ষার ফল বেরোবে এপ্রিলে।

(ঠ) ২০১৮ সালের সাব-ইন্সপেক্টর অফ ফুড (বিজ্ঞপ্তি নং ২৬/২০১৮)'এর প্রিলিমিনারি স্ক্রিনিং টেস্টের উত্তরপত্র মূল্যায়নের কাজ চলছে। ফল বেরোবে এপ্রিল মাস নাগাদ।

(ড) ২০১৮ সালের ওয়েস্ট বেঙ্গল লিগ্যাল সার্ভিস (বিজ্ঞপ্তি নং ২৮/২০১৮)'এর মেন পরীক্ষার উত্তরপত্র মূল্যায়নের কাজ চলছে। ফল বেরোবে মে মাস নাগাদ।

(ঢ) ওয়েস্ট বেঙ্গল ইনফর্মেশন ও কালচারাল সার্ভিস পরীক্ষা ক্যাটেগরি-এ, ২০১৮ (বিজ্ঞপ্তি নং ৯/২০১৯) পদের মেন পরীক্ষার ফল বেরোবে জুনে।

(ণ) ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট অফিসার (বিজ্ঞপ্তি নং ১০/২০১৯) পদের স্ক্রিনিং টেস্টের ফল বেরোবে মার্চে।

(ত) লাইভস্টক ডেভেলপমেন্ট অ্যাসিস্ট্যান্ট (বিজ্ঞপ্তি নং ১১/২০১৯) পদের স্ক্রিনিং টেস্টের ফল বেরোবে ফেব্রুয়ারি মাস নাগাদ।




**Central Institute of Plastics Engineering & Technology (CIPET)**
सेन्ट्रल इंस्टिट्यूट ऑफ प्लास्टिक्स इंजीनियरिंग एंड टेक्नोलॉजी (सिपेट)
(Dept.of Chemicals & Petrochemicals, Ministry of Chemicals & Fertilizers, Govt.of India)
City Centre, PO: Debhog, Haldia Dist: Purba-Medinipur, WB Pin-721657
Telephone : 03224-255534, e-mail : cipet.haldia@gmail.com

**OPEN HOUSE VISIT OF STUDENTS**

**Admission through Computer Based Test (CBT) JEE 2020**
**Apply Online: http://eadmission.cipet.gov.in**

In order to make wide Awareness about CIPET activities and Admission Procedure, an "OPEN HOUSE VISIT OF STUDENTS & PARENTS" is organised as follows:

**Date: 26 – 27 Feb 2020**
**Venue: CIPET: CSTS Campus, City Centre, Haldia.**
**Time: 09:30 a.m. to 06:30 p.m.**

**CIPET JEE 2020: Course Details**
Diploma, Post Diploma and Postgraduate Diploma Courses for 10th, 12th Std & above

| Sl. No. | Name of Course | Course Duration | Entry Qualification |
|---|---|---|---|
| 1 | Diploma in Plastics Mould Technology (DPMT) | 3 years | Full time 10th Std. |
| 2 | Diploma in Plastics Technology (DPT) | 3 years | Full time 10th Std. |
| 3 | Post Graduate Diploma in Plastics Processing & Testing (PGD-PPT) | 2 years | 3 year full time Degree in Science |
| 4 | Post Diploma in Plastics Mould Design with CAD/CAM (PD-PMD with CAD/CAM) | 1½ years | 3 year full time Diploma in Mechanical/Plastics/Polymer/Tool/Production/Mechatronics/Automobile/Tool & Die Making/Petrochemicals/Industrial/Instrumentation Engg/Technology or DPMT/DPT or Equivalent |

All the Students and Parents from Schools, Colleges, Polytechniques, ITIs, etc. who aspire for a bright career in Plastics Engineering are invited to attend the **"OPEN HOUSE VISIT OF STUDENTS & PARENTS"** for awareness about the facilities & infrastructures of CIPET Haldia.

**Contact Details:** traininigcipet.haldia@gmail.com , **Mob: 8167096985, 9432312648, 9749042189, 6295057761**

**Director & Head**



**ভারত ও পশ্চিমবঙ্গ সরকারের ট্রেনিং পার্টনার**
বিগত ১৬ বছর ধরে সাফল্যের সাথে চলছে
**Tally Academy**™
An ISO 9001:2015 Certified Organization




মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক ছাত্রছাত্রীদের Certificate, Diploma কোর্সে ভর্তি চলছে
•Tally.ERP9, GST• GST Return & Regi.
•E-Filing, •Income Tax •PF, ESI
• Payroll • Adv. Excel & Word
**শিখলেই চাকরির সুযোগ**

USING OUR ANDROID MOBILE APP.
• Student Online Verification
• Certificate Online verification
• Self Assessment for Final Exam.
• Mock Test for Final Exam.
• Current Jobs update
• Facebook & Youtube Video

**Head Office : College Street, Call : 9836548553, 9073518220, 8910287520**

Authorised Tally Academy :
Kankurgachi: 9836664272
Barasat : 9830225213
Sodepur : 9831503562
New Town : 6289339414
Kudghat : 9836074417
Liluah : 7044357234
Serampore : 9433256090
Garia : 9330939301
Jhargram : 9434546514
Ultadanga : 9874943692
New Alipore : 8420890411
Dunlop : 6291718860
Kalyani : 9903041709
Kanchrapara : 9903041709
Sonarpur : 9903330432
Kadamtala : 9830158268
CTI (Howrah) : 8777630393
Chakdah : 6292141580
Uluberia : 9647024099/641
Behala : 8335069161/38
Tollygunge : 7003637200
Basirhat : 6295741993
Nagerbazar : 6291349571
Diamond Harbour : 9734858945
Madhyamgram : 9830164543
Rajarhat : 9007811119
Shyamnagar : 8334039400
Ranaghat : 8481076610
Malda : 9775920240

১৬বছর সাফল্যের সাথে, ভারতের ১০টি রাজ্যে ৯০টি সেন্টার
**ফ্রানচাইজি**
(নতুন সেন্টার খুলতে)
TALLY ACADEMY IS RIGHT FOR YOU IF ....
• Already Computer Training Centre
• Coaching Centre/Taxation Farm
• Business Man, Working Man/Woman
**Call : 8910287520, 9836005115**
Website : tallyacademy.co

## সাপ্তাহিক ঘটনাপ্রবাহ

গত সপ্তাহের পর

৩০ জানুয়ারি : ভারতের গীতা সবরওয়ালকে, তাইল্যান্ডে রেসিডেন্ট কোঅর্ডিনেটর হিসাবে নিয়োগ করল রাষ্ট্রসঙ্ঘ।

□ নেপালে, ভারতের পরবর্তী রাষ্ট্রদূত হলেন বিনয় মোহন কাতরা।

□ গণতান্ত্রিক চিন্তাভাবনার জন্য, ২০১৯-'২০ সালের 'পিইএন গৌরী লঙ্কেশ' পুরস্কার পাচ্ছেন কাশ্মীরি সাংবাদিক ইউসুফ জামিল। ২০১৭ সালে খুন হওয়া প্রখ্যাত ভারতীয় সাংবাদিক গৌরী লঙ্কেশের স্মরণে পিইএন দক্ষিণ ভারত ও পিইএন দিল্লি এই পুরস্কারটি প্রতিষ্ঠা করেছিল। ১৯৮০ সাল থেকে প্রিন্ট ও রেডিওতে ইংরিজি ও উর্দু দুই ক্ষেত্রেই সাংবাদিকতার কাজ করেছেন ইউসুফ জামিল।

□ ২০১৯ সালের 'ওয়ার্ল্ড গেমস অ্যাথলিট অফ দ্য ইয়ার' সম্মানে ভূষিত হলেন ভারতের মহিলা হকি দলের অধিনায়ক রানি রামপাল। সারা বিশ্বজুড়ে ২০ দিন ভোটপর্ব চলার পর তাঁর নাম ঘোষণা করা হয়। ১ লাখ ৯৯ হাজার ৪৭৭ ভোট পেয়ে শীর্ষে ছিলেন রানি।

□ উত্তর-পূর্ব রাজ্যে বিদ্রোহের বিরুদ্ধে লড়াইয়ের সময় শহীদ ৩৫৭ সেনা ও অসম রাইফেলস কর্মীদের স্মৃতির উদ্দেশ্যে নাগাল্যান্ডে একটি যুদ্ধ স্মারক তৈরি করল অসম রাইফেলস। নাগাল্যান্ডের সাংস্কৃতিক ও বৌদ্ধিক কেন্দ্র বলে পরিচিত মোকোকচাংয়ে এটি তৈরি হয়েছে। ১৩,৫০০ বর্গফুট জুড়ে বিস্তৃত এই স্মৃতিসৌধটির নাম 'বীর স্মৃতি'।

৩১ জানুয়ারি : বি মুরলী কুমারকে স্পেশাল এক্সপেন্ডিচার অবজার্ভার হিসাবে নিয়োগ করল ভারতের নির্বাচন কমিশন (ECI)।

□ বিশ্বখ্যাত তথ্যপ্রযুক্তি সংস্থা 'ইন্টারন্যাশনাল বিজনেস মেশিনস কর্পোরেশন'এর (IBM) চিফ এক্সিকিউটিভ অফিসার হচ্ছেন ভারতীয় বংশোদ্ভূত বিশিষ্ট প্রযুক্তি বিশেষজ্ঞ অরবিন্দ কৃষ্ণ।

□ ভারতের প্রথম ব্যাঙ্ক হিসাবে, 'iBox' নামে ২৪×৭ সেলফ-সার্ভিস ডেলিভারি টুল চালু করল আইসিআইসিআই ব্যাঙ্ক। এই সুবিধার আওতায় গ্রাহকরা এখন থেকে তাদের বাড়ি বা, অফিসের কাছাকাছি শাখা থেকে নিজেদের ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড, চেক বই ও রিটার্ন চেক নিতে পারবেন। আইবক্স টার্মিনালগুলি ব্যাঙ্কের শাখার প্রাঙ্গণের বাইরে বসানো থাকবে, যা ব্যাঙ্ক বন্ধ হয়ে যাওয়ার পরও ব্যবহার করা যাবে।

□ কেরালাকে ৩-০ ব্যবধানে হারিয়ে, অন্ধ্র প্রদেশের কাডাপ্পায় অনূর্ধ্ব ১৮ জুনিয়র জাতীয় ভলিবলে মেয়েদের বিভাগে চ্যাম্পিয়ন হল বাংলা।

□ তাইওয়ানের সেই সু উই ও চেক রিপাব্লিকের বার্বোরা স্ট্রাইকোভা জুটিকে ৬-২ ও ৬-১ ব্যবধানে হারিয়ে, 'অস্ট্রেলিয়ান ওপন টেনিস'এ মহিলাদের ডাবলসে চ্যাম্পিয়ন হলেন হাঙ্গেরির টিমেয়া বাবোস ও ফ্রান্সের ক্রিস্টিনা ম্লাদেনোভিচ জুটি।

১ ফেব্রুয়ারি : কানাডায়, ভারতের পরবর্তী হাই কমিশনার হলেন অজয় বিশারিয়া। এরপর ১৩ পাতায়

## কমন পেতে জরুরি তথ্য

প্রত্যেক সপ্তাহে বিশ্বে এমন অনেক ঘটনা ঘটে, যা চাকরির পরীক্ষায় সাম্প্রতিক ঘটনার প্রশ্ন হিসাবে আসে। কিন্তু কোন ঘটনা কমন আসবেই তা বুঝতে কালঘাম ছুটে যায়। তারই হদিশ দিতে চলছে এই নতুন বিভাগ।

# কেন্দ্রীয় বাজেট ২০২০




কেন্দ্রীয় বাজেট হল ভারতের বার্ষিক আর্থিক প্রতিবেদন, যা পর্যায়ক্রমিক ভিত্তিতে সরকারের আয়-ব্যয়ের একটি অনুমান। ভারতীয় সংবিধানের ১১২ নম্বর ধারা অনুযায়ী, বাজেট পেশ করা সরকারের বাধ্যতামূলক কাজ। ঠিক সেই রীতি মেনেই, পূর্ণ সময়ের কেন্দ্রীয় অর্থমন্ত্রী হিসাবে এই নিয়ে দ্বিতীয়বার (২০২০-'২১ আর্থিক বছরের) ১ ফেব্রুয়ারি সংসদে বাজেট পেশ করলেন নির্মলা সীতারামন। একনজরে দেখে নেওয়া যাক এবছরের নতুন বাজেট।

### নতুন বাজেট অনুযায়ী কী কী ঘটল

* বছরে ৫ লাখ টাকা পর্যন্ত আয়ের ওপর ছাড় বহাল আয়করে।
* নতুন কর কাঠামোয় কোনো ছাড় নেই। ছাড় পেতে পুরনো হারে কর দিতে হবে।
* ১ এপ্রিল থেকে নতুন ও সহজ পদ্ধতিতে জিএসটি দাখিল করা যাবে।
* ব্যাঙ্ক বন্ধ হলে সর্বোচ্চ ৫ লাখ টাকার বিমার সুবিধা পাবেন গ্রাহকরা।
* নারী উন্নয়ন খাতে বরাদ্দ ২৮,৬০০ কোটি টাকা।
* প্রবীণ নাগরিকদের পাশাপাশি বিশেষভাবে সক্ষমদের জন্য বরাদ্দ ৯০০ হাজার কোটি টাকা।
* শিল্প ও বাণিজ্য উন্নয়ন খাতে বরাদ্দ ২৭ হাজার ৩০০ কোটি টাকা।
* কৃষি উন্নয়নে বরাদ্দ ২ লাখ ৮৩ কোটি টাকা।
* স্বাস্থ্যক্ষেত্রে উন্নয়নে বরাদ্দ ৬৯ হাজার কোটি টাকা।
* শিক্ষাক্ষেত্রে উন্নয়নে বরাদ্দ ৯৯ হাজার ৩০০ কোটি টাকা।
* গ্রামোন্নয়নে বরাদ্দ ১ লাখ ২৩ হাজার কোটি টাকা।
* জলজীবন প্রকল্পে বরাদ্দ ৩ লাখ ৬০ হাজার কোটি টাকা।
* ৩ বছরের মধ্যে প্রতি ঘরে প্রিপেড স্মার্ট মিটার বসানোর ঘোষণা।
* প্রতি জেলায় গড়া হবে রফতানি হাব।
* রেলের ফাঁকা জমিতে সৌরবিদ্যুৎ কেন্দ্র গড়া হবে।
* আমদানি করা বৈদ্যুতিক গাড়ির ওপর আমদানি শুল্ক বাড়ছে।
* রান্নার সরঞ্জামের ওপর আমদানি শুল্ক বাড়ছে।
* অনলাইনে হাতে হাতে মিলবে প্যান কার্ড।
* দেশের ৫টি রাজ্যের ৫টি উল্লেখযোগ্য প্রত্নতাত্ত্বিক স্থানে বিশেষ সংগ্রহশালা গড়া হবে। এই ৫টি প্রত্নতাত্ত্বিক স্থান হল — হরিয়ানার রাখিগরহি, উত্তর প্রদেশের হস্তিনাপুর, অসমের শিবসাগর, গুজরাতের ধোলাভিরা ও তামিলনাড়ুর আদিচানাল্লুর।



### একনজরে বাজেট সংক্রান্ত কিছু গুরুত্বপূর্ণ তথ্য

* স্বাধীনতার আগে ভারতের প্রথম বাজেট পেশ করেন স্কটসম্যান জেমস উইলসন (১৮৬০ সালের ১৮ ফেব্রুয়ারি)।
* স্বাধীন ভারতের প্রথম পূর্ণ বাজেট পেশ করেন রামাস্বামী চেট্টি কান্দাস্বামী শন্মুখম চেট্টি (১৯৪৭ সালের ২৬ নভেম্বর)।
* টানা ৯২ বছর ভারতের রেল বাজেট আলাদাভাবে পেশ করা হত। ২০১৭ সাল থেকে রেল বাজেটকে কেন্দ্রীয় বাজেটের সঙ্গে মিশিয়ে দেওয়া হয়।
* ১৯৫৫ সাল পর্যন্ত শুধুমাত্র ইংরিজি ভাষায় কেন্দ্রীয় বাজেট পেশ করা হত। ১৯৫৫-'৫৬ আর্থিক বছর থেকে ইংরিজি ও হিন্দি ২ ভাষাতেই বাজেট ছাপা হওয়া শুরু হয়।
* প্রাক্তন প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধীর পর (অর্থমন্ত্রকের অতিরিক্ত দায়িত্ব নিয়ে ১৯৭০-'৭১ সালে বাজেট পেশ করেন তিনি), পূর্ণ সময়ের অর্থমন্ত্রী হিসাবে ২০১৯ সালে প্রথম মহিলা হিসাবে বাজেট পেশ করেছিলেন নির্মলা সীতারামন। এবছরও দ্বিতীয়বার বাজেট পেশ করলেন তিনিই।
* সংসদে সবথেকে বেশিবার (১০ বার) বাজেট পেশ করেছেন মোরারজি দেশাই। ৮ বার পূর্ণ সময় ও ২ বার অন্তর্বর্তীকালীন বাজেট পেশ করেন তিনি।
* ১৯৭৩-'৭৪ সালে যশবন্তরাও বলবন্তরাও চবনের পেশ করা বাজেট 'কালো বাজেট' নামে পরিচিত। কারণ, তাতে যে বিপুল ঘাটতি দেখানো হয়েছিল, তার পরিমাণ ছিল ৫৫০ কোটি টাকা।
* শব্দ সংখ্যার নিরিখে (এতে ছিল ১৮,৭৭৭টি শব্দ), ১৯৯১ সালে দেশের দীর্ঘতম বাজেট পেশ করেন মনমোহন সিং। ১৯৭৭ সালে সবথেকে ছোট বাজেট পেশ করেন হীরুভাই মুলজিভাই প্যাটেল (এতে ছিল ৮০০টি শব্দ)। তবে এটি অন্তর্বর্তী বাজেট ছিল।
* ১৯৬৫-'৬৬ আর্থিক বছরের বাজেটে প্রথম 'ভলান্টারি ডিসক্লোজার ইনকাম স্কিম' (VDIS) চালু করেন তিরুভেল্লোর থাট্টাই কৃষ্ণমাচারি।
* চিন্তামন দ্বারকানাথ দেশমুখ প্রথম ব্যক্তি, যিনি আগে রিজার্ভ ব্যাঙ্কের গভর্নর ছিলেন ও পরে অর্থমন্ত্রী হন আর ১৯৫১ সালে বাজেট পেশ করেন।
* ২০১৬ সাল পর্যন্ত লোকসভায় ফেব্রুয়ারির শেষ কাজের দিনটিতে বাজেট পেশ করা হত। কিন্তু ২০১৭ সালে অর্থমন্ত্রী অরুণ জেটলি এই তারিখ বদল করার পর থেকেই ১ ফেব্রুয়ারি বাজেট পেশ করা হয়ে আসছে।
* প্রথম রাজ্যসভার সদস্য হিসাবে বাজেট পেশ করেন প্রণব মুখোপাধ্যায় (১৯৮২-'৮৩)।
* যশবন্ত সিনহা ও মনমোহন সিং একই বছর (১৯৯১ সালে) ২ বার দুই দলের অর্থমন্ত্রী হিসাবে বাজেট পেশ করেন। প্রথম জন মার্চে অন্তর্বর্তীকালীন বাজেট পেশ করেন ও দ্বিতীয় জন জুলাইয়ে পূর্ণ সময়ের বাজেট পেশ করেন।

### দামি হল



মাখন ঘি, মাখন তেল, ভোজ্য তেল, আমদানি করা চিকিৎসা সরঞ্জাম, আসবাবপত্র, জুতো, পোর্সেলিন ও চিনা সেরেমিকে তৈরি গৃহস্থালির সরঞ্জাম আর বাসনকোসন, ক্লে আয়রন, ইস্পাত, লোহা, ক্যাটালিটিক কনভার্টার, বৈদ্যুতিক গাড়ি ছাড়া বাণিজ্যিক গাড়ির যন্ত্রাংশ, সিগারেট ও তামাকজাত পণ্য, ফ্যান-সহ বৈদ্যুতিক সরঞ্জাম, মোবাইল ফোন, খেলনা, মদ, রেফ্রিজারেটর প্রভৃতি।

### সস্তা হল

নিউজপ্রিন্ট, খেলার সরঞ্জাম, চিনি, কৃষিজ ও প্রাণীজভিত্তিক সম্পদ, মাইক্রোফোন, প্ল্যাটিনাম, স্কিমড দুধ, টুনা বেট, সয়া ফাইবার, ও সয়া প্রোটিন।

### বাজেট বক্তৃতায় নজির





* নির্মলা সীতারামন : ২ ঘন্টা ৪২ মিনিট (২০২০ সাল)।
* নির্মলা সীতারামন : ২ ঘন্টা ১৭ মিনিট (২০১৯ সাল)।
* যশোবন্ত সিংহ : ২ ঘন্টা ১৫ মিনিট (২০০৩ সাল)।
* অরুণ জেটলি : ২ ঘন্টা ১০ মিনিট (২০১৪ সাল)।

### বাংলার ভাগ্যে যা জুটল


এবছরের বাজেটে বাংলার ভাগ্যে তেমন কিছু শিকে ছিঁড়ল না। এদিন বাজেট পেশ করতে গিয়ে অর্থমন্ত্রী জানান, ভারতীয় জাদুঘরের উন্নয়নে বিশেষ জোর দেবে কেন্দ্রীয় সরকার। জানুয়ারিতেই প্রধানমন্ত্রী নরেন্দ্র দামোদরদাস মোদী কলকাতায় ভারতীয় জাদুঘরের উন্নতি নিয়ে ঘোষণা করেছিলেন। তারই প্রতিফলন ঘটল এবারের বাজেটে।

## এবছর বাজেটে প্রথমবার যেসব গুরুত্বপূর্ণ ঘোষণা করা হল

*** পড হোটেল :** জাপানের ধাঁচে, দেশে প্রথম 'পড হোটেল' (যা ক্যাপসুল হোটেল নামে পরিচিত) খুলতে চলেছে ভারতীয় রেল। এজন্য দরপত্র চেয়েছে 'ইন্ডিয়ান রেলওয়েজ ক্যাটারিং অ্যান্ড ট্যুরিজম কর্পোরেশন'। বিছানার মাপের ছোট ঘরের এই হোটেলে অনেক সস্তায় রাত্রিযাপন করতে পারবেন যাত্রীরা।



*** স্মার্ট প্রিপেড মিটার :** বিদ্যুৎ গ্রাহকদের হয়রানি কমাতে, ৩ বছরের মধ্যে প্রত্যেক ঘরে ঘরে স্মার্ট প্রিপেড মিটার বসানোর প্রস্তাব দেওয়া হয়েছে এবারের বাজেটে। এই ব্যবস্থা অনেকটা প্রিপেড মোবাইল ফোনের মতো। মোবাইলের মতো বিদ্যুৎ ব্যবহারের আগে মিটার রিচার্জ করতে হবে। তার বৈধতা শেষ হওয়ার এক সপ্তাহ আগেই মোবাইলে বার্তা পেয়ে যাবেন গ্রাহকরা।



*** এল.আই.সি'র অংশীদারিত্বের একাংশে বিলগ্নিকরণ :** এল.আই.সি বা, জীবনবিমা নিগমে নিজেদের অংশীদারিত্বের একাংশ বিক্রি করে দেওয়ার ঘোষণা করেছেন নির্মলা সীতারামন। দেশের বৃহত্তম জীবনবিমা সংস্থার কত শতাংশ অংশীদারিত্ব বিক্রির পরিকল্পনা কেন্দ্র করছে, তা এখনও স্পষ্ট নয়। কতদিনের মধ্যে এই পদক্ষেপ করা হবে, তা নিয়ে কোনো উল্লেখ এদিন করেননি অর্থমন্ত্রী।

*** কিষান রেল :** দেশের কৃষিক্ষেত্রকে চাঙ্গা করতে, ভারতীয় রেলের সঙ্গে কৃষিক্ষেত্রকে যুক্ত করতে পাব্লিক-প্রাইভেট-পার্টনারশিপ (PPP) মডেলে 'কিষান রেল' চালু করার কথা ঘোষণা করেছেন অর্থমন্ত্রী। এই কিষান রেলের মাধ্যমে যেসব ফসল দ্রুত নষ্ট হয়ে যাওয়ার প্রবণতা আছে, তাদের বিশেষ কোল্ড স্টোরেজ পদ্ধতিতে দেশের যেকোনো প্রান্তের হিমঘরে পাঠানো যাবে।

*** থালিনমিক্স : দ্য ইকোনমিক্স অফ এ প্লেট অফ ফুড ইন ইন্ডিয়া :** সাধারণ মানুষের অর্থনৈতিক অবস্থা যে এখন অনেক উন্নত, তা বোঝাতে আম-আদমির এক থালা খাবার'কে মাথায় রেখে এবছরের বাজেটে কেন্দ্রীয় অর্থমন্ত্রকের মুখ্য অর্থনৈতিক উপদেষ্টা কৃষ্ণমূর্তি ভি. সুব্রহ্মণ্যম একটি অধ্যায় বরাদ্দ করেছেন। 'ভেজ থালি' ও 'নন-ভেজ থালি'র দামের সূচক বিশ্লেষণ করে তিনি দেখান, গত ১৩ বছরে ২ বেলা ভেজ থালি খাওয়া ৫ সদস্যের ভারতীয় পরিবারের বার্ষিক সাশ্রয় বেড়েছে ১০,৮৮৭ টাকা। নন-ভেজ থালি খাওয়া পরিবারের ক্ষেত্রে এই সাশ্রয় বেড়েছে ১১,৭৮৭ টাকা। ২০০৬-'০৭ আর্থিক বছর থেকে ২০১৯-'২০ আর্থিক বছরের মধ্যে ভেজ থালি ২৯% ও নন-ভেজ থালি ১৮% সস্তা হয়েছে।



১২ পাতার পর

□ ফের ৫৪ তম সদস্য দেশ হিসাবে 'কমনওয়েলথ'এ যোগ দিল মলদ্বীপ। ২০১৮ সালের ডিসেম্বরে, যখন দেশটির প্রেসিডেন্ট ইব্রাহিম মহম্মদ সোলিহ কমনওয়েলথ সেক্রেটারি জেনারেলকে আবার কমনওয়েলথে যোগ দেওয়ার ব্যাপারে আগ্রহ দেখিয়েছিলেন, তখন থেকেই এই প্রক্রিয়াটি চলছিল। ২০১৬ সালে কমনওয়েলথ থেকে বেরিয়ে গিয়েছিল দেশটি। ১৯৮২ সালে প্রথমবারের মতো কমনওয়েলথের সদস্য হয়েছিল মলদ্বীপ।



স্পেনের গার্বিন মুগুরুজাকে ৪-৬, ৬-২ ও ৬-২ ব্যবধানে হারিয়ে, 'অস্ট্রেলিয়ান ওপন'এ মহিলাদের সিঙ্গলসে চ্যাম্পিয়ন হলেন মার্কিন যুক্তরাষ্ট্রের সোফিয়া কেনিন।

□ খিলা প্রতিদ্বন্দ্বিতায়, 'সর্বভারতীয় প্যারালিম্পিক্স কমিটি'র প্রেসিডেন্ট পদে মনোনীত হলেন রিও গেমসে পদক জয়ী বিশেষভাবে সক্ষম ক্রীড়াবিদ দীপা মালিক।

□ আনুষ্ঠানিকভাবে কার্যকর হল ব্রেক্সিট। স্থানীয় সময় রাত ১১টায় স্বাধীনতা দিবস পালন করলেন ব্রিটিশরা। ২০১৬ সালের গণভোটের রায় মেনে ৪৭ বছর পর প্রথম দেশ হিসাবে 'ইউরোপীয় ইউনিয়ন'কে বিদায় জানালো ব্রিটেন। তবে, ব্রেক্সিট কার্যকর হলেও আগামী ১১ মাস 'ট্রানজিশন পিরিয়ড'এ ইউরোপীয় ইউনিয়নের সঙ্গে কার্যত জুড়েই থাকবে ব্রিটেন। ব্রিটেন 'ইউরোপীয় ইউনিয়ন'এর সদস্যপদ থেকে বেরিয়ে যাওয়ার পর, এখন ইউরোপীয় ইউনিয়নের সদস্যসংখ্যা ২৭।

২ ফেব্রুয়ারি : ইরাকের প্রধানমন্ত্রী হলেন মুহাম্মদ তৌফিক আলাবি।

□ শ্রীলঙ্কায়, ভারতের হাই কমিশনার হলেন গোপাল বাগলে।



ডমিনিক থিয়েমকে ৬-৪, ৪-৬, ২-৬ ও ৬-৩ ব্যবধানে হারিয়ে, অষ্টমবারের জন্য 'অস্ট্রেলিয়ান ওপন'এ পুরুষদের সিঙ্গলসে চ্যাম্পিয়ন হলেন সার্বিয়ান কিংবদন্তি নোভাক জকোভিচ।

□ মার্কিন যুক্তরাষ্ট্রের 'উই ওয়ার্ক' সংস্থার চিফ এক্সিকিউটিভ অফিসার হলেন সন্দীপ মথরানি।

□ অন্ধ্র প্রদেশের তাদিপত্রি রেলওয়ে স্টেশন থেকে চালু হল ভারতের প্রথম ফল ট্রেন। ৯৮০ মেট্রিক টন স্থানীয় কলা নিয়ে এই ট্রেন যাবে মুম্বই আর সেখান থেকে তা বিদেশে রফতানি করা হবে। এইসব কলা 'হ্যাপি ব্যানানাস' ব্র্যান্ড নামে রফতানি করা হবে।

□ কর্ণাটকে, হুবলি-ধারওয়াদ বাস র‍্যাপিড ট্রানসিট (BRT) প্রকল্প উদ্বোধন করলেন ভারতের উপরাষ্ট্রপতি মুপ্পাভারাপু বেঙ্কাইয়া নাইডু। রাজ্যের উত্তর-পশ্চিমাঞ্চলে অবস্থিত হুবলি ও ধারওয়াদ শহরের জন্য এই প্রস্তাবিত প্রকল্প তৈরি হয়েছে। এখন ১০০টি শীতাতপ নিয়ন্ত্রিত 'চিগারি' বাস বি.আর.টি.এস'এ চলাচল করছে ও অতিরিক্ত ৫৫টি বৈদ্যুতিন বাস সংগ্রহের কাজ চলছে।

## বিশেষ বিজ্ঞপ্তি

**কর্মসংস্থান** পত্রিকায় প্রকাশিত যে কোনো বিতর্কিত আলোচনা বা, নিবন্ধের যাবতীয় দায়িত্ব লেখকের। কর্মসংস্থান কর্তৃপক্ষ কোনোভাবেই এজন্য দায়ী থাকবে না। ওই মতামত কারো পছন্দসই না হলে, প্রতিবাদ জানাতে পারেন। সেক্ষেত্রে তাও যথাযোগ্য মর্যাদায় ছাপা হবে। কারণ, এটি গণমাধ্যম।

□ অনুবাদকৃত বই 'Blue Is Like Blue'এর জন্য, ২০২০ সালে প্রথম 'বর্ষসেরা মাথরুভূমি বই' পুরস্কার পেলেন 'সাহিত্য আকাদেমি পুরস্কার' প্রাপ্তবিশিষ্ট হিন্দি কবি-ঔপন্যাসিক বিনোদ কুমার শুক্লা। সাধারণ মানুষ ও তাদের দৈনন্দিন সংগ্রাম সম্পর্কে বইটি লেখা হয়েছে। বইটির গল্পগুলি ইংরিজি ভাষায় অনুবাদ করেছেন অরবিন্দ কৃষ্ণ মেহরোত্রা ও সারা রাই। বইটির প্রকাশক 'হারপার কলিন্স ইন্ডিয়া'। কেরালাভিত্তিক মালয়লম পত্রিকা 'মাথরুভূমি' এই পুরস্কার দেয়।

□ ২০২০ সালে ৭৩ তম 'ব্রিটিশ আকাদেমি অফ ফিল্ম অ্যান্ড টেলিভিশন আর্টস' (BAFTA) চলচ্চিত্র পুরস্কারে সেরা চলচ্চিত্রের সম্মান পেল স্যাম মেন্ডেস পরিচালিত ব্রিটিশ চলচ্চিত্র '১৯১৭'। এছাড়াও, এই চলচ্চিত্রের জন্য সেরা চলচ্চিত্র পরিচালকের পুরস্কার গিয়েছে স্যাম মেন্ডেসের ঝুলিতে। সিনেমাটোগ্রাফি, প্রোডাকশন ডিজাইন, সাউন্ড, স্পেশাল ভিশুয়াল এফেক্টস, ও ব্রিটিশ চলচ্চিত্র বিভাগেও সেরার সম্মান পেয়েছে এই চলচ্চিত্র।

৩ ফেব্রুয়ারি : 'হিন্দুস্তান অ্যারোনটিক্স লিমিটেড'এর (HAL) চিফ এক্সিকিউটিভ অফিসার (বেঙ্গালুরু কমপ্লেক্স) হলেন অমিতাভ ভাট।

□ 'কোল ইন্ডিয়া লিমিটেড'এর চেয়ারম্যান ও ম্যানেজিং ডিরেক্টর হলেন প্রমোদ আগরওয়াল।

২০১৮ সালের জন্য, মধ্য প্রদেশ সরকারের 'জাতীয় কিশোর কুমার সম্মান' পেলেন প্রখ্যাত ভারতীয় চলচ্চিত্রাভিনেত্রী ওয়াহিদা রহমান।



মুম্বইয়ের বান্দ্রার বাড়িতে অভিনেত্রীর হাতে এই পুরস্কার তুলে দিয়েছেন মধ্য প্রদেশের সংস্কৃতি মন্ত্রী বিজয়লক্ষ্মী সাধো। পুরস্কার হিসাবে দেওয়া হয়েছে নগদ ২ লাখ টাকা ও প্রশংসাপত্র।

□ কসোভোর প্রধানমন্ত্রী হলেন আলবিন কুর্তি।

□ 'সেন্ট্রাল বোর্ড অফ ইনডিরেক্ট ট্যাক্সেস অ্যান্ড কাস্টমস'এর (CBIC) চেয়ারম্যান হলেন এম অজিত কুমার।

□ প্রথম ভারতীয় হিসাবে 'দ্য ইন্টারন্যাশনাল অ্যাসোসিয়েশন অফ ডেন্টাল রিসার্চ'এর (IADR) ফেলোশিপ পেয়ে নজির গড়লেন 'আলিগড় মুসলিম বিশ্ববিদ্যালয়'এর (AMU) অধীন 'ড. জেড এ ডেন্টাল কলেজ'এর (ZADC) ডিপার্টমেন্ট অফ পেডিয়াট্রিক্স অ্যান্ড প্রিভেন্টিভ ডেন্টিস্ট্রি'র চেয়ারপার্সন ড. সাইমা ইউনুস খান। কানাডার 'চিল্ড্রেন্স হসপিটাল রিসার্চ ইনস্টিটিউট অফ মানিটোবা'য় ৫ মাসের জন্য দাঁতের চিকিৎসার প্রশিক্ষণ ও অভিজ্ঞতা অর্জনের জন্য 'আই.এ.ডি.আর'এর জন ক্লার্কসন ফেলোশিপ দেওয়া হয়। ১৮ মার্চ, মার্কিন যুক্তরাষ্ট্রের ওয়াশিংটন ডিসিতে ড. সাইমাকে আনুষ্ঠানিকভাবে ১৫,০০০ মার্কিন ডলার ও ফেলোশিপ দেওয়া হবে।

□ লন্ডন ভিত্তিক ফিনান্সিয়াল ইন্টেলিজেন্স ম্যাগাজিন 'দ্য ব্যাঙ্কার'এর তরফ থেকে, এশিয়া প্যাসিফিক অঞ্চলের জন্য ২০২০ সালের 'বর্ষসেরা সেন্ট্রাল ব্যাঙ্কার'এর সম্মান পেলেন ভারতীয় রিজার্ভ ব্যাঙ্কের গভর্নর শক্তিকান্ত দাশ।

□ রাজ্যের জনগণের দোরগোড়ায় পেনশন পৌঁছে দিতে, 'ওয়াইএসআর পেনশন কানুকা' প্রকল্প চালু করলেন অন্ধ্র প্রদেশের মুখ্যমন্ত্রী ইয়েদুগুরি সান্দিনতি জগন্মোহন রেড্ডি। প্রবীণ ব্যক্তি, বিধবা, প্রতিবন্ধী, রূপান্তরকামী ও আর্থিকভাবে পিছিয়ে পড়াদের ক্ষেত্রে এই সুবিধা বিশেষভাবে প্রযোজ্য হবে। এই প্রকল্পের আওতায় আসতে গেলে গ্রামাঞ্চলে বসবাসকারীদের ক্ষেত্রে পারিবারিক মাসিক আয় হতে হবে ১০,০০০ টাকার কম ও শহরাঞ্চলে বসবাসকারীদের ক্ষেত্রে ১২,০০০ টাকার কম। মাসিক বিদ্যুতের খরচ হতে হবে ৩০০ ইউনিটের কম। সরকারি কর্মচারী ও পেনশন প্রাপকের পরিবারের কোনো সদস্য এই প্রকল্পের আওতায় আসবেন না।

সাপ্তাহিক ঘটনাপ্রবাহ

□ প্রধানমন্ত্রী মাতৃ বন্দনা যোজনা বাস্তবায়নের জন্য, প্রথম স্থান পেল মধ্য প্রদেশ। কেন্দ্রীয় মহিলা ও শিশু উন্নয়ন মন্ত্রী স্মৃতি ইরানি নয়াদিল্লিতে, এক অনুষ্ঠানে মধ্য প্রদেশ সরকারকে এই পুরস্কার দেবে। মধ্য প্রদেশের মহিলা ও শিশু উন্নয়ন মন্ত্রী ইমারতী দেবী ও প্রধান সম্পাদক অনুপম রাজন মধ্য প্রদেশ সরকারের হয়ে এই পুরস্কার নেবেন। ২০১৭ সালের ১ জুলাই, প্রসূতিদের জন্য 'প্রধানমন্ত্রী মাতৃ বন্দনা যোজনা' দেশের সব রাজ্যে বাস্তবায়িত হয়েছিল। এই প্রকল্পের আওতায় মাতৃ ও শিশু স্বাস্থ্যের সঙ্গে সম্পর্কিত বিশেষ শর্ত পূরণের ক্ষেত্রে পরিবারের প্রথম জীবিত সন্তানের মায়েদের ব্যাঙ্ক ও পোস্ট অফিস অ্যাকাউন্টে সরাসরি ৫,০০০ টাকা নগদ সরবরাহ করা হয়।

□ তেলেঙ্গানার নির্মল জেলার, বাসারের 'রাজীব গান্ধী ইউনিভার্সিটি অফ নলেজ টেকনোলজিস'এ (RGUKT) অনুষ্ঠিত হল ভারতের সবথেকে বড় রুরাল টেকনিক্যাল উৎসব 'আন্তঃপ্রজ্ঞা ২০২০'। এবছর এর থিম 'স্পট অ্যান্ড এনকারেজ রুরাল টেক ইনোভেটরস'।

□ অষ্টমবার ২০১৯ সালে পোল্যান্ডের বর্ষসেরা ফুটবলার মনোনীত হলেন রবার্ট লেওনডস্কি।

এরপর আগামী সপ্তাহে

সঙ্কলক : পল্লবী দেওয়ান

## মিসলেনিয়াস সার্ভিসেস প্রিলিমিনারি

৬ পাতার পর

প্রথমে A তরলের পরিমাণ $= 7x = 21$ লিটার। **93(A).** 341 বিক্রয় করে 10% লাভ করলে,

$$\text{ক্রয়মূল্য} = \frac{100 \times \text{বিক্রয়মূল্য}}{100 \times \text{লাভের হার}}$$

$$= \frac{100}{100+10} \times 341 = \frac{10}{11} \times 341 = 310 \text{ টাকা।}$$

প্রথম প্রকার 300, দ্বিতীয় প্রকার 325, মিশ্রণ 310

$325-310 = 15$    $310-300=10$

দু'প্রকার চায়ের অনুপাত $= 15 : 10 = 3 : 2$. **94(C).** 65. **95(B).** 5. **96(D).** 50. **97(B).** 45. **98(D).** 1 ঘণ্টায়

$$\text{ছিদ্র-সহ জলাধারে পূর্ণ অংশ} = \frac{1}{\frac{7}{3}} = \frac{3}{7}.$$

$$\text{শুধুমাত্র আগম নল দিয়ে পূর্ণ অংশ} = \frac{1}{2}.$$

$$\text{শুধুমাত্র ছিদ্র দিয়ে প্রতি মিনিটে খালি অংশ} = \frac{1}{2} - \frac{3}{7} = \frac{1}{14}.$$

14 ঘণ্টায় শুধুমাত্র ছিদ্র দিয়ে পূর্ণ জলাধার খালি হবে। **99(B).** মোট লাভ = 100 টাকা। কর = 5 টাকা। কর বাদে লাভ = (100–5) = 95 টাকা।

$$\text{A-র লভ্যাংশ} = \left(\frac{3}{3+2}\right) \times 95 = 57 \text{ টাকা।}$$

A-র লভ্যাংশ 57 টাকা হলে মোট লাভ 100 টাকা।
A-র লভ্যাংশ 855 টাকা হলে মোট লাভ

$$= \frac{100}{57} \times 855 = \frac{100}{3} \times 45 = 1,500 \text{ টাকা।}$$ **100(C).**

$$\text{লাভের হার} = \frac{x-y}{y} \times 100\% = \left(\frac{6-5}{5} \times 100\right)\% = \frac{1}{5} \times 100\% = 20\%.$$


বেরিয়েছে

# শিলাদিত্য ফেব্রুয়ারি ২০২০


## বিশেষ রচনা

জনপ্রিয় গীতিনাট্য হিসাবে বিদেশে অপেরার কদর বহু প্রাচীন। ১৬ শতাব্দীর শেষদিকে ইটালির ফ্লোরেন্সে অপেরার সূচনা হয়েছিল। তারপরে কীভাবে তা বিভিন্ন দেশে প্রবল জনপ্রিয় হয়ে ওঠে সেই ইতিহাস জানালেন **কালীপদ চক্রবর্তী।**




ছাপানো বই-এর পাশে ই-বুক। সময়, কাল ভেদে পড়ার দুনিয়ায় পরিবর্তন এসেছে। পাঠকেরা দুই দলে বিভক্ত, কেন? তার অনুসন্ধানে **সৌমিক ঘোষ।**

মুর্শিদাবাদের কাশিমবাজারে একচিলতে জায়গায় অজানা এক ইতিহাস স্তব্ধ হয়ে আছে। ডাচ-দের এই কবরখানার রহস্য উদঘাটন করলেন **সৌমেন জানা।**



জেমস বন্ডের কথা কে না জানে! ওই চরিত্রে শন কোনারির মতো প্রভাব আর কেউ রাখতে পারেননি। দারিদ্র্যের মধ্যে বড়ো হয়ে ওঠা এই মানুষটির জীবন চিত্রটাই চলচ্চিত্রের মতো। তাঁকে নিয়ে লিখলেন **কৌশিক রায়।**



# কলকাতা পুলিশে ৩ হাজার কনস্টেবল ও সাব-ইন্সপেক্টর পদের বিজ্ঞপ্তি শিগগিরিই

**নিজস্ব প্রতিনিধি :** কলকাতা পুলিশে খুব শিগগিরই প্রায় ৩ হাজার শূন্যপদ পূরণ করা হবে। স্বরাষ্ট্র দফতর সূত্রে খবর, কলকাতা পুলিশে গ্রুপ-বি ও গ্রুপ সি পদে ৪,৫৯৭টি শূন্যপদের মধ্যে ২,২৯৮টি শূন্যপদে নিয়োগের অনুমোদন দিয়েছে নবান্ন। এই শূন্যপদের মধ্যে কনস্টেবল পদে ১,৫০০টি, মহিলা কনস্টেবল পদে ২৮৫টি, ড্রাইভার পদে ১৭৫টি আছে। খুব শিগগিরই এইসব পদের বিজ্ঞপ্তি দিয়ে দরখাস্ত নেওয়া হবে।

## রাঁচী রিক্রুটিং অফিস

১ পাতার পর

এজন্য প্রথমে অনলাইনে নাম রেজিস্ট্রেশন করতে হবে ২০ মার্চ পর্যন্ত। এই ওয়েবসাইটে : www.joinindianarmy.nic.in নাম রেজিস্ট্রেশন করার পর ই-অ্যাডমিট কার্ড ই-মেল আই.ডি.-তে পাঠানো হবে, ২১ মার্চ থেকে ৪ এপ্রিল পর্যন্ত। ওই অ্যাডমিট কার্ড নিয়ে সরাসরি র‍্যালিতে অংশ নিতে পারবেন। কারা কোন পদের জন্য যোগ্য :

**সোলজার জেনারেল ডিউটি :** মোট অন্তত ৪৫% নম্বর পেয়ে মাধ্যমিক পাশ ছেলেরা মাধ্যমিকের প্রতিটি বিষয়ে অন্তত ৩৩% (অতিরিক্ত বিষয় ছাড়া) নম্বর পেয়ে থাকলে এই পদের জন্য যোগ্য। বয়স হতে হবে সাড়ে ১৭ থেকে ২১ বছরের মধ্যে। শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৬৯ সেমি, বুকের ছাতি ফুলিয়ে ৮২ সেমি ও না ফুলিয়ে ৭৭ সেমি আর ওজন হতে হবে অন্তত ৫০ কেজি।

**সোলজার টেকনিক্যাল :** ফিজিক্স, কেমিস্ট্রি, অঙ্ক ও ইংরিজি অন্যতম বিষয় হিসাবে নিয়ে সায়েন্স শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছেলেরা মোট অন্তত ৫০% নম্বর পেয়ে থাকলে আর প্রতিটি বিষয়ে অন্তত ৪০% নম্বর পেয়ে থাকলে এই পদের জন্য যোগ্য। বয়স হতে হবে সাড়ে ১৭ থেকে ২৩ বছরের মধ্যে। শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৬৯ (তপশিলী উপজাতিদের বেলায় ১৬২) সেমি, বুকের ছাতি ফুলিয়ে ৮২ সেমি ও না ফুলিয়ে ৭৭ সেমি আর ওজন হতে হবে অন্তত ৫০ (তপশিলী উপজাতি হলে ৪৮) কেজি।

**সোলজার টেকনিক্যাল নার্সিং অ্যাসিস্ট্যান্ট / নার্সিং অ্যাসিস্ট্যান্ট ভেটেরিনারি :** ফিজিক্স, কেমিস্ট্রি, বায়োলজি ও ইংরিজি অন্যতম বিষয় হিসাবে নিয়ে সায়েন্স শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছেলেরা মোট অন্তত ৫০% নম্বর পেয়ে থাকলে আর প্রতিটি বিষয়ে অন্তত ৪০% নম্বর পেয়ে থাকলে এই পদের জন্য যোগ্য। ফিজিক্স, কেমিস্ট্রি, বটানি, বায়োলজি ও ইংরিজি অন্যতম বিষয় হিসাবে নিয়ে সায়েন্স শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছেলেরা মোট অন্তত ৫০% নম্বর পেয়ে থাকলে আর প্রতিটি বিষয়ে অন্তত ৪০% নম্বর পেয়ে থাকলে এই পদের জন্য যোগ্য।

বয়স হতে হবে সাড়ে ১৭ থেকে ২৩ বছরের মধ্যে। শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৬৯ (তপশিলী উপজাতিদের বেলায় ১৬২) সেমি, বুকের ছাতি ফুলিয়ে ৮২ সেমি ও না ফুলিয়ে ৭৭ সেমি আর ওজন হতে হবে অন্তত ৫০ (তপশিলী উপজাতি হলে ৪৮) কেজি।

**সোলজার ক্লার্ক / স্টোরকীপার টেকনিক্যাল :** আর্টস, সায়েন্স ও কমার্স শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছেলেরা মোট অন্তত ৬০% নম্বর ও উচ্চমাধ্যমিকের প্রতিটি বিষয়ে অন্তত ৫০% নম্বর পেয়ে থাকলে এই পদের জন্য যোগ্য। তবে উচ্চমাধ্যমিকে ইংরিজি ও অঙ্ক / অ্যাকাউন্ট্যান্সি / বুক কীপিং বিষয়ে অন্তত ৫০% নম্বর পেয়ে থাকতে হবে। বয়স হতে হবে সাড়ে ১৭ থেকে ২৩ বছরের মধ্যে। শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৬২ সেমি, বুকের ছাতি ফুলিয়ে ৮২ সেমি ও না ফুলিয়ে ৭৭ সেমি আর ওজন হতে হবে অন্তত ৫০ (তপশিলী উপজাতি হলে ৪৮) কেজি।

**সোলজার ট্রেডসম্যান (মাধ্যমিক পাশ) :** মাধ্যমিক পাশ ছেলেরা মাধ্যমিকের প্রতিটি বিষয়ে ৩৩% নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। বয়স হতে হবে সাড়ে ১৭ থেকে ২৩ বছরের মধ্যে। শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৬৯ (তপশিলী উপজাতিদের বেলায় ১৬২) সেমি, বুকের ছাতি ফুলিয়ে ৮১ সেমি ও না ফুলিয়ে ৭৬ সেমি আর ওজন অন্তত ৪৮ কেজি।

**সোলজার ট্রেডসম্যান (ক্লাস এইট পাশ) :** ক্লাস এইট পাশরা প্রতিটি বিষয়ে ৩৩% নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। বয়স, শরীরের মাপজোখ, ওজন, বুকের ছাতি ইত্যাদি ওপরের মতো।

সোলজার জেনারেল ডিউটি পদের বেলায় জন্ম-তারিখ হতে হবে ১-১০-১৯৯৯ থেকে ১-৪-২০০৩'র মধ্যে। আর অন্যান্য পদের বেলায় জন্ম-তারিখ হতে হবে ১-১০-১৯৯৭ থেকে ১-৪-২০০৩'র মধ্যে।

সব ক্ষেত্রে সেনাবাহিনীতে কর্মরত সৈনিক বা, প্রাক্তন সমরকর্মীর ছেলেরা উচ্চতায় ২ সেমি, ওজনে ২ কেজি ও বুকের ছাতিতে ১ সেমি ছাড় পাবেন। রাজ্য, জাতীয় বা, জেলা স্তরের খেলোয়াড়রা উচ্চতায় ২ সেমি, ওজনে ৫ কেজি ও বুকের ছাতিতে ৩ সেমি ছাড় পাবেন।

প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে র‍্যালি হবে ভোর ৫টা থেকে ৭টার মধ্যে। ওই দিনই প্রার্থীদের শারীরিক সক্ষমতার পরীক্ষা, শরীরের মাপজোখ ও যাবতীয় প্রমাণপত্র পরীক্ষা করা হবে।

১০০ নম্বরের শারীরিক সক্ষমতার পরীক্ষায় থাকবে — ১.৬ (১ মাইল) কিমি দৌড়। ৫ মিনিট ৩০ সেকেন্ডে সম্পূর্ণ করলে ৬০ নম্বর, ৫.৩১ মিনিট থেকে ৫.৪৫ মিনিটে সম্পূর্ণ করলে ৪৮ নম্বর, তার নিচে হলে ফেল করবেন। (২) বিম টেস্ট (পুল আপ)। ১০ বার বা, তার বেশি হলে ৪০ নম্বর, ৯ বার করলে ৩৩ নম্বর, ৮ বার করলে ২৭ নম্বর, ৭ বার করলে ২১ নম্বর, ৬ বার করলে ১৬ নম্বর। (৩) ৯ ফুট গর্ত পেরোনো। (৪) জিগ-জাগ ব্যালান্স (ভারসাম্য) টেস্ট।

প্রার্থী বাছাইয়ের দিন সঙ্গে নিয়ে যাবেন নিচের এইসব প্রমাণপত্রের মূল ও গেজেটেড অফিসারের প্রত্যয়িত করা ৩ কপি জেরক্স :

(১) মাধ্যমিক, উচ্চমাধ্যমিক, গ্র্যাজুয়েট ও অন্যান্য কোনো যোগ্যতা থাকলে তার রেজিস্ট্রেশন সার্টিফিকেট, অ্যাডমিট কার্ড, মার্কশীট ও বোর্ড সার্টিফিকেট,

(২) গ্রাম সরপঞ্চ, গ্রাম প্রধান বা, চেয়ারম্যানের দেওয়া গোল স্ট্যাম্প (ডেজিগনেশন-সহ) মারা লেটার হেডে ৬ মাসের পুরনো ক্যারেক্টার সার্টিফিকেট (ফটো সাঁটা থাকতে হবে) (২১ বছরের কম বয়স হলে ওই ক্যারেক্টার সার্টিফিকেটে 'He is Unmarried' কথাটি লেখা থাকতে হবে),

(৪) নন-বেঙ্গলী প্রার্থীরা জেলা শাসক, অতিরিক্ত জেলা শাসক বা, এস.ডি.ও.'র দেওয়া বাসিন্দা / নেটিভেটি সার্টিফিকেট,

(৫) জেলা শাসক/ অতিরিক্ত জেলা শাসক, এস.ডি.এম., এস.ডি.ও.'র দেওয়া ১ বছরের পুরনো স্থায়ী বাসিন্দা সার্টিফিকেট ( Permanent Residential Certificate) (নিজের পাশপোর্ট মাপের প্রত্যয়িত করা ফটো সাঁটা থাকতে হবে) (ওই সার্টিফিকেটে সই ও গোল স্ট্যাম্প এমনভাবে মারবেন, যার কিছু অংশে ফটোর ওপর ও কিছু অংশে সার্টিফিকেটের ওপর পরে) (নির্দিষ্ট ফর্ম্যাটে ওই সার্টিফিকেট আর্মি বা, ডিফেন্সের উদ্দেশ্যে ব্যবহৃত হবে ও তার সিরিয়াল নং থাকতে হবে)।

(৬) তপশিলী উপজাতি (আদিবাসী)'রা দেবেন জেলা শাসক/ অতিরিক্ত জেলা শাসক, এস.ডি.এম., এস.ডি.ও.'র দেওয়া কাস্ট সার্টিফিকেট।

(৭) তিন মাসের মধ্যে তোলা ও প্রত্যয়িত ছাড়া ২০ কপি পাশপোর্ট মাপের রঙিন ফটো ও তার নেগেটিভ (ফটোর ব্যাকগ্রাউন্ড সাদা হতে হবে) (কম্পিউটার ফটো বা, ডিজিটাল ফটো হলে বাতিল হবে)।

(৮) এন.সি.সি.'র 'এ', 'বি' বা, 'সি' সার্টিফিকেট, (৯) রাজ্য বা, জাতীয় পর্যায়ে খেলাধূলায় প্রথম বা, দ্বিতীয় স্থানাধিকারীর সার্টিফিকেট, (১০) সেনাবাহিনীতে কর্মরত বা, প্রাক্তন সমরকর্মীদের আত্মীয়-স্বজন ইত্যাদির দেওয়া রিলেশন্স সার্টিফিকেট ও ডিসচার্জ সার্টিফিকেট। (১১) শেষ যে শিক্ষা প্রতিষ্ঠানে পাশ করেছেন, সেখানকার প্রধানের দেওয়া স্কুল ক্যারেক্টার সার্টিফিকেট, (১২) নন-জুডিশিয়াল স্ট্যাম্প পেপারে নিচের বয়ানে টাইপিং করার পর নোটারিকে দিয়ে অ্যাটেস্টেড করিয়ে নেবেন। (১৩) নিজের ব্যাঙ্ক অ্যাকাউন্ট, প্যান কার্ড ও আধার কার্ড।

ওপরের যাবতীয় প্রমাণপত্র কোনো গেজেটেড অফিসার বা, সমতুল কর্তৃপক্ষকে দিয়ে প্রত্যয়িত করাবেন।

শারীরিক সক্ষমতার পরীক্ষায় সফল হলে লিখিত পরীক্ষা হবে। কবে লিখিত পরীক্ষা হবে তা জানিয়ে দেওয়া হবে। সবশেষে ডাক্তারি পরীক্ষা।

প্রার্থীদের প্রথমে নাম রেজিস্ট্রেশন করতে হবে। এই ওয়েবসাইটে : www.joinindianarmy.nic.in নাম রেজিস্ট্রেশন চলবে ২০ মার্চ পর্যন্ত। নাম রেজিস্ট্রেশন করার সময় সঙ্গে রাখবেন এইসব প্রমাণপত্র : (১) নাম নথিভুক্ত করার জন্য প্রত্যেক প্রার্থীর বৈধ ই-মেল আই.ডি. ও মোবাইল নম্বর থাকতে হবে। যাঁদের ই-মেল আই.ডি. নেই, তাঁদের নতুন করে ই-মেল আই.ডি. তৈরি করে দরখাস্ত করতে হবে। (২) ইন্টারনেট সংযোগ থাকতে হবে। যাঁদের ইন্টারনেট সংযোগ নেই, তাঁরা কোনো সাইবার কাফেতে গিয়ে বা, তথ্যমিত্র কেন্দ্রে গিয়ে নাম নথিভুক্ত করবেন। (৩) যাবতীয় প্রমাণপত্রের মূল, (৪) পাশপোর্ট মাপের রঙিন ফটো।

প্রথমে, ইন্টারনেট সংযোগ আছে, এমন কম্পিউটারে গিয়ে www.joinindianarmy.nic.in-এ গিয়ে ক্লিক করুন। তখন ভারতীয় সেনাবাহিনীর ওয়েবসাইট খুলে যাবে। তাতে প্রয়োজনীয় তথ্য জানার জন্য বিভিন্ন বটম পাবেন। এরপর Click on Registration Button'এ গিয়ে ক্লিক করুন।

এরপর শিক্ষাগত যোগ্যতা, বয়স, পার্সোন্যাল ডাটা (নাম, পিতা-মাতার নাম, ঠিকানা ইত্যাদি), বৈধ ই-মেল আই.ডি. ও মোবাইল নম্বর দিতে হবে। তারপর ইউজার আই.ডি. ও ৮-১০ সংখ্যার পাশওয়ার্ড দিয়ে নাম রেজিস্ট্রেশন করতে হবে। ইউজার আই.ডি. ও পাশওয়ার্ড লিখে রাখবেন। একবার ইউজার আই.ডি. ও পাশওয়ার্ড পেয়ে গেলে বারবার নতুন করে আর রেজিস্ট্রেশন করতে হবে না। নাম রেজিস্ট্রেশন করার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন।

## শিলিগুড়ি রিক্রুটিং অফিস

১ পাতার পর

রেজিস্ট্রেশন করতে হবে ২১ এপ্রিল পর্যন্ত। এই ওয়েবসাইটে : www.joinindianarmy.nic.in নাম রেজিস্ট্রেশন করার পর ই-অ্যাডমিট কার্ড ই-মেল আই.ডি.-তে পাঠানো হবে ২২ এপ্রিল থেকে ২৮ এপ্রিলের মধ্যে। ওই অ্যাডমিট কার্ড নিয়ে সরাসরি র‍্যালিতে অংশ নিতে পারবেন। কারা কোন পদের জন্য যোগ্য :

**সোলজার জেনারেল ডিউটি :** মোট অন্তত ৪৫% নম্বর পেয়ে মাধ্যমিক পাশ ছেলেরা মাধ্যমিকের প্রতিটি বিষয়ে অন্তত ৩৩% (অতিরিক্ত বিষয় ছাড়া) নম্বর পেয়ে থাকলে এই পদের জন্য যোগ্য। বয়স হতে হবে সাড়ে ১৭ থেকে ২১ বছরের মধ্যে। শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৬০ সেমি, বুকের ছাতি ফুলিয়ে ৮২ সেমি ও না ফুলিয়ে ৭৭ সেমি আর ওজন হতে হবে অন্তত ৪৮ কেজি।

**সোলজার টেকনিক্যাল :** ফিজিক্স, কেমিস্ট্রি, অঙ্ক ও ইংরিজি অন্যতম বিষয় হিসাবে নিয়ে সায়েন্স শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছেলেরা মোট অন্তত ৫০% নম্বর পেয়ে থাকলে আর প্রতিটি বিষয়ে অন্তত ৪০% নম্বর পেয়ে থাকলে এই পদের জন্য যোগ্য। বয়স হতে হবে সাড়ে ১৭ থেকে ২৩ বছরের মধ্যে। শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৫৭ সেমি, বুকের ছাতি ফুলিয়ে ৮২ সেমি ও না ফুলিয়ে ৭৭ সেমি আর ওজন হতে হবে অন্তত ৪৮ কেজি।

**সোলজার টেকনিক্যাল (অ্যাভিয়েশন অ্যান্ড অ্যামিউনিশন এক্সামিনার) :** ফিজিক্স, কেমিস্ট্রি, অঙ্ক ও ইংরিজি অন্যতম বিষয় হিসাবে নিয়ে সায়েন্স শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছেলেরা মোট অন্তত ৫০% নম্বর পেয়ে থাকলে আর প্রতিটি বিষয়ে অন্তত ৪০% নম্বর পেয়ে থাকলে এই পদের জন্য যোগ্য। বয়স হতে হবে সাড়ে ১৭ থেকে ২৩ বছরের মধ্যে। শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৫৭ সেমি, বুকের ছাতি ফুলিয়ে ৮২ সেমি ও না ফুলিয়ে ৭৭ সেমি আর ওজন হতে হবে অন্তত ৪৮ কেজি।

**সোলজার নার্সিং অ্যাসিস্ট্যান্ট / নার্সিং অ্যাসিস্ট্যান্ট ভেটেরিনারি :** ফিজিক্স, কেমিস্ট্রি, বায়োলজি ও ইংরিজি অন্যতম বিষয় হিসাবে নিয়ে সায়েন্স শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছেলেরা মোট অন্তত ৫০% নম্বর পেয়ে থাকলে আর প্রতিটি বিষয়ে অন্তত ৪০% নম্বর পেয়ে থাকলে এই পদের জন্য যোগ্য। বয়স হতে হবে সাড়ে ১৭ থেকে ২৩ বছরের মধ্যে। শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৫৭ সেমি, বুকের ছাতি ফুলিয়ে ৮২ সেমি ও না ফুলিয়ে ৭৭ সেমি আর ওজন হতে হবে অন্তত ৪৮।

**সোলজার ক্লার্ক / স্টোরকীপার টেকনিক্যাল :** আর্টস, সায়েন্স ও কমার্স শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছেলেরা মোট অন্তত ৬০% নম্বর ও উচ্চমাধ্যমিকের প্রতিটি বিষয়ে অন্তত ৫০% নম্বর পেয়ে থাকলে এই পদের জন্য যোগ্য। তবে উচ্চমাধ্যমিকে ইংরিজি ও অঙ্ক / অ্যাকাউন্ট্যান্সি / বুক কীপিং বিষয়ে অন্তত ৫০% নম্বর পেয়ে থাকতে হবে। বয়স হতে হবে সাড়ে ১৭ থেকে ২৩ বছরের মধ্যে। শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৬০ সেমি, বুকের ছাতি ফুলিয়ে ৮২ সেমি ও না ফুলিয়ে ৭৭ সেমি আর ওজন হতে হবে অন্তত ৪৮ কেজি।

**সোলজার ট্রেডসম্যান (মাধ্যমিক পাশ):** মাধ্যমিক পাশ ছেলেরা মাধ্যমিকের প্রতিটি বিষয়ে ৩৩% নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। বয়স হতে হবে সাড়ে ১৭ থেকে ২৩ বছরের মধ্যে। শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৬০ সেমি, বুকের ছাতি ফুলিয়ে ৮১ সেমি ও না ফুলিয়ে ৭৬ সেমি আর ওজন অন্তত ৪৮ কেজি।

**সোলজার ট্রেডসম্যান (ক্লাস এইট পাশ) :** ক্লাস এইট পাশরা প্রতিটি বিষয়ে ৩৩% নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। বয়স, শরীরের মাপজোখ, ওজন, বুকের ছাতি ইত্যাদি ওপরের মতো।

সোলজার জেনারেল ডিউটি পদের বেলায় জন্ম-তারিখ হতে হবে ১-১০-১৯৯৯ থেকে ১-৪-২০০৩'র মধ্যে। আর অন্যান্য পদের বেলায় জন্ম-তারিখ হতে হবে ১-১০-১৯৯৭ থেকে ১-৪-২০০৩'র মধ্যে।

সব ক্ষেত্রে সেনাবাহিনীতে কর্মরত সৈনিক বা, প্রাক্তন সমরকর্মীর ছেলেরা উচ্চতায় ২ সেমি, ওজনে ২ কেজি ও বুকের ছাতিতে ১ সেমি ছাড় পাবেন। রাজ্য, জাতীয় বা, জেলা স্তরের খেলোয়াড়রা উচ্চতায় ২ সেমি, ওজনে ৫ কেজি ও বুকের ছাতিতে ৩ সেমি ছাড় পাবেন।

প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে র‍্যালি হবে ভোর ৫টা থেকে ৭টার মধ্যে। ওই দিনই প্রার্থীদের শারীরিক সক্ষমতার পরীক্ষা, শরীরের মাপজোখ ও যাবতীয় প্রমাণপত্র পরীক্ষা করা হবে।

প্রার্থী বাছাইয়ের জন্য শারীরিক সক্ষমতার পরীক্ষায় কী কী বিষয় থাকবে, প্রার্থী বাছাই পরীক্ষার দিন কী কী প্রমাণপত্র সঙ্গে নিয়ে যাবেন ইত্যাদি তথ্য পাবেন 'সেনাবাহিনীর রাঁচী আর্মি রিক্রুটিং অফিসের র‍্যালি'র খবরে দেওয়া তথ্য অনুযায়ী। প্রার্থীদের প্রথমে নাম রেজিস্ট্রেশন করতে হবে। এই ওয়েবসাইটে : www.joinindianarmy.nic.in নাম রেজিস্ট্রেশন চলবে ২১ এপ্রিল পর্যন্ত। কোনো অসুবিধা হলে ফোন করুন এই নম্বরে : 0353-2590040, 8900095820, 8900092194.

## দিল্লি হাই কোর্টে

১ পাতার পর

৩০টি প্রশ্ন, জেনারেল ইন্টেলিজেন্স - ৩০ নম্বরের ৩০টি প্রশ্ন। সময় থাকবে ১২০ মিনিট। এরপর ডেসক্রিপ্টিভ টাইপের পার্টে থাকবে এইসব বিষয় : প্রবন্ধ লেখা (৩০০ শব্দের মধ্যে) - ৫০ নম্বর, গ্রামার -৩০ নম্বর, ট্রান্সলেশন - ২০ নম্বর। সময় থাকবে ১২০ মিনিট। এরপর স্কিল টেস্ট ও ইন্টারভিউ। অবজেক্টিভ টাইপের পার্টে নেগেটিভ মার্কিং আছে। প্রতিটি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ০.২৫ নম্বর কাটা হবে। চূড়ান্ত তালিকা তৈরির সময় অবজেক্টিভ টাইপের পার্টের নম্বর ধরা হবে না।

দরখাস্ত করবেন অনলাইনে, ১৯ ফেব্রুয়ারি থেকে ১১ মার্চের মধ্যে। এই ওয়েবসাইটে : www.delhidistrictcourts.nic.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. ও মোবাইল নম্বর থাকতে হবে। এবার পরীক্ষা ফী বাবদ ১,০০০ (তপশিলী, প্রতিবন্ধী হলে ৫০০) টাকা ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড বা, নেট ব্যাঙ্কিংয়ে জমা দেবেন। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

## ২২ স্বাস্থ্য কর্মী

১ পাতার পর

বিবাহিতা, বিবাহ-বিচ্ছিন্না, বিধবা মাধ্যমিক পাশ মহিলারা আবেদন করতে পারেন। অবিবাহিতা মহিলারা যোগ্য নন। পারিশ্রমিক মাসে ৩,১২৫ টাকা।

দরখাস্ত করবেন নির্দিষ্ট ফর্মে। দরখাস্তের ফর্ম ডাউনলোড করতে পারবেন এই ওয়েবসাইট থেকে : www.maheshtala municipality.org তখন সঙ্গে দেবেন : (ক) বয়স, শিক্ষাগত যোগ্যতা ও কাস্ট সার্টিফিকেটের স্ব-প্রত্যয়িত নকল, (খ) বাসিন্দা সার্টিফিকেটের স্ব-প্রত্যয়িত নকল, (গ) এখনকার তোলা ১ কপি পাশপোর্ট মাপের ফটো (দরখাস্তের নির্দিষ্ট জায়গায় সেঁটে), (ঘ) নিজের নাম-ঠিকানা লেখা ও ৫ টাকার ডাকটিকিট সাঁটা একটি ২৫x১১ সেমি মাপের একটি খাম, (ঙ) বিবাহিতা কিনা (ম্যারিটাল স্টেটাস)-এর প্রমাণপত্র। দরখাস্ত পৌঁছনো চাই ১৫ ফেব্রুয়ারির মধ্যে। এই ঠিকানায় : মহেশতলা পৌরসভা, পৌর পরিষদ কার্যালয়, পোঃ মহেশতলা, দক্ষিণ ২৪ পরগনা, পিন - ৭০০১৪১।